অর্থবছর ২০২৩ -২০২৪

# বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন




## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সেপ্টেম্বর ২০২৪

# বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন

# অর্থবছর ২০২৩ -২০২৪

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

সেপ্টেম্বর ২০২৪

# সূচিপত্র

**অধ্যায় ১: প্রশাসকের বার্তা ........ ৫**

১.১ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসকের শুভেচ্ছা ........ ৫

১.২ ২০২৩ / ২০২৪ অর্থবছরে আমাদের অর্জনসমূহ ........ ৬

১.৩ অর্থবছর ২০২৪ /২০২৫ এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি ........ ৭

**অধ্যায় ২: একনজরে সিটি কর্পোরেশন ........ ৭**

২.১ ঐতিহাসিক পটভূমি এবং মূল বৈশিষ্ট্যসমূহ ........ ৭

২.২ ২০২৩/২০২৪ অর্থবছরের উল্লেখযোগ্য অর্জনসমূহ ........ ১০

**অধ্যায় ৩ : ভিশন এবং মিশন ........ ১১**

৩.১ ভিশন ........ ১১

৩.২ মিশন ........ ১১

**অধ্যায় ৪ : সাংগঠনিক কাঠামো এবং মানবসম্পদ ........ ১২**

৪.১ বিভাগ ও জনবল ........ ১২

৪.২ কাউন্সিলর ........ ১২

**অধ্যায় ৫ : বাজেট ও অর্থ ........ ১৫**

৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী ........ ১৫

৫.২ রাজস্ব আদায় ........ ১৭

**অধ্যায় ৬ : অবকাঠামো উন্নয়ন ........ ২১**

৬.১ প্রতিবেদনের এবং পূর্ববর্তী বছরের উন্নয়ন প্রকল্প এবং উল্লেখযোগ্য মেরামতসংক্রান্ত কাজসমূহ ........ ২১

৬.২ ক্রমপুঞ্জীভূত উন্নয়ন-সম্পর্কিত অর্জনসমূহ ........ ২৫

**অধ্যায় ৭: অবকাঠামো পরিচালনা এবং রক্ষণাবেক্ষণসহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ ........ ৭১**

৭.১ সচিবের দপ্তর ........ ৭১

৭.২ রাজস্ব বিভাগ ........ ৭২

৭.৩ প্রকৌশল বিভাগ ........ ৭৩

৭.৪ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ ........ ৭৫

৭.৫ স্বাস্থ্য বিভাগ ........ ৭৬

৭.৬ সমাজকল্যান , শিক্ষা ও সংস্কৃতি ........ ৭৮

**অধ্যায় ৮: প্রশাসনিক উন্নতিকরণ ........ ৮০**

৮.১ লক্ষিত কার্যাবলী, উদ্দেশ্য ও ফলাফলসমূহ ........ ৮০

৮.২ সক্ষমতা উন্নয়ন (প্রশিক্ষণ) ........ ৮১

**অধ্যায় ৯. কর্পোরেশন এবং কমিটির সভা ........ ৮২**

৯.১ সিটি কর্পোরেশনের সাধারণ সভা ........ ৮২

৯.২ স্থায়ী কমিটির সভা ........ ১০০

**অধ্যায় ১০ : নাগরিক সম্পৃক্তকরণ ........ ১৩৯**

১০.১ ওয়ার্ড পর্যায়ে সমন্বয় কমিটি'র (ডব্লিউএলসিসি) সভা ........ ১৩৯

১০.২ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি'র (সিএলসিসি) সভা ........ ১৬৬

১০.৩ জনসভা/ জনতার মুখোমুখি ........ ১৬৯

১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম ........ ১৬৯

১০.৫ নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকার ........ ১৬৯

**অধ্যায় ১১: ফটোগ্যাল্যারী ........ ১৭০**

**শব্দসংক্ষেপন ও ব্যাখ্যা**

নোট: প্রয়োজনীয় অন্যান্য শব্দসংক্ষেপন

| English | | Bangla | |
|---|---|---|---|
| ADP | Annual Development Program | এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| APA | Annual Performance Agreement | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি |
| BDT | Bangladesh Taka | বিডিটি | বাংলাদেশ টাকা |
| CC | City Corporation | সিসি | সিটি কর্পোরেশন |
| C4C | Project for Capacity Development of City Corporations (of LGD assisted by JICA) | সিফরসি | ক্যাপাসিটি ফর সিটিজ (ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন প্রকল্পের সংক্ষিপ্তরূপ) |
| CLCC | City Level Coordination Committee | সিএলসিসি | নগর সমন্বয় কমিটি |
| FY | Fiscal (Financial) Year | অব | অর্থবছর |
| GRO | Grievance Redress Officer | জিআরও | অভিযোগ প্রতিকার কর্মকর্তা |
| | | | |
| JICA | Japan International Cooperation Agency | জাইকা | জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা |
| IDP | Infrastructure Development Plan | আইডিপি | অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা |
| WLCC | Ward Level Coordination Committee | ডব্লিউএলসিসি | ওয়ার্ড পর্যায়ে সমন্বয় কমিটি |

## অধ্যায় ১: প্রশাসকের বার্তা

### ১.১ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসকের শুভেচ্ছা

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা আমাদের পরাধীনের শিকল ভেঙ্গে স্বাধীনতা অর্জন করেছি। আমরা স্বপ্ন দেখেছি, বাংলাদেশ একদিন ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সমৃদ্ধশালী দেশ হিসেবে পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়াবে। বৈষম্যহীন বাংলাদেশ গড়ার লক্ষ্যে ২০৩০ সালের মধ্যে এসডিজি তথা টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) লক্ষ্যমাত্রা অর্জন ও চট্টগ্রামকে সবুজ, নান্দনিক, বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে নিরলস প্রচেষ্টায় সামগ্রিক উন্নয়ন করে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

বাংলাদেশের প্রধান আন্তর্জাতিক সমুদ্র বন্দর ও দ্বিতীয় বৃহত্তম বাণিজ্যিক রাজধানী হিসেবে পরিচিত পাহাড়, সমুদ্র এবং উপত্যকায় ঘেরা প্রকৃতির অপরূপ সৌন্দর্য্যের লীলাভূমি চট্টগ্রাম শহর। বঙ্গোপসাগরের উপকূলে কর্ণফুলি নদীর তীরে অবস্থিত চট্টগ্রাম শহরে, বর্তমানে প্রায় ৭০ লক্ষ মানুষের বসবাস । ব্যবসা-বাণিজ্য, ভৌগলিক অবস্থান, রাজনৈতিক দৃষ্টান্ত, শিক্ষা খাতে অভিনব অর্জন,যোগাযোগ ব্যবস্থা বিবেচনায় নিরুপম এই চট্টগ্রাম। বাংলাদেশের জাতীয় রাজস্ব আদায়ে চট্টগ্রামের অবদান সর্বোত্তম। চট্টগ্রাম মহানগরের এই বিশাল জনগোষ্ঠিকে নানান সীমাবদ্ধতা ও সঙ্কীর্ণতার মধ্যেও বিভিন্ন নাগরিক সেবা প্রদান করে আসছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

২০২৩-২০২৪ অর্থবছরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক যেসকল কর্মকান্ডের উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন করা হয়েছে তা সংক্ষিপ্ত আকারে উপস্থাপনের জন্য প্রণীত হচ্ছে “২০২৩-২০২৪ অর্থবছরের বাৎসরিক প্রশাসনিক প্রতিবেদন”। আমি মনে করি নগরবাসীর প্রয়োজনীয় সেবা নিশ্চিত করতে যে কোন প্রতিষ্টান বা সরকারের টেকসই ও জনকল্যাণমুখী  কাঁযক্রম পরিচালনার জন্য সুশাসন অত্যন্ত গুরুত্বর্পূণ। স্বচ্ছতা এবং জবাবদিহিতা হল মূল নীতি যা নাগরিক এবং স্টেকহোল্ডারদের সাথে আস্থা তৈরি করতে সাহায্য করে। চট্টগ্রাম সিটি র্কপোরশেন অত্যন্ত নিষ্টার সাথে স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রতিশ্রুতিমূলক পরিকল্পনা নিশ্চিত করে চট্টগ্রামবাসীকে সেবা প্রদান সুনিশ্চিত করে যাচ্ছে। ২০২৩-২০২৪ র্অথবছরের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে চট্টগ্রামের গুরুত্বপূর্ণ ও জনমুখী র্কাযক্রমের রূপরেখা উপস্থাপন করা হয়েছে যা প্রশাসনিক অবকাঠামো সুদৃঢ়করণ এবং জবাবদিহিতা পরিবেশ নিশ্চিতে ভূমিকা রাখবে মর্মে বিশ্বাস করি।

এই মহতি ক্ষণে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে নগরবাসীকে জানাই প্রাণবন্ত শুভেচ্ছা ও ফুলেল অভিনন্দন। আজকের এই দিনে আমি শুকরিয়া আদায় করছি মহান রাব্বুল আলামিনের নিকট। পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি ২০২৪ সালে বাংলাদেশের অভ্যুত্থানে প্রাণ দেয়া সকল শহীদকে। একই সঙ্গে স্মরণ করছি ৫২’র ভাষা আন্দোলন, ৭১’র স্বাধীনতা আন্দোলনে শহিদ হওয়া দেশের সকল বীর সন্তানদের, আমি সশ্রদ্ধচিত্তে কৃতজ্ঞতা জানাচ্ছি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টাসহ সকল সম্মানিত উপদেষ্টাগণ, গণ অভ্যুত্থানের সমন্বয়কদের। সর্বোপারি আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি আমার নগরবাসির প্রতি, যারা চট্টগ্রামকে সবুজ, নান্দনিক, বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে স্ব স্ব অবস্থান থেকে সুনাগরিকের গুরুদায়িত্ব পালন করছেন।

সেই গুরুদায়িত্ব স্মরণ রেখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নাগরিকসেবা নিশ্চিতে অগ্রাধিকার ভিত্তিতে জনগুরূত্বপুর্ণ  প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে করতে সর্বদা সচেষ্ট থাকে। বিগত বছর পরিচ্ছন্ন, সবুজ নান্দনিক ও বসবাসযোগ্য চট্টগ্রাম বিনির্মাণে ময়লা আবর্জনা সংগ্রহ ও অপসারণ কার্যক্রম ত্বরান্বিতকরণ, সড়কে শতভাগ আলোকায়ন নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও মেরামত, তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, ফুটপাতকে দৃষ্টিনন্দন রূপদান, সড়কদ্বীপ হতে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে ফুটপাতে জনসাধারণের চলাচল নিশ্চিত করা তথা নগরীর সৌন্দর্য বর্ধনের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ নিয়মিত গ্রহণ এবং বাস্তবায়ন করে চলছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। প্রশাসনিক স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণে তথ্যপ্রযুক্তি নির্ভর মানব সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন করা হচ্ছে চট্টগ্রাম শহরের বাসিন্দারা ইতিমধ্যে এই উদ্যোগুলোর ইতিবাচক প্রভাব অনুভব করতে শুরু করেছে। চলমান এবং পরিকল্পিত প্রকল্পগুলি শেষ হয়ে গেলে, চট্টগ্রামবাসী তাদের কাঙ্ক্ষিত সুবিধাগুলি উপলব্ধি করতে পারবেন মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

একটি সমৃদ্ধ ও মনোমুগ্ধকর চট্টগ্রাম গড়ে তোলার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল উদ্যোগে আমাদের সম্মানিত নাগরিকদের আন্তরিক সমর্থন এবং উৎসাহব্যাপক সম্পৃক্ততা আশা করছি।



**মোঃ তোফায়েল ইসলাম**
প্রশাসক
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

### ১.২ ২০২৩- ২০২৪ অর্থবছরে আমাদের অর্জনসমূহ

- ৬১২০০০ টন বর্জ্য সংগ্রহ ও অপসারণ সংগ্রহ করা;
- ৩০০ টন নালা-নর্দমা হতে মাটি উত্তোলন;
- ২৪০০০ কে.জি বর্জ্য হতে জৈব সার উৎপাদন;
- ৩৬০ টন হাসপাতাল বর্জ্য অপসারণ;
- ২৫ টি অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা ;
- ৪৫ কি.মি. সড়ক নির্মাণ/ উন্নয়ন;
- ৭০ কি.মি. সড়ক সংস্কার/ মেরামত;
- ২৮৯২৩টি সড়কবাতি স্থাপন ও রক্ষণাবেক্ষণ ;
- ৪০০ কি.মি. সড়কবাতি সংস্কার/ মেরামত;
- ৪০ কি.মি. ড্রেন নির্মাণ/ উন্নয়ন;
- ৩৫ কি.মি. ড্রেন সংস্কার/ মেরামত;

- ২০ কি.মি. ফুটপাথ নির্মাণ/ উন্নয়ন;
- ১৫ কি.মি. ফুটপাথ সংস্কার/ মেরামত;
- ১৫ টি নতুন ব্রীজ/ কালভার্ট নির্মাণ;
- ৩০০০০ টি বৃক্ষরোপণ;
- ১৫ কি.মি. সড়কে সৌন্দর্যবর্ধন ও সবুজায়ন;
- ৫ টি যাত্রী ছাউনি নির্মাণ;
- ২৭৫০০০ জননগরবাসীকে সাধারণ স্বাস্থ্যসেবার আওতায় আনা;
- ৪৯৫০০ জন প্রসূতি স্বাস্থ্যসেবা প্রদান;
- ৫৯৫০০০ জন শিশুকে টিকাদান;
- ৬০০০০ শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পযার্য়ের শিক্ষাসেবা নিশ্চিত করা।

## ১.৩ অর্থবছর ২০২৪-২০২৫ অর্থবছরে এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি

- ৬১২৫০০ টন বর্জ্য পরিকল্পিতভাবে সংগ্রহ করা;
- গৃহস্থলি বর্জ্য হতে ২৫০০০ টন জৈব সার উৎপাদন;
- ৩১৫ কি.মি নালা-নর্দমা হতে মাটি উত্তোলন;
- ৩৬২ টন মেডিক্যাল বর্জ্য সংগ্রহ;
- ৫০ কি.মি. সড়ক নির্মাণ / উন্নয়ন;
- ৮০ কি.মি. সড়ক সংস্কার / মেরামত;
- ৪০০ কি.মি. সড়কবাতি সংস্কার / মেরামত;
- ৪৫ কি.মি. ড্রেন নির্মাণ / উন্নয়ন;
- ২৫ কি.মি. ড্রেন সংস্কার / মেরামত;
- ২৫ কি.মি. ফুটপাথ নির্মাণ / উন্নয়ন;
- ১০ কি.মি. ফুটপাথ সংস্কার / মেরামত;

- ১০০৯৫০০ নগরবাসীকে স্বাস্থ্যসেবার আওতায় আনা;
- ৬০০০০ শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পযার্য়ের শিক্ষাসেবা নিশ্চিত করা;
- ৫ শতাধিক নগরবাসীকে প্রযুক্তিগত প্রশিক্ষণ প্রদান করা।

## অধ্যায় ২: একনজরে সিটি কর্পোরেশন

- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়তন- ৬০ বর্গমাইল
- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক মোঃ তোফায়েল ইসলাম
- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংখ্যা- ৭০ লক্ষ (আনুমানিক)
- ওয়ার্ড সংখ্যা - ৪১
- সংরক্ষিত ওয়ার্ড ১৪
- অঞ্চল সংখ্যা - ০৬টি
- মোট ভোটার সংখ্যা ১৯ লাখ ৫১ হাজার ৫২ জন ( পুরুষ ৯ লাখ ৯৮ হাজার ৭২৩ জন,নারী ৯ লাখ ৫২ হাজার ৩২৯ জন উৎসঃ ২০২৪ সালের সিটি কর্পোরেশন নির্বাচন)
- শিক্ষার হারঃ ৫২.০৯ %

### ২.১ ঐতিহাসিক পটভূমি এবং মূল বৈশিষ্ট্যসমূহ

**চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উৎপত্তি**

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ২২ জুন ১৮৬৩ খ্রি. তারিখে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি নামে প্রতিষ্ঠিত হয়। ৫টি ওয়ার্ড নিয়ে ৬ বর্গমাইল বিস্তৃত চট্টগ্রাম মিউনিসিপ্যালিটির প্রথম প্রশাসক হিসেবে নিয়োগপ্রাপ্ত হন মি. জে.ডি ওয়ার্ড। ২৭ জুন ১৯৭৭ খ্রি. তারিখে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি নাম পরিবর্তন করে চট্টগ্রাম পৌরসভা করা হয় এবং জনাব ফজল করিম চট্টগ্রাম পৌরসভার প্রথম নির্বাচিত চেয়ারম্যান হিসেবে দায়িত্বপালন করেন। ১৬ সেপ্টেম্বর ১৯৮২ খ্রি. তারিখে চট্টগ্রাম পৌরসভাকে চট্টগ্রাম মিউনিসিপ্যাল কর্পোরেশনে উন্নীত করে ব্রিগেডিয়ার জনাব মফিজুর রহমান চৌধুরীকে প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে ৩১ জুলাই ১৯৯০ খ্রি. তারিখে চট্টগ্রাম মিউনিসিপ্যাল কর্পোরেশন নামের পরিবর্তন করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন করা হয় এবং জনাব মাহমুদুল ইসলাম চৌধুরীকে মেয়র হিসেবে নিয়োগ প্রদান করা হয়। তৎপরবর্তীতে ১৯৯১ সাল হতে ১৯৯৪ সালে অনুষ্ঠিত নির্বাচনের পূর্ব পর্যন্ত জনাব মীর মোহাম্মদ নাছির উদ্দিন মেয়রের দায়িত্বপালন করেন। ১৯৯৪ সালে অনুষ্ঠিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে জনাব এ.বি.এম. মহিউদ্দিন চৌধুরী প্রথম নির্বাচিত মেয়র হিসেবে নির্বাচিত হয়ে টানা ১৭ বছর মেয়রের দায়িত্বপালন করেন। পরবর্তীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত ৪র্থ পরিষদে জনাব মোহাম্মদ মনজুর আলম এবং ৫ম পরিষদে জনাব আ.জ.ম. নাছির উদ্দীন মেয়র হিসেবে দায়িত্বপালন করেন। সর্বশেষ বিগত ২৭ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী ৬ষ্ঠ পরিষদের মেয়র হিসেবে নির্বাচিত হন। সাম্প্রতিক ৮ই অগাস্ট ২০২৪ এঅন্তর্বতী সরকার গঠন হলে স্থানীয় সরকার বিভাগের নির্দেশে ২০ই অগাস্ট ২০২৪ এ চট্টগ্রামের বিভাগীয় কমিশনার মো: তোফায়েল ইসলাম মহোদয় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রশাসক হিসেবে যোগদান করেন।

**চট্টগ্রাম পৌরসভার গোড়াপত্তন**

উপমহাদেশে ব্রিটিশ উপনিবেশ শাসনের প্রায় একশো বছর অতিক্রান্ত হলে চট্টগ্রামের ভৌগোলিক ও অর্থনৈতিক গুরুত্ব বিবেচনায় নগরায়ণের আবশ্যকতা উপলব্ধি করে ব্রিটিশ সরকার ১৮৬৩ সালের ২২ জুন চট্টগ্রাম পৌরসভা স্থাপন করে। তবে সন এবং তারিখ নিয়ে চট্টগ্রামের ইতিহাস লেখকদের মধ্যে ন্যূনতম তিনটি মতভিন্নতা থাকলেও চট্টগ্রাম পৌরসভা ও সিটি কর্পোরেশনের বিভিন্ন নথিপত্রে ২২ জুন ১৮৬৩ খ্রিস্টাব্দ মর্মে উল্লেখ রয়েছে। একারণে বর্তমান চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ সর্বসম্মতভাবে ২২ জুন ১৮৬৩ খ্রিস্টাব্দকে চট্টগ্রাম পৌরসভা প্রতিষ্ঠার সন-তারিখ হিসেবে গ্রহণ করে।

**চট্টগ্রাম পৌরসভার সংক্ষিপ্ত চিত্র**

বিধিবদ্ধ মিউনিসিপ্যাল বোর্ড গঠিত হওয়ার পূর্বে ১৮৫৬ খ্রিস্টাব্দের ১৪ই মে তারিখে, 'কমিটি ফর দি স্যানিটারি ইমপ্রুভমেন্ট অব দি টাউন অব চিটাগাং' গঠিত হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কমিশনার সিস্টিয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সদস্য হিসাবে উপস্থিত ছিলেন সিচাপম্যান, ডব্লিউবিবিটসন, জেম্স্প্যাঙ্কি, এইচজেবেম্বার, ডব্লিউএইচহেন্ডারসন, জি সিফ্লেচার, ঠাকুর বক্স তেওয়ারি ও হরচন্দ্র রায়।

১৮৬৪ খ্রিস্টাব্দের জুলাই মাসে মিউনিসিপ্যালিটির প্রশাসন ও কার্যক্রম পরিচালনার জন্য ১৮ জন কমিশনারের সমন্বয়ে একটি পরিষদ গঠিত হয়। এই পরিষদের দু-জন নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হতেন, পাঁচ-জন কর্তৃপক্ষের পছন্দমতো অন্তর্ভুক্ত হতেন। একজন প্রাক্তন সরকারি কর্মচারি পরিষদের কমিশনার পদে নিযুক্ত হতেন। বাকি দশটি কমিশনার পদে বিভিন্ন প্রশাসনে নিযুক্ত উচ্চপদস্থ ইংরেজ অফিসার নিয়োজিত থাকতেন।

সে সময়ে চট্টগ্রাম শহরের সাড়ে চার বর্গমাইল এলাকা মিউনিসিপ্যালিটির আওতাধীন ছিল। ১৮৯৭ খ্রিস্টাব্দে (উনত্রিশে ডিসেম্বর), ১৯১০ খ্রিস্টাব্দে এবং ১৯১৬ খ্রিস্টাব্দে (১৮ই এপ্রিল) বেঙ্গাল গভর্নমেন্ট হুকুমানুসারে কতক অংশ গ্রহণ-বর্জন করা হলেও পৌর এলাকা উল্লেখিত আয়তনেই নির্দিষ্ট থাকে।

চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি প্রথকদিকে চারটি ওয়ার্ড বিভক্ত ছিল। পরে ১৯১১ খ্রিস্টাব্দে আরো একটি ওয়ার্ড করা হয়। এই ওয়ার্ডগুলি এ. বি.সি.ডি.ই অঞ্চলে বিভক্ত করা হয়। চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি তার সূচনাকাল থেকেই শহরের অধিবাসীদের কাছ থেকে আসাম -বেঙ্গাল রেলওয়ে কোম্পানির হোল্ডিং ও জেটি কর, গৃহায়ণ কর, ভূমি কর এবং ১৮৯৬ খ্রিস্টাব্দ থেকে পয়ঃনিস্কাশন কর আদায় করতে শুরু করে।

প্রতিষ্ঠাকাল থেকে ১৯০১-২ খ্রিস্টাব্দ অবধি মিউনিসিপ্যালিটির বাৎসরিক গড় আয় দাঁড়ায় ৫৮ হাজার টাকা। আর আলো, রাস্তা নির্মাণ পয়ঃপ্রণালী নির্মাণসহ বিভিন্ন গড় ব্যয় হয় ৫১ হাজার টাকা। ১৯০৬ খ্রিস্টাব্দে টোল কর এবং ফেরি কর আরোপ করা হয়। ওই বছর রাস্তা ও আস্তি মাহমুদ ফেরি ঘাটের কর বাবদ আয় হয় ৬৫০০ টাকা। ১৯০৫-৬ খ্রিস্টাব্দে বিভিন্ন খাতে কর আদায়ের সফলতার কারণে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি পূর্ববঙ্গে প্রথম সরকারি অর্থ সাহায্যের তালিকায় নথিভুক্ত হয়। এই সময়ে শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা, পানি সরবরাহ ব্যবস্থা ও রাস্তায় বাতির ব্যবস্থা উন্নয়নের উদ্যোগও গ্রহণ করা হয়।

প্রথমদিকে শহরের পানি সরবরাহের উৎস ছিল প্রাকৃতিক উপায়ে নিঃসারিত ঝরনা (যেমন  বদর ঝরনা, দোনালি ঝরনা, মাছুয়া ঝরনা ইত্যাদি)। সেসব ঝরনা থেকে নলের সাহায্যে বকশির হাট জলধারে পানি তুলে নেয়া হতো। তারপর বিতরণ করা হতো। কিন্তু জনগণের পানির চাহিদা বৃদ্ধি পাওয়াতে ১৯১৫ সালে আধুনিক প্রক্রিয়ায় পানি পরিশোধন ও বিতরণ ব্যবস্থার উদ্যোগ নেয়া হয়। ১৯১৬ খ্রিস্টাব্দে লর্ড কারমাইকেল চট্টগ্রামে এসে এই আধুনিক পানি পরিশোধন প্রক্রিয়া ও গভীর নলকূপটির প্রথম পানি সরবরাহের সূচনা করেন এবং শহরের ২৯ হাজার লোকের পানির চাহিদাও পূরণ হয়।

১৯৪৭ খ্রিস্টাব্দ অবধি নাগরিকদের সুযোগ-সুবিধা পূরণ ও রাস্তাঘাট উন্নয়নে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি সফলতার স্বাক্ষর রেখেছে।

১৯৫১ খ্রিস্টাব্দের আদমশুমারিতে দেখা যায় তখন শহরের মিউনিসিপ্যালিটির আওতাভুক্ত এলাকার মোট জনসংখ্যা ছিল ১ লক্ষ ১৯ হাজার, এর মধ্যে ৮৬ হাজার পুরুষ ও ৩৩ হাজার নারী। তখন শহরের মধ্যে হলেও রেলওয়ে কলোনি, পাহাড়তলি, পতেঙ্গা, আগ্রাবাদ ইত্যাদি এলাকা মিউনিসিপ্যালিটির এলাকাধীন ছিল না। মিউনিসিপ্যালিটির আওতা বহির্ভূত ওই শহর এলাকায় জনসংখ্যা ছিল দেড় লক্ষ। তার মধ্যে ৯০ হাজার পুরুষ ও ৬০ হাজার নারী । তখন শহরে শিক্ষিতের হার ছিল ৩৫ শতাংশ। মোহাজেরদের সংখ্যা ছিল ১৮০০০।

১৯৪৮- এর পরবর্তী সময়ে বিভিন্ন খাত থেকে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটির আয় বৃদ্ধি হয়ে দাঁড়ায় ১০,৩৬,০৬৩ টাকা এবং দশ বছর পরে এই আয় দ্রুত বৃদ্ধি পেয়ে ৪৩,৮৩,২৭২ টাকায় পৌঁছে যায়। ১৯৬২ খ্রিস্টাব্দ থেকে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি কমিটি প্রতি বছরই সরকারি অনুদান লাভ করতে থাকে। ১৯৬০ খ্রিস্টাব্দে মিউনিসিপ্যাল অ্যাডমিনিস্ট্রেশন অর্ডিন্যান্স -এর ধারা অনুযায়ী নতুনভাবে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি পুনর্গঠিত হয়। ১৯৬১-র পরিসংখ্যানে চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি এলাকার লোকসংখ্যা ১৯০,৪১৪ জনে উন্নীত হয়।

১৯৬১ খ্রিস্টাব্দে জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত ইউনিয়ন পরিষদের ১৪ জন প্রতিনিধিসহ ১৫০ জন সদস্য, একজন চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের সমন্বয়ে নতুন পরিষদও গঠিত হয়। এ ছাড়া এক জন বেতনভুক্ত স্থায়ী সচিব, জনসংযোগ অধিকর্তা, স্বাস্থ্য অধিকর্তা, ১৪ জন সুপারভাইজার, একজন প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, ভারপ্রাপ্ত ওভারসিয়ার, দুইজন ওভারসিয়ার, শিক্ষা অধিকর্তা, মহিলা শিক্ষা পরিদর্শক ও দুইজন অভ্যর্থনা অধিকর্তা নিয়োগ করা হয়।

স্বাধীনতা যুদ্ধোত্তরকাল থেকে ১৯৭৫ খ্রিস্টাব্দ পর্যন্ত চট্টগ্রাম মিউনিসিপ্যালিটির নিয়ন্ত্রণাধীনে ছিল জেনারেল হাসপাতালস্থিত ১৪ শয্যা বিশিষ্ট একটি কলেরা নির্মূল বিভাগ, অ্যাম্বুলেন্স ব্যবস্থা, ম্যালেরিয়া প্রতিরোধ ও নির্মূল ব্যবস্থা, ২টি ঔষধ বিতরণ কেন্দ্র, ১টি কসাইখানা, ৮টি উদ্যান, ২৭২টি পাকা ও কংক্রিট বাঁধানো রাস্তা, শ্মশান ও ১টি কবরখানা এবং শিক্ষা উন্নয়নকল্পে ২৪টি প্রাথমিক বালক,২৩টি প্রাথমিক বালিকা বিদ্যালয়, ২৩টি নিম্ন মাধ্যমিক বালক স্কুল,৬টি নিম্নমাধ্যামিক বালিকা বিদ্যালয় এবং ১টি উচ্চ বালিকা বিদ্যালয়। শিক্ষা সম্প্রসারণের ক্ষেত্রে চট্টগ্রাম মিউসিনিপ্যালিটি একটি ব্যতিক্রমী ভুমিকা পালন করেছে। ১৯২৫ খ্রিস্টাব্দ থেকে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালূ হয়, ১৯২৮-এ তা বাধ্যতামূলক করা হয়। ১৯৩২-এ অবৈতনিক বালিকা বিদ্যালয় স্থাপিত হয় এবং ১৯৪০ -এ বালিকাদের অবৈতনিক প্রাথমিক শিক্ষাকে আবশ্যিক করা হয়। ১৯৭৪ খ্রিস্টাব্দ থেকে নিম্নমাধ্যমিক শিক্ষাও বাধ্যতামূলক পর্যায়ে উন্নীত করা হয়।

চট্টগ্রাম মিউনিসিপ্যালিটি ১৯৮২ খ্রিস্টাব্দের ১৬ই সেপ্টেম্বর কর্পোরেশনে পরিণত হয়। ১৯৯০ খ্রিস্টাব্দের ৩১-এ জুলাই সিটি কর্পোরেশনের রূপ লাভ করে। পুরানো এলাকা সম্প্রসারিত হয়ে ৬০ বর্গমাইলে বিস্তৃতি লাভ করে।

আঞ্চলিক / জাতীয়  প্রেক্ষাপটে চট্টগ্রাম নগরের প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ:-

**চট্টগ্রামের প্রাকৃতিক সম্পদ**

**খনিজ সম্পদ:**
জেলার একমাত্র গ্যাস ফিল্ড সাঙ্গু ১৯৯৪ সালে আবিস্কৃত হয়। ১৯৯৫ সালে বাংলাদেশ সরকারের সাথে কেয়ার্ণ এনার্জির এই গ্যাস ফিল্ড নিয়ে চুক্তি সম্পাদিত হয়। ১৯৯৮ সালের এপ্রিল মাস থেকে এ গ্যাস ফিল্ড থেকে গ্যাস উত্তোলন শুরু হয়।

**কৃষি সম্পদ**
**তামাক:** ১৯৬০ এর দশকে শংখ ও মাতামুহুর নদীর তীরবর্তী এলাকায় তামাক চাষ শুরু হয়। বাংলাদেশ টোব্যাকো কোম্পানি (এখন ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানী) রাঙ্গুনিয়াতে তামাক চাষের ব্যবস্থা করে এবং পরে লাভজনক হওয়ায় চাষীরা তা অব্যাহত রাখে।

**লবণ:** সমুদ্র উপকূলবর্তী এলাকায় লবন চাষ লাভজনক। ইতিহাসে দেখা যায় ১৭৯৫ সালে চট্টগ্রাম ও নোয়াখালী অঞ্চলে গড়ে বার্ষিক ১৫ লাখ টন লবন উৎপন্ন হতো।

**বনজ সম্পদ**

চট্টগ্রাম জেলায় মাছচাষের ঐতিহ্য সুপ্রাচীন। সমুদ্র এবং নদী-নালার প্রাচুর্য এর মূল কারণ। শহরের অদূরের হালদা নদীর উৎসমুখ থেকে মদুনাঘাট পর্ষন্ত মিঠা পানির প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র হিসাবে বেশ উর্বর। বৃহত্তর চট্টগ্রামে দিঘী, বিল ও হাওড়ের সংখ্যা ৫৬৮, পুকুর ও ডোবার সংখ্যা ৯৫,৯৪১।মোট আয়তন ৮৫,৭০০ একর (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ১৯৮১), কর্ণফুলী নদীর মোহনায় প্রায় ৬ লাখ ৪০ হাজার একর বিস্তৃত মাছ ধরার জায়গা হিসাবে চিহ্নিত।

**মৎস চাষ ও আহরণ**

রপ্তানির ক্ষেত্রে সামুদ্রিক মাছ হাঙ্গর, স্কেট, রে, হেরিং, শার্কফিন এবং চিংড়ি উল্লেখ্য।

**শুঁটকি:** চট্টগ্রামের মাছ চাষ ও আহরনের একটি উল্ল্যেখযোগ্য দিক হলে শুঁটকি (মাছ শুকিয়ে সংরক্ষণ করা)। সোনাদিয়া, সন্দ্বীপ প্রভৃতি দ্বীপাঞ্চল থেকে শুঁটকি মাছ চট্টগ্রামের বাণিজ্য কেন্দ্রগুলোতে পাঠানো হয়। ব্রিটিশ আমলে শুঁটকি রেঙ্গুনে রপ্তানি করা হতো

**<u>চট্টগ্রামের পরিবেশ:</u>**

বাংলাদেশের দক্ষিণপূর্বে ২০±৩৫’ থেকে ২২±৫৯’ উত্তর অক্ষাংশ এবং ৯১±২৭’থেকে ৯২±২২’ পূর্ব দ্রাঘিমাংশ বরাবর এর অবস্থান। এটি পার্বত্য চট্টগ্রামের উপকূলীয় পাদদেশকে বিস্তৃত করে। কর্ণফুলী নদী চট্টগ্রাম শহরসহ ব্যবসায় জেলা দক্ষিণ তীর ধরে বয়ে চলেছে। নদীটি বঙ্গোপসাগরে পতিত হয়েছে এবং ১২ কিলোমিটার মোহনা পর্যন্ত চট্টগ্রাম মুল শহর বিস্তুত। চট্টগ্রামের উত্তরে সিলেট বিভাগ এবং ভারতের ত্রিপুরা ও মিজোরাম রাজ্য এবং মেঘনা নদী, দক্ষিণে বঙ্গোপসাগর, পূর্বে ভারতের মিজোরাম রাজ্য, ত্রিপুরা ও মায়ানমার এবং পশ্চিমে মেঘনা নদী, ঢাকা ও বরিশাল বিভাগ। এছাড়াও চট্টগ্রামের পূর্বে পার্বত্য জেলাসমূহ এবং দক্ষিণে কক্সবাজার জেলা রয়েছে। চট্টগ্রাম শহর উত্তরে ফৌজদারহাট, দক্ষিণে কালুরঘাট এবং পূর্বে হাটহাজারী পর্যন্ত বিস্তৃত।

বাটালি পাহাড় শহরের মধ্যকার সর্বোচ্চ স্থান, যার উচ্চতা ৮৫.৩ মিটার (২৮০ ফু)। চট্টগ্রামে অনেক হ্রদ ও জলাধার রয়েছে যেগুলোর আনেকগুলি মুঘল শাসনামলে তৈরি হয়েছিল। ১৯২৪ সালে আসাম বেঙ্গাল রেলওয়ের একটি প্রকৌশলী দল এখানে ফয়’স লেক খনন করেছিল।

চট্টগ্রাম তার সমৃদ্ধ জীববৈচিত্র্যের জন্য পরিচিত। বাংলাদেশের ৬,০০০টি ফুলের গাছের মধ্যে ২,০০০ টিরও বেশি এই অঞ্চলে জন্মে। চট্টগ্রামের পাহাড় ও বন-জঙ্গল জলপ্রপাত, দ্রুত প্রবাহিত নদীর স্রোত এবং হাতির ভান্ডারে ভরা। পূর্বে, বান্দরবান, রাঙ্গামাটি এবং খাগড়াছড়ি এই তিনটি পার্বত্য জেলার অবস্থান, যেখানে রয়েছে বাংলাদেশের সর্বোচ্চ পর্বতমালা। পতেঙ্গা সমুদ্র সৈকত চট্টগ্রামের প্রধান সমুদ্রসীমায়, শহর থেকে ১৪ কিলোমিটার (৮.৭ মা) পশ্চিমে অবস্থিত।

দেশের অন্যান্য অঞ্চলের মত চট্টগ্রামেও ছয় ঋতু দেখা যায়। জানুয়ারি-ফেব্রুয়ারি এ অঞ্চলে শীতকাল, মার্চ, এপ্রিল, মে-তে গ্রীষ্মকাল দেখা যায়। জুন, জুলাই, আগস্ট পর্যন্ত বর্ষাকাল। তবে ইদানীং আবহাওয়ার কিছুটা পরিবর্তন দেখা যায়। কোপেন জলবায়ু শ্রেণীবিন্যাস অনুযায়ী চট্টগ্রামে ক্রান্তীয় মৌসুমী জলবায়ু (অ্যাম) বিদ্যমান।

**আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে নগরের প্রধান প্রধান শিল্প-বানিজ্য**

পাহাড় ঘেরা লেক, সবুজে মোড়ানো নগরী শহরের কোল ঘেষে সমুদ্র আর বয়ে চলা সান্ত নদী। বাণিজ্যিক রাজধানী হিসেবে পরিচিত চট্টগ্রাম, প্রাকৃতিক সৌন্দর্যের জন্য প্রাচ্যের রানী হিসেবে বিখ্যাত। ঢাকার পর বাংলাদেশের সবচাইতে গুরুত্বপূর্ণ শহর হচ্ছে এই চট্টগ্রাম। সর্ববৃহৎ সমুদ্র বন্দর ছাড়াও দেশের বড় বডড় ব্যবসা প্রতিষ্ঠানগুলো গড়ে উঠেছে এই চট্টগ্রামকে ঘিরে। এশিয়ার ৭ম এবং বিশ্বের ১০ম দুততম ক্রমবর্ধমান শহর এই চট্টগ্রাম। বাংলাদেশের দক্ষিণ পূর্বে কর্ণফুলী নদীর কূল ঘেষে বঙ্গোপসাগরের মোহনা পর্যন্ত চট্টগ্রামের মূল শহর বিস্তৃত। চট্টগ্রাম নগরীর দক্ষিণে বঙ্গোপসাগর, উত্তরের সারি সারি পাহাড় আর অসংখ্য ঝর্নার সীতাকুন্ড, পূর্বে সবুজে ঘেরা তিন পার্বত্য জেলার অপার সৌন্দর্য।

দেশের ৯২ শতাংশ আমদানি, রফতানি হয় চট্টগ্রাম বন্দর দিয়ে। বন্দরের পাশেই বিশাল তৈলাধার। এক্সপোর্ট প্রসেসিং জোন। সীতাকুন্ড, কালুরঘাটে ভারী শিল্পাঞ্চল। আছে দুটি গ্যাস ফিল্ড, ২২টি চা বাগান, চায়ের প্রধান নিলাম কেন্দ্র। দক্ষিন - পূর্ব এশিয়ার বৃহত্তম শিল্প ব্রেকিং ইন্ডাস্টিজ, বেশ কয়েকটি রফতানিকারক শিপ বিল্ডিং ইন্ডাস্টিজও চট্টগ্রামেই।

**শুটকি**: খাদ্য সংরক্ষনের একটি প্রাচীন পদ্ধতি হল খাদ্য শুকান। শুটকি বা মাছকে রোদে শুকিয়ে সংরক্ষন, তেমনই একটি পদ্ধতি। এ পদ্ধতিতে মাছকে রোদে রাখে পানি অপসারন করা হয়। আর এ শুকানো মাছের আয়ুকাল হতে পারে কয়েক বছর পর্যন্ত। বাংলাদেশের উপকূল এলাকার প্রায় ৭.৩ মিলিয়ন লোক প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে সামুদ্রিক মৎস্য আহরণ ও প্রক্রিয়াজাতকরণে মাধ্যমে জীবিকা নির্বাহ করে। বছরে একজন মানুষ খাদ্য হিসাবে মাছ গ্রহন করে ১৮.৯৪ কেজি। এরমধ্যে প্রায় ৫ শতাংশ আসে শুটকি থেকে। প্রতিবছর প্রায় ৭ লক্ষ মেট্রিক টন মৎস্য আহরিত হয় সমুদ্র থেকে, যার ২০ শতাংশ শুটকি হিসাবে প্রক্রিয়াজাত করন করা হয়। বাংলাদেশের ৮-১০ প্রজাতির সামুদ্রিক মাছ থেকে বানিজ্যিকভাবে তৈরী করা হয় এই শুটকি। ১ কেজি শুটকি মাছ তৈরীতে প্রয়োজন প্রজাতিভেদে প্রায় ৩-৪ কেজি কাঁচা মাছ। সম্প্রতি চট্টগ্রামের বাকলিয়ার চর, কর্ণফুলীর উপজেলার চরপাথর ঘাটা এরং চরলক্ষা এলাকাতে শুটকি উৎপাদন শুরু হয়েছে। মুলত শীতকালে শুটকির প্রত্রিয়াজাতকরন শুরু হয়। শুটকি শুকানো হয় সাধারনত অক্টোবর থেকে এপ্রিল পর্যন্ত । সারাদেশের উৎপাদিক সব শুটকির বিপণন হয় চট্টগ্রামের আসাদগঞ্জ থেকে। এখানে গড়ে উঠেছে শুটকির শতাধিক আড়ত। ছোট বড় মিলিয়ে আরও দোকান রয়েছে তিন শতাধিক। প্রতিবছর প্রায় ১ হাজার মেট্রিকটন শুটকি বিদেশে রপ্তানি করা হয়। দেশের চাহিদা মিটিয়ে শুটকি রপ্তানি হয় ভারত, যুক্তরাস্ট্র, মালয়েশিয়া, সৌদি আরব, কাতার ,বাহরাইন, দুবাইয়ে।

**ফিশারীঘাট**: বাংলাদেশ এখন মাছ উৎপাদনে বিশ্বের পঞ্চম । জিডিপিতে মৎস্য খাতের অবদান প্রায় ৪ শতাংশ। দেশে উৎপাদিত মাছের পরিমান এখন প্রায় ৫০ লাখ টন। এর মধ্যে প্রায় ৭ লাখ টন এসেছে সমুদ্র থেকে। যা মোট মৎস্য উৎপাদনে ১৭ শতাংশ। ২০২২-২৩ অর্থবছরে প্রায় ৭০ হাজার মেট্রিক টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানির মাধ্যমে দেশের আয় হয়েছে ৪ হাজার ৭৯০ কোটি ৩০ লাখ টাকা। সামুদ্রিক মৎস্য দপ্তর চট্টগ্রামের দেয়া হিসাব মতে গত এক দশকে দেশে সামুদ্রিক মৎস্য আহরন বেড়েছে এক লাখ ৪০ হাজার ৪৩ টন। ২০১২ সালে মিয়ানমার ও ২০১৪ সালে ভারতের সঙ্গে সমুদ্রসীমা বিরোধ নিস্পত্তির পর নতুনভাবে এক লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটার এলাকা বাংলাদেশের সমুদ্রসীমায় যুক্ত হয়েছে। এতে মৎস্য আহরনে আরো বৃদ্ধি পেয়েছে। সরকারও সেদিকে বিশেষ নজর দিচ্ছেন। বঙ্গোপসাগরের মাছ ধরার ট্রলার মালিকদের সংগঠনগুলোর দাবি, পাঁচ বছর আগে মৌসুমে গড়ে ১৫০ থেকে ২৫০ ট্রলার মাছ নিয়ে চট্টগ্রামের ফিসারঘাটিতে আসতো। এখন মৌসুমে গড়ে ৩০০ থেকে ৪০০ ট্রলার মাছ আসছে।
সামুদ্রিক মৎস্য দপ্তর হিসাব অনুযায়ী , সামুদ্রিক মৎস্য পণের মধ্যে বাংলাদেশ সবচেয়ে বেশী রপ্তানি করে চিংড়ি। বর্তমানে বিশ্বের ৫৬ টি দেশে রপ্তানি হচ্ছে বাংলাদেশের মাছ। সমুদ্র থেকে বানিজ্যিকভাবে আহরিত মৎস্য প্রজাতির মধ্যে চিংড়ি ছাড়া রয়েছে সার্ডন , ইলিশ, পোয়া, রুপচান্দা ও দাতিনা ইত্যাদি।
বাংলাদেশে সমুদ্র মৎস্যক্ষেত্র রয়েছে ৪ টি । সেগুলো হচ্ছে সোয়াচ অব নো গ্রাউন্ড, মিডল গ্রাউন্ড, সাউথ প্যাচেন ও সাউথ

অব সাউথ প্যাচেস। সমুদ্র অধিদপ্তরের তথ্য বলছে , উপকূলব্যাপী ৭১০ কিমি দীর্ঘ তটরেখা থেকে ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত বিস্তৃত একান্ত অর্থনৈতিক এলাকয় সামুদ্রিক মৎস্যসম্পদ উন্নয়নের বিশাল সুযোগ রয়েছে। এই এলাকায় মৎস্য আহরন মোট ১৮৭ ও চিংড়ি আহরণে মোট ৩৮ টি ট্রলার অর্থাৎ সর্বমোট ২২৫ টি বাণিজ্যিক ট্রলার বর্তমানে বঙ্গোপসাগরে মৎস্য সম্পদ আহরণে নিয়োজিত রয়েছে। এর বাইরে মোট ৫২ হাজার ৫১৪ টি যান্ত্রিক ও অযান্ত্রিক নৌযানে মৎস্য আহরনে নিয়োজিত প্রায় ২ দশমিক ৭০ লাখ মৎস্যজীবীর পরিবারের ন্যুনতম ১৩ দশমিক ৫০ লাশ মানুষের জীবিকা নির্বাহ হচ্ছে।

**জাহাজ নির্মাণ শিল্প:**

প্রাচীনকাল থেকে জাহাজ নির্মাণে বাংলাদেশের ইতিহাস বেশ সমৃদ্ধ। ১৫শ থেকে ১৭শ শতাব্দীতে বাংলাদেশ এশিয়া মহাদেশে সমুদ্রগামী জাহাজ নির্মাণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়। ১৯ শতকের প্রথম দিকে চট্টগ্রামে কিছু জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠান ১ হাজার মেট্রিক টন ধারন ক্ষমতার বাণিজ্যিক জাহাজ নির্মাণের মাধ্যমে বাংলাদেশ বাণিজ্যিকভাবে জাহাজ নির্মাণের সূচনা করে।

বর্তমানে দেশে নৌপথে প্রায় ১৫ হাজার অধিক জলযান মালামাল এবং যাত্রী পরিবহণে ব্যবহৃত হয়। এই সকল নৌযান তৈরীতে ২০ আন্তজাতিক মানসম্পন্ন এবং ১ শ টি স্থানীয় মানস্পন্ন ডকইয়ার্ড রয়েছে।

আর্ন্তজাতিক মানসম্পন্ন এই ২০টি শিপইয়ার্ড বছরে ১শ টি জাহাজ নির্মাণে সক্ষম। বর্তমানে দেশে ১০০০০ WDT ক্ষমতা সম্পন্ন জাহাজও নির্মাণ হচ্ছে। জাহাজ নির্মাণ শিল্পে বাংলাদেশের অবস্থান এখন ২২তম। মুলত ২০০৮ সালের দিকে বাংলাদেশ আধুনিক জাহাজ রপ্তানি শুরু করে। নারায়নগঞ্জের আনন্দ শিপইয়ার্ড ডেনমার্ক এমভি স্টেলা মরিস নামের ছোট আকারের একটি জাহাজ রপ্তানি করে।

এরপরেই যুক্ত হয় চট্টগ্রামের ওয়েস্টার্ন মেরিন শিপইয়ার্ড। তারা জার্মানির গ্রোনা শিপিং কোম্পানির কাছ থেকে ৮৫ মিলিয়ন ডলারের আটটি জাহাজ রপ্তানি করে। বিগত কয়েক বছরে দেশের শিপাইয়ার্ডগুলো ইউরোপ আফ্রিকা এবং এশিয়ারি কয়েকটি দেশে অর্ধশতাধিক জাহাজ রপ্তানি করে প্রায় ২শ মিলিয়ন ডলার আয় করে এ শিল্পের উন্নয়নে ভূমিকা রাখছে। সম্ভাবনাময় এই খাতটি সরকারি সহযোগিতা পেলে আগামী ৫ বছরে জাহাজ রপ্তানির মাধ্যমে বছরে প্রায় ৪ মিলিয়ন ডলার আয় সম্ভব হবে। কর্ম সংস্থান হবে প্রায় ১ লাখ মানুষের।

**জাহাজ ভাঙ্গা শিল্প:**

বাংলাদেশের চট্টগ্রাম জেলার সীতাকুন্ডের উপকুলীয় অঞ্চলে গড়ে উঠেছে শতাধিক শিল্প ব্রেকিং ইয়ার্ড। যা চট্টগ্রাম শহর থেকে ২০ কিলোমিটার উত্তর - পশ্চিমে সীতাকুন্ড উপকুলে প্রায় ১৮ কিলোমিটার জুড়ে বিস্তৃত। এটিকে পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম পুরাতন জাহাজ ভাঙ্গা এলাকা হিসাবে ধরা হয়। এই ইয়ার্ডগুলোতে প্রায় দুই লক্ষেরও বেশী লোকের কর্মসংস্থান এবং দেশের মোট ইস্পাতের অর্ধেকের যোগান দেয়।

মূলত ১৯৬০ সালের প্রলয়ংকারি জলোচ্ছাসে গ্রীক জাহাজ এম ভি অলপাইন আটকে পড়ে চট্টগ্রামের সীতাকুন্ড সমুদ্র উপকুলের ফৌজদারহাটে । ১৯৬৫ সালে চট্টগ্রাম স্টিল মিলের কর্মীরা স্থানীয়দের সহযোগীতায় জাহাজটি ভাঙ্গা শুরু করেন এবং পরবর্তিতে তা কেটে বিক্রি করেন। মূলত এভাবে জাহাজ ভাঙ্গার শিল্পের শুরু। পরে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালিন সময়ে পাকিস্তানি জাহাজ আল আব্বাস বোমার আঘাতে ক্ষতিগ্রস্ত হয়ে চট্টগ্রামে আটকা পড়ে। পরবর্তিতে, ১৯৭৪ সালে কর্ণফলী মেটাল ওয়ার্কশপ লিমিটেড নামীয় কোম্পানি জাহাজটি স্ক্র্যাপ হিশাবে কিনে নিয়ে ভাঙ্গা আরম্ভ করলে স্বাধীন বাংলাদেশে জাহাজ ভাঙ্গা শিল্পের গোড়াপত্তন হয়।

বাংলাদেশ শিপ ব্রেকারস অ্যান্ড রিসিক্লার্স অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী ২০২১ সালে ২৫৪ টি এবং ২০২২ ১২২ টি জাহাজ পুনর্ব্যহারের জন্য ভাঙ্গা হয়।

বাংলাদেশের এই জাহাজ ভাঙ্গা শিল্পটি প্রায় ৪২.২ শতাংশ সমুদ্রগামী জাহাজ ভাঙ্গার মধ্যে দিয়ে আন্তর্জাতিক রিসাইক্লিং মার্কটের একটা বড় অংশই দখল করে নিয়েছে।

**বন্দর** :

বাংলাদেশের দক্ষিণ- পূর্বাঞ্চলের চট্টগ্রাম শহরে অবস্থিত বাংলাদেশের প্রধান সামুদ্রিক বন্দর। কর্ণফুলী নদীর মোহনায় অবস্থিত এই বন্দরকে উপমহাদেশের প্রাচীনতম বন্দর হিসাবে ধরা হয়।

এটি ইংরেজ শাসনের প্রথম দিকে ইংরেজ ও দেশীয় ব্যবসায়ীরা বার্ষিক এক টাকা সেলামির বিনিময়ে নিজ ব্যয়ে কর্ণফুলি নদীতে কাঠের জেটি নির্মাণ করেন । পরে ১৮৭৭ সালে চট্টগ্রাম পোর্ট কমিশনার গঠনের মাধ্যমে আনুষ্ঠানিক যাত্রা শুরু এই বন্দরের । যা কার্যকর হয় ১৮৮৮ সালের ২৫ এপ্রিল।

পাকিস্তান আমলে ১৯০৬ সালের জুলাই মাসে চট্টগ্রাম পোর্ট কমিশনারকে চট্টগ্রামের পোর্ট ট্রাস্টে পরিণত করা হয় ১৯৭৬ সালের সেপ্টেম্বর মাসে পোর্ট ট্রাস্টকে চট্টগ্রামের পোর্ট অথরিটিতে পরিণত করা হয়। যা একটি স্বায়ত্তশাসিত সরকারি সংস্থা। পতেঙ্গা সংকেত কেন্দ্র থেকে সমুদ্রাভিমুখে সাড়ে ৫ মাইল এবং কর্ণফুলী নদীর মোহনা থেকে উজানে হালদা নদীর মোহনা পর্যন্ত ২৩ মাইল চট্টগ্রাম বন্দরের অধিকারভুক্ত এলাকা। চট্টগ্রাম বন্দরের বর্তমান স্থায়ী পাকা জেটির সংখ্যা ১৫টি পন্টুন জেটি দুইটি বেসরকারি জেটি তিনটি লাইটার জেটি ৮টি মুরিং বার্থ ১১ টি এবং মাল্টিপারপাস বার্থ (কন্টেইনার) রয়েছে ১২টি।

পন্টুন জেটিসহ ১৭ টি জেটির মধ্যে ১৩ টি জেটিতে শোরক্রেন ও রেলওয়ে লাইনের সংযোগ আছ। ১১ টি জেটিতে রয়েছে শেড। ১৬টি ট্রানজিট শেডের মধ্যে মোট আয়তন ১২ লাখ ৩০ হাজার ৮৫০ বর্গফুট। ওয়্যারহাউসের মোট আয়তন ৬ লাখ ৭৭ হাজার ৫৪০ বর্গফুট । মাল ধারন ক্ষমতা ২৭ হাজার ৬০০ টন। চট্টগ্রাম বন্দরের বাতিঘর রয়েছে ৫টি। আমদানি রপ্তানির বৃদ্ধির কথা মাথায় রেখে, নির্মাণ করা হচ্ছে, পতেঙ্গা কনটেইনার টার্মিনাল এবং লালদিয়া কনটেইনার টার্মিনাল। একই সাথে হালিশহর উপকূলে জোয়ার-ভাটার নির্ভরতামুক্ত এলাকায় বে-টার্মিনালটি নির্মাণের প্রকল্প হাতে নিয়েছে চট্টগ্রাম বন্দর।

বে-টার্মিনালের দৈর্ঘ্য হবে ৬ দশমিক ১৫ কিলোমিটার এবং প্রস্থ হবে প্রায় ৬০০ মিটার। বে-টার্মিনাল নির্মাণ সম্ভব হলে ১০-১২ মিটার ড্রাফটের জাহাজ ভেড়ানো যাবে। বর্তমানে বন্দরে সর্বোচ্চ ১৮শ টিইইউএস কন্টেনার বোঝাই জাহাজ ভেড়ানো যাবে। বে-টার্মিনালে ৫ হাজার টিইইউএস কন্টেনার জাহাজ ভেড়ানো সম্ভব হবে। চট্টগ্রাম বন্দরের পাশাপাশি বাংলাদেশের রয়েছে মংলা এবং পায়রা বন্দর নামে আরো ও দুটি বন্দর। মহেশখালী নির্মাণাধীন রয়েছে গভীর সমুদ্রবন্দর।

**সিইপিজেড:**

চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, যা চট্টগ্রাম ইপিজেড নামে পরিচিত। বাংলাদেশের চট্টগ্রাম জেলার দক্ষিণ হালিশহরে অবস্থিত। বাংলাদেশের আটটি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের মধ্যে প্রথম ও প্রধান এই ইপিজেডটি ১৯৮০ সালে বাংলাদেশ সরকার কর্তৃক সংসদে পাশ হওয়া আইবলে ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়। এই ইপিজেডটিতে মোট ৪৫৩ একর জায়গায় প্লট রয়েছে ৫০১ টি। সিইপিজেডে কারখানার সংখ্যা প্রায় ২শ। কাজ করেন ২ লক্ষাধিক শ্রমিক। এখান থেকে বার্ষিক রপ্তানি হয় প্রায় ২৫ হাজার মিলিয়ন ডলারের অর্ডার।২০১০ সালে , এফডিআই ম্যাগাজিনের একটি প্রতিযোগিতামুলক সেরা খরচ বিভাগের তৃতীয় স্থান অর্জন করে। বিশ্বের ৭০০টি অর্থনৈতিক অঞ্চলের মধ্যে বিশ্ব র‍্যাংকিংয়ে সেরা অর্থনৈতিক সম্ভাবনাময় হিসাবে চতুর্থ স্থান র্অজন করে এই ইপিজেডটি।

**কেইপিজেড:**

চট্টগ্রামের উত্তর পতেঙ্গা ও হালিশহর এলাকার ২২২ দশমিক ৪২ একর এলাকা জুড়ে অবস্থিত কর্ণফুলী ইপিজেড, যা কেইপিজেড নামে পরিচিত।২০০৬ সালের চালু করা হয় এই রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলটি। এই ইপিজেডে কারখানার সংখ্যা ৪১ টি । কাজ করে প্রায় ৮০ হাজারের মতো শ্রমিক।

**কোরিয়ান ইপিজেড:**

বেসরকারী পর্যায়ে ইপিজেড প্রতিষ্ঠার লক্ষে ১৯৯৬ সালে চট্টগ্রামের আনোয়ারায় ২৫ একর জমি লিজ নেই দক্ষিন কোরিয়ান কোম্পানি ইয়ংওয়ান করপোরেশন। ২০০৭ সালে ইপিজেডকে অপারেশনাল লাইসেন্স দেয় সরকার। এই এই ইপিজেডটি চার ইউনিটে ২১ টি কারখানায় বিদেশীসহ নারী-পুরুষ মিলে প্রায় ২৫ হাজার শ্রমিক কর্মকর্তা কর্মরত আছেন।

এই তিন ইপিজেডের বাইরে তৈরী পোশাক কারখানা মালিকদের সংগঠন বিজেএমই এবং বিকেএমই অধীনে চট্টগ্রামে গড়ে উঠেছে আরো ২০ শতাধিক ছোট বড় কারখানা।

**মিরসরাই অর্থনৈতিক অঞ্চল:**

চট্টগ্রামের মিরসরাইতে ৩০ হাজার একর জমির ওপর গড়ে উঠেছে দেশের সবচেয়ে বড় অর্থনৈতিক অঞ্চল হচ্ছে। এখানে ২০ খেকে ৩০ লাখ লোকের কর্মসংস্থান হবে। এই অর্থনৈতিক অঞ্চল চট্টগ্রামকে তো বটেই পুরো দেশের চেহারা পাল্টে দিবে মিরেসরাই অর্থনৈতিক অঞ্চল এখন পর্যন্ত দেশি-বিদেশি মোট ৭২ টি শিল্প উদ্যোক্তাকে জমি বরাদ্ব দেওয়া হয়েছে। আরো ৭২টি শিল্প উদ্যোক্তাকে জামি বরাদ্ধের প্রস্তার অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ৯টি শিল্পকারখানার নির্মান কাজ এগিয়ে চলছে জোরেশোরে। বেজার তথ্য বলছে , মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে এখন পর্যন্ত এক হাজার ৫০০ কোটি ডলারের বিনিয়োগ প্রস্তাব এসেছে।

মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে পোশাক কারখানা, জাহাজ নির্মাণ শিল্প, ইস্পাত, অটোমোবাইল, বস্ত্র কারখানা, রপ্তানিমুখী পোশাক কারখানা, স্টিল কারখানা গড়ে উঠবে।

**বেলা বিস্কুট:**

প্রায় ২০০ বছর আগে চট্টগ্রামের এই গণি বেকারীতে উপমহাদেশে প্রথম বেলা বিস্কুট তৈরী করা হয়েছিল। এই বিস্কুটকে চট্টগ্রাম ঐতিহ্য ধরা হয়ে থাকে। এই বিস্কুটের জনপ্রিয়তা বাংলাদেশ ছড়িয়ে দেশের বাইরেও। রপ্তানি হচ্ছে যুক্তরাস্ট্র, যুক্তরাজ্য অস্টেলিয়াসহ অনেক  দেশে। দেখতে গোলাকার, আকারে বড় এবং সাধারণ বিস্কুটের তুলনায় তুলনামুলক শক্ত হবার কারণে শুরু থেকে চায়ে ডুবিয়ে এ বিস্কুট খাবার প্রচলন। বেলা বিস্কুট চট্টগ্রামের মানুষসহ অনেকের বিকেলের চায়ের সঙ্গি। বিলা বিস্কুটের বিশেষত্ব হল এটি মাটির তৈরী তন্দুর বা চূলায় বানানো হয়। অনেকের মতে আবদুল গণি সওদাগর পর্তুগিজদের কাছ থেকে অনুপ্রাণিত হয়ে চট্টগ্রামে সর্বপ্রথম এই বেলা বিস্কুট প্রচলন ঘটায়। কথিত আছে বেলায়েত আলী  নামক এক বিস্কুট বিক্রেতার নামানুসারে বেলা বিস্কটের নামকরন হয়েছে। বেলা বিস্কুট আটা, ময়দা, চিনি, বেকিং সোডা  এবং অন্যান্য গোপন উপাদান থেকে তৈরী করা হয়। গনি বেকারির পাশাপাশি চট্টগ্রামের অর্ধশত বেকারিতে এখন বেলাবিস্কুট তৈরী হয়।

**লবণ :**

সমুদ্র উপকূলীয় অঞ্চলে উৎপন্ন লবনকে কেন্দ্র করে গড়ে উঠেছে বাংলাদেশের লবণ শিল্প। মোগল আমল থেকে বাংলাদেশের চট্টগ্রাম ও কক্সবাজারে সমুদ্রের লোনা পানি দ্বারা ডিসেম্বর হতে মধ্য মে পর্যন্ত লবণ উৎপাদিত হয়ে আসছে। বর্তমানে খুলনা ও সাতক্ষিরা অঞ্চলের লবণ উৎপাদন শুরু হয়েছে। বর্তমানে কক্সবাজার এবং চট্টগ্রাম জেলার প্রায় ৭০ হাজার একর জমিতে ৫০ হাজার চাষি সৌর পদ্ধতিতে লবণ উৎপাদন করছে। জাতীয় অর্থনীতিতে লবণ শিল্পখাত প্রতিবছর গড়ে প্রায় ১২শ কোটি টাকার অবদান রাখছে। ১০-১৫ লাখ লোক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই শিল্পের উপর নির্ভরশীল।

## ২.২ ২০২৩/২০২৪ অর্থবছরের উল্লেখযোগ্য অর্জনসমূহ

| | |
|---|---|
| অবকাঠামো উন্নয়ন | ▪ ৪৫ কি.মি. সড়ক নির্মাণ/ উন্নয়ন;<br>▪ ৭০ কি.মি. সড়ক সংস্কার/ মেরামত;<br>▪ ২৮৯২৩ টি সড়কবাতি স্থাপন ও রক্ষণাবেক্ষণ ;<br>▪ ৫০৮ কি.মি. সড়কবাতি সংস্কার/ মেরামত;<br>▪ ৪০ কি.মি. ড্রেন নির্মাণ/ উন্নয়ন;<br>▪ ৩৫ কি.মি. ড্রেন সংস্কার/ মেরামত;<br>▪ ২০ কি.মি. ফুটপাথ নির্মাণ/ উন্নয়ন;<br>▪ ১৫ কি.মি. ফুটপাথ সংস্কার/ মেরামত;<br>▪ ১৫ টি নতুন ব্রীজ/ কালভার্ট নির্মাণ;<br>▪ ৪০০০০ টি বৃক্ষরোপণ;<br>▪ ২৬ কি.মি. সড়কে সৌন্দর্যবর্ধন ও সবুজায়ন;<br>▪ ৫ টি যাত্রী ছাউনি নির্মাণ; |
| বর্জ্য ব্যবস্থাপনা | • ৬১২০০০ টন বর্জ্য সংগ্রহ ও অপসারণ সংগ্রহ করা;<br>• ৩০০ টন নালা-নর্দমা হতে মাটি উত্তোলন;<br>• ২৪০০০ কে.জি বর্জ্য হতে জৈব সার উৎপাদন;<br>• ৩৬০ টন হাসপাতাল বর্জ্য অপসারণ; |
| জনস্বাস্থ্য | • ২৩৮০৬০ জন নগরবাসীকে সাধারণ স্বাস্থ্যসেবার আওতায় আনা;<br>• ৪৫১৪৪ জন প্রসূতি স্বাস্থ্যসেবা প্রদান;<br>• ৫৭৭৩৮৯ জন শিশুকে টিকাদান; |
| সমাজকল্যাণ, শিক্ষা ও সংস্কৃতি | • ৬০০০০ শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পযার্য়ের শিক্ষাসেবা নিশ্চিত করা; |

| | |
|---|---|
| | • নগরের ফইল্যাতলি ও দক্ষিণ আগ্রাবাদে বহুতলবিশিষ্ট কিচেন মার্কেট স্থাপন;<br>• ২৫ টি অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা ;<br>• অযান্ত্রিক যানবাহনের (রিক্সা ভ্যান ও ঠেলাগাড়ি) ডিজিটাল নাম্বার প্লেট দান; |
| প্রশাসনিক উন্নতিকরণ | • কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন;<br>• নির্বাচিত পরিষদের সাধারণ সভা ও স্থায়ী কমিটিসমূহের নিয়মিতভাবে সভা আয়োজন;<br>• চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ সাধারণ সভার অনুমোদনক্রমে বাস্তবায়ন;<br>• ৪১টি ওয়ার্ডে সকল ধরনের সনদপত্র অনলাইনে বিতরণ;<br>• মাঠপর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা সিস্টেম চালুকরণ;<br>• ই-ট্রেড লাইসেন্স ও অনলাইন হোল্ডিং সিস্টেম প্রণয়ন;<br>• হিসাব বিভাগের কার্যক্রমকে ডিজিটালাইজেশনের আওতায় আনয়ন। |
| নাগরিক সম্পৃক্তকরণ | • চট্টগ্রাম সিটি কর্পোরেশন আওতাধীন সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি<br>• ৪১ টি ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি<br>• ১৯ টি স্থায়ী কমিটি গঠনের মাধ্যমে নাগরিক সম্পৃক্তকরণ নিশ্চিতকরণ। |

## অধ্যায় ৩ : ভিশন এবং মিশন

### ৩.১ ভিশন

বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের জন্য টেকসই ও যুগোপযোগী নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত পরিচ্ছন্ন-সবুজ-আলোকিত মানবিক নগরী গড়ে তোলা।

### ৩.২ মিশন

- জনগণের দোর গোড়ায় প্রয়োজনীয় ও কাক্ষিত নাগরিক সেবা যথাসময়ে পৌছে দেয়া;
- নগরীর সৌন্দর্য বর্ধণ ও সবুজায়নের মাধ্যমে পরিবেশের টেকসই উন্নয়ন;

- বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, আধুনিকায়ন ও বর্জ্যরে পুন র্ব্যবহার নিশ্চিতকরণ;
- স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ;
- লেক, খেলারমাঠ, পার্ক উন্নয়নের মাধ্যমে পর্যাপ্ত বিনোদনের সুযোগ সৃষ্টি করা;
- জলাবদ্ধতা নিরসনের জন্য সমন্বিত ড্রেনেজ নেটওয়াৃক গড়ে তোলা;
- গণ পরিবহন ব্যবস্থার উন্নয়ন ও নগরীর যানজট মুক্ত করা;
- সিটি কর্পোরেশনের সেবা কার্যক্রমে সর্বত্রই সার্ভিস চালু করা;
- কর্মকর্তা কর্মচারীদের পেশাগত উৎকর্ষতা ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা;
- দরিদ্র ও পিছিয়ে পড়া নগরবাসীর অর্থনৈতিক ও জীবন মানের উন্নয়ন;
- শিক্ষা (শিক্ষিত জনগোষ্ঠী তৈরীর মাধ্যমে সুনাগরিক সৃষ্টি, শহরের জীবন মান উন্নয়ন তথা সমৃদ্ধ বাংলাদেশ গঠনে ভূমিকা রাখা;

## অধ্যায় ৪ : সাংগঠনিক কাঠামো এবং মানব সম্পদ

### ৪.১ বিভাগ ও জনবল

| বিভাগ | কর্মকর্তা-কর্মচারী ও চুক্তিভিত্তিক জনবলের সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|
| | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | চুক্তিভিত্তিক |
| প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর | ১ | - | ২ | - | ৩ |
| সচিবের দপ্তর | ১ | - | - | ২ | ৩ |
| সচিবালয় | ৫ | ৫ | ৮১ | ১৩২ | ১৮৮ |
| রাজস্ব | ২ | - | ২১১ | ৪৭ | ১০০ |
| হিসাব | ২ | ১ | ৩০ | ৩ | ৬ |
| প্রকৌশল | ১৮ | ৪০ | ১২০ | ১৯০ | ১১৬৯ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| স্বাস্থ্য | ২০ | - | ২০৩ | ৪৮ | ৬৩০ |
| পরিচ্ছন্নতা | ৩ | ৪ | ১৬৫ | ৫০৬ | ২৮৩০ |
| শিক্ষা | ৮৭ | ৪৮৬ | ৩৫৪ | ৯৫ | ১০০৯ |
| **মোট** | **১৩৯** | **৫৩৬** | **১১৬৬** | **১০২৩** | **৫৯৩৮** |
| **সর্বমোট** | **৮৮০২** | | | | |

## ৪.২ প্রশাসক ও কাউন্সিলর

| **প্রশাসক** | **মোঃ তোফায়েল ইসলাম** |
|---|---|
| ওয়ার্ড নং | কাউন্সিলরদের নাম |
| ১ | জনাব গাজী মোঃ শফিউল আজিম |
| ২ | জনাব মোঃ শাহেদ ইকবাল (বাবু) |
| ৩ | আলহাজ্ব মোঃ শফিকুল ইসলাম |
| ৪ | জনাব মোঃ এসরারুল হক |
| ৫ | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন |
| ৬ | জনাব এম আশরাফুল আলম |
| ৭ | জনাব মোঃ মোবারক আলী |
| ৮ | জনাব মোঃ মোরশেদ আলম |
| ৯ | জনাব মোঃ জহুরুল আলম জসিম |
| ১০ | জনাব নিছার উদ্দিন আহমেদ (মঞ্জু) |
| ১১ | জনাব মোহাম্মদ ইসমাইল |

| | |
|---|---|
| ১২ | জনাব মোঃ নুরুল আমিন |
| ১৩ | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী |
| ১৪ | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল |
| ১৫ | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন |
| ১৬ | জনাব নূর মোস্তফা টিনু |
| ১৭ | জনাব মোহাম্মদ শহিদুল আলম |
| ১৮ | জনাব হাজী মোঃ হারুন উর রশীদ |
| ১৯ | জনাব মোঃ নূরুল আলম |
| ২০ | জনাব চৌধুরী হাসান মাহমুদ হাসনী |
| ২১ | বাবু শৈবাল দাশ সুমন |
| ২২ | জনাব মোহাম্মদ সলিম  উল্ল্যাহ |
| ২৩ | জনাব মোহাম্মদ জাবেদ |
| ২৪ | জনাব নাজমুল হক (ডিউক) |
| ২৫ | জনাব আব্দুস সবুর লিটন |
| ২৬ | জনাব মোঃ ইলিয়াছ |
| ২৭ | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী |
| ২৮ | জনাব নজরুল ইসলাম বাহাদুর |
| ২৯ | জনাব গোলাম মোঃ জোবায়ের |
| ৩০ | জনাব আতাউল্লা চৌধুরী |
| ৩১ | জনাব মোঃ আবদুস সালাম |
| ৩২ | বাবু জহর লাল হাজারী |

| | |
|---|---|
| ৩৩ | জনাব হাসান মুরাদ (বিপ্লব ) |
| ৩৪ | জনাব পুলক খাস্তগীর |
| ৩৫ | হাজী নুরুল হক |
| ৩৬ | মোঃ মোর্শেদ আলী |
| ৩৭ | জনাব মোহাম্মদ আবদুল মান্নান |
| ৩৮ | জনাব গোলাম মোহাম্মদ চৌধুরী |
| ৩৯ | জনাব জিয়াউল হক সুমন |
| ৪০ | জনাব আবদুল বারেক |
| ৪১ | জনাব ছালেহ আহম্মদ চৌধূরী |
| সংরক্ষিত (নারী) কাউন্সিলর | |
| ১,২,৩ | ফেরদৌস বেগম মুন্নী |
| ৪,৫,৬ | জোবাইরা নার্গিস খান |
| ৭,৮ | জেসমিন পারভীন জেসী |
| ৯,১০,১৩ | তছলিমা বেগম (নুরজাহান) |
| ১৪,১৫,২১ | আনজুমান আরা |
| ১৭,১৮,১৯ | শাহীন আকতার রোজী |
| ১৬,২০,৩২ | রুমকি সেনগুপ্ত |
| ২২,৩০,৩১ | নীলু নাগ |
| ১২,২৩,২৪ | জাহেদা বেগম পপি |
| ১১,২৫,২৬ | হুরে আরা বেগম |
| ২৮,২৯,৩৬ | ফেরদৌসি আকবর |

| | |
|---|---|
| ২৭,৩৭,৩৮ | আফরোজা জহুর (আফরোজা কালাম) |
| ৩৩,৩৪,৩৫ | বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী |
| ৩৯,৪০,৪১ | শাহানুর বেগম |

## অধ্যায় ৫ : বাজেট ও অর্থ

### ৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী

**(১) প্রাপ্তি/ আয়**

(ইউনিট: টাকা হাজারে)

| | অর্থবছর ২০২৩/২০২৪ | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত বাজেট (খ) | প্রকৃত (ক) | প্রকৃত প্রাপ্তির হার (ক/খ X ১০০) | প্রকৃত অংশের শতকরা হার |
| রাজস্ব (পুনরাবৃত্ত) খাতে প্রাপ্তি <পানিসহ> | ৬৩৯,৫৯,৮৫,০০০ | ৯৫০,৫৮,০০,০০০ | ৮০.৫৬% | ৭৮.৯৪ % |
| উন্নয়ন খাতে প্রাপ্তি <পানিসহ> | ৯৮৩,০৫,০০,০০০ | ৮৯৪,০০,০০,০০০ | ৯০.৯৪% | ৮৯.৮৭ % |
| **মোট প্রাপ্তি** | | | ৮৫.৭৫% | ১০০% |

| | অর্থবছর ২০২২-২০২৩ | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত বাজেট (খ) | প্রকৃত (ক) | প্রকৃত প্রাপ্তির হার (ক/খ X ১০০) | প্রকৃত অংশের শতকরা হার (%) |
| রাজস্ব(পুনরাবৃত্ত) প্রাপ্তি | ৯০৪৫৭৫০ | ৫০৬৬০৬০ | ৪২.৭৩% | ৪৪.১৩% |

| | | | | |
|---|---|---|---|---|
| <পানিসহ> | | | | |
| উন্নয়ন খাতে প্রাপ্তি<br><br><পানিসহ> | ১২১,২০,০০০ | ৬৪,১২,৭৫০ | ৫৭.২৬% | ৫৫.৮৬% |
| **মোট প্রাপ্তি** | | | ৭০.৯৮ % | ১০০% |

**(২) পরিশোধিত/ ব্যয়**

(ইউনিট: টাকা হাজারে)

| | অর্থবছর ২০২৩-২০২৪ | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত বাজেট<br><br>(খ) | প্রকৃত-<br><br>(ক) | প্রকৃত পরিশোধের হার<br><br>(ক/খ X১০০) | প্রকৃত-অংশের শতকরা হার<br><br>(%) |
| রাজস্ব (পুনরাবৃত্ত) খাতে পরিশোধ/ ব্যয়<br><br><পানিসহ> | ৫৮৫,২৬,০০,০০০ | ৪৫৯,৬৩,৪৬,০০০ | ৮৯.৯৭% | % |
| উন্নয়ন খাতে ব্যয়<br><br><পানিসহ> | ১৪৮,৫০,০০,০০০ | ৮৪,১২,৮০,০০০ | ৪৭.৯৮% | % |
| **মোট পরিশোধ/ ব্যয়** | | | | ১০০% |

| | অর্থবছর ২০২২-২০২৩ | | | |
|---|---|---|---|---|
| | প্রাক্কলিত | প্রকৃত | প্রকৃত পরিশোধের হার | প্রকৃত অংশের শতকরা |

| | বাজেট (খ) | (ক) | (ক/খ X ১০০) | হার (%) |
|---|---|---|---|---|
| রাজস্ব (পুনরাবৃত্ত) খাতে পরিশোধ/ ব্যয় <পানিসহ> | ৫৬৫১৯০০ | ৩৯৫৯৮৭০ | ৩০.৯৭% | ৩৮.১১% |
| উন্নয়ন খাতে ব্যয় <পানিসহ> | ১২৫৯৫০০০ | ৬৪৩০৭৫০ | ৬৯.০২% | ৬১.৮৮% |
| **মোট পরিশোধ** | | | ৯০.৬৭% | ১০০% |

**৫.২ রাজস্ব আদায়**

**১) হোল্ডিং ট্যাক্স** (ইউনিট: টাকা হাজারে)

| | অর্থবছর ২০২২/২৩ | অর্থবছর ২০২৩/২৪ | | | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট (চাহিদা) (খ) | প্রকৃত (ক) | সংগ্রহের হার ক/খ X ১০০ (%) | |
| ভুমি ও ইমারতের উপর কর **(৭% )** | ৮১,০২,২৪,৬৯০ | ১,৬৭,০৩,৪১,২৯৭ | ৮৯,৬৯,২৭,৬৯৯ | ৫৪% | ১৬ টি ওয়ার্ড (৭% হোল্ডিং + ৪% পরিচ্ছন্ন + ৩% আলো = ১৪%) এবং ২৫টি ওয়ার্ডে (৭% হোল্ডিং + ৭% পরিচ্ছন্ন + ৩% আলো = ১৭%) |
| কনজারভেন্সী রেইট **(৪/৭%)** | ৭২,১১,২২,২৮৪ | ১,৪৬,১৩,৪৩,৭৯৩ | ৮০,৬৬,৮৬,৫২১ | ৫৫% | |
| বাতির রেইট **(৩%)** | ৩৩.৭৯.৯৯,৬০০ | ৭১,৫৮,৬০,৫৫৫ | ৩৮,৪৩,৯৭,৫৮৫ | ৫৪% | |
| পানির রেইট **(-- %)** | - | - | - | - | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **মোট হোল্ডিং ট্যাক্স (-- %)** | ১৮৬,৯৩,৪৬,৫৭৪ | ৩৮৪,৭৫,৪৫,৬৫৪ | ২০৮,৮০,১১,৮০৫ | ৫৪% | |

**(২) ওয়ার্ড ভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায়** (ইউনিট: টাকা হাজারে)

| | অর্থবছর ২০২৩/২৪ | অর্থবছর ২০২৩/২৪ | | | অর্থবছর ২০২৩-২৪ এর শেষে বকেয়া |
|---|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট (চাহিদা) (খ) | প্রকৃত (ক) | দক্ষতা ক/খ X ১০০ (%) | |
| ওয়ার্ড ১ | ৪৫,৯৪,০৭২ | ২,২৯,৩১,১৫৬ | ৮০,০৫,৬৭০ | ৩৫% | ১,৪৯,২৫,৪৮৬ |
| ওয়ার্ড ২ | ১,৫৪,২৬,৪৯৫ | ৩,৩২,৯৮,৩৩১ | ১,৭০,১৭,৮০৯ | ৫১% | ১,৬২,৮০,৫২২ |
| ওয়ার্ড ৩ | ২,৫০,০৫,৮২৩ | ৭,০৯,২৫,২৩৬ | ২,৭৭,৬৫,৫৭৪ | ৩৯% | ৪,৩১,৫৯,৬৬২ |
| ওয়ার্ড ৪ | ৫,৬৪,৪৭,৭৫১ | ৮.৪৬,২৫,২৬৫ | ৬,৫৮,৬৮,৫৭৪ | ৭৮% | ১,৭৯,৫৭,২৫৪ |
| ওয়ার্ড ৫ | ৪,২৩,৭৫,৪৬১ | ৬,১৯,৭২,৮৯১ | ৪,৬০,৩৩,৫৮৭ | ৭৪% | ১,৫৯,৩৯,৩০৪ |
| ওয়ার্ড ৬ | ১,৯৬.৩৮.২১৫ | ৪,১৭,৪৫,৯৮৮ | ২,২০,৭২,৬২১ | ৫৩% | ১.৯৬,৭৩,৩৬৭ |
| ওয়ার্ড ৭ | ৪,৬৮,৭২,১২৩ | ১৫,১৬,৮৮,৩০২ | ৫,৩৪,৪১,৫৭২ | ৩৫% | ৯,৮২,৪৬,৭৩০ |
| ওয়ার্ড ৮ | ২১,৯৩,৭৩,১৯৫ | ৪১,০৩,৮৫,৮৯৭ | ২৩,৭৫,৫৮,১৯০ | ৫৮% | ১৭,২৮,২৭,৭০৭ |
| ওয়ার্ড ৯ | ২.২৬,৮৮,২৯৬ | ৮,৫০,০৭,৩৪৯ | ২,৮৪,৭৮,৫১৮ | ৩৪% | ৫,৬৫,২৮,৮৩১ |
| ওয়ার্ড ১০ | ১,৩৯,৪১,২২১ | ৪,৬৮,৫৭,৩৬৯ | ১,৮০,৫১,০৪৫ | ৩৯% | ২,৮৮,০৬,৩২৪ |
| ওয়ার্ড ১১ | ২,৫৪,৪৮,৫৪১ | ৫,২৮,০৪,৫৮৬ | ৩,২১,২৯,৩১৭ | ৬১% | ২,০৬,৭৫,২৬৯ |
| ওয়ার্ড ১২ | ৫,৪২,৬১,৯১০ | ১৪,৬৪,৩২,০৬৫ | ৭,৭৮,৬৭,১৯৫ | ৫৩% | ৬,৮৫,৬৪,৮৭০ |
| ওয়ার্ড ১৩ | ৫,১৯,৮৭,৪১১ | ২০,০৪,৯৮,৯৭৬ | ৬,৪৬,১৮,৪৬৪ | ৩২% | ১৩,৫৮,৮০,৫১২ |
| ওয়ার্ড ১৪ | ১,৩২,৬২,০০৮ | ৫,১৮,৯৮,৪৯৫ | ১,২৯,৫৩,০৮৭ | ২৫% | ৩,৮৯,৪৫,৪০৮ |
| ওয়ার্ড ১৫ | ৪,৩২,৫৯,৯৮৫ | ৮,৭৫,৭৬,২১৩ | ৫,৩৯,৫০,৫৬০ | ৬২% | ৩,৩৬,২৫,৬৫৩ |
| ওয়ার্ড ১৬ | ৫,২৫,৮৭,৮৮০ | ১০,৪৬,৬৫,১৬১ | ৭,৪৩,৬২,৭১৭ | ৭১% | ৩,০৩,০২,888 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ওয়ার্ড ১৭ | ২,৩৬,৯২,৫৩৭ | ৪,৬১,৩৮,৩৭২ | ৩,১৬,৮০,৮৮৩ | ৬৯% | ১,৪৪,৫৭,৪৮৯ |
| ওয়ার্ড ১৮ | ৮৯,২৬,৬৭৫ | ৪,৫০,১৩,০৬৭ | ১,৬৫,৫০,০৫৬ | ৩৭% | ২,৮৪,৬৩,০১১ |
| ওয়ার্ড ১৯ | ১,০২,৫৮,২৭৯ | ২.০৩,৮৪,৩৯২ | ১.৪৪,৮৯,৫২০ | ৭১% | ৫৮,৯৪,৮৭২ |
| ওয়ার্ড ২০ | ২,১৮,৫৫,১৩৬ | ৩,২৩,৯২,৫৩০ | ২,৩১,৩৫,৭৭৬ | ৭১% | ৯২,৫৬,৭৫৪ |
| ওয়ার্ড ২১ | ৫,০৭,৪৩,৯৫৩ | ৭,৪৪,২২,০০৯ | ৫,৪০,০৪,০১৩ | ৭৩% | ২,০৪,১৭,৯৯৬ |
| ওয়ার্ড ২২ | ১৮,৫৭,১৯,৪৫২ | ৩৯,১৮,০৯,৭৬৯ | ১৯,০৬,৩৮,৮৫৭ | ৪৯% | ২০,১১,৭০,৯১২ |
| ওয়ার্ড ২৩ | ১,১৭,১৮,৮৫২ | ২,২৫,০২,০৭০ | ১,২৬,০১,২৮০ | ৫৬% | ৯৯,০০,৭৯০ |
| ওয়ার্ড ২৪ | ৩,১০,৮৮,১৬০ | ৮,৫৯,০৪,০৬৭ | ৩,৬৭,৫৩,৮৫৮ | ৪৩% | ৪,৯১,৫০,২০৯ |
| ওয়ার্ড ২৫ | ৭৬,১৯,৬৫৫ | ৪,৪৫,৪৫,৭৮৫ | ২,৩৫,৩৪,৬৯৩ | ৫৩% | ২,১০,১১,০৯২ |
| ওয়ার্ড ২৬ | ১,৩৩,৬৪,৫৩৫ | ৪,৭৫,৯৬,৮৭০ | ৪,৩২,৫২,৪১৩ | ৯১% | ৪৩,৪৪,৪৫৭ |
| ওয়ার্ড ২৭ | ৮,২৩,৫৯,৯৬২ | ১৩,৪৩,৮১,৮১৫ | ৯,০৫,৬০,২৭৩ | ৫৭% | ৪,৩৮,২১,৫৪২ |
| ওয়ার্ড ২৮ | ১,১৭,১৮,৮৫২ | ২,৫০,০১,৬৭২ | ৯৩,০১,১৫১ | ৩৭% | ১,৫৭,০০,৫২১ |
| ওয়ার্ড ২৯ | ৪৮,৯৪,৯৩৭ | ২,৪০,৩২,৯৩৬ | ১,২৫,০৯,২৯৮ | ৫২% | ১,১৫,২৩,৬৩৮ |
| ওয়ার্ড ৩০ | ২,৬৪,৫৩,৪০৯ | ৫,৮০,২২,১৯১ | ১,৯৪,৫১,৫৭৪ | ৩৪% | ৩,৮৫,৭০,৬১৭ |
| ওয়ার্ড ৩১ | ১,৬৫,৬৪,১০৬ | ২,৯০,৯৪,৮৭৮ | ১,৮৮,০৬,০৫৪ | ৬৫% | ১,০২,৮৮,৭৯৩ |
| ওয়ার্ড ৩২ | ৩,২৪,৬৮,৮৭৮ | ৭,৮৬,১১,৭২৯ | ৩,২৮,০৫,৮৬১ | ৪২% | ৪,৫৮,০৫,৮৬৮ |
| ওয়ার্ড ৩৩ | ১,৩১,১৮,৮১২ | ৩,৫৭,১৪,৪৩০ | ১,৪৩,৮১,৮২৩ | ৪০% | ২,১৩,৩২,৬০৭ |
| ওয়ার্ড ৩৪ | ১,২২,১৩,৩৪১ | ১,৯৫,১২,১০৯ | ১,০৫,২০,৬৮২ | ৫৪% | ৮৯,৯১,৪২৭ |
| ওয়ার্ড ৩৫ | ৯৮,৮২,০২৬ | ১,২৫,৩২,৩৯৩ | ১,০৪,৭২,১৪৩ | ৮৪% | ২০,৬০,২৫০ |
| ওয়ার্ড ৩৬ | ৪৭,২৯,৯২,৭৮৭ | ৫৮,৫০,৫৭,৩১৭ | ৪৪,৮৪,৯৯,৮১৭ | ৭৭% | ১৩,৬৫,৫৭,৫০০ |
| ওয়ার্ড ৩৭ | ৭৫,৩৮,৩৭৩ | ৩,৬২,৬৩,০৮৯ | ১,২০,৭২,৪৯১ | ৩৩% | ২,৪১,৯০,৫৯৮ |
| ওয়ার্ড ৩৮ | ১,৬০,১৭,০৬০ | ১,৮৪,২১,০১৪ | ১,৫৫,৫৪,২১৬ | ৮৪% | ২৮,৬৬,৭৯৮ |
| ওয়ার্ড ৩৯ | ৩,৮২,৬৬,২১৩ | ৫,৯২,১৪,২১২ | ৩,৫২,৫৩,৫৭৯ | ৬০% | ২,৩৯,৬০,৬৩৩ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ওয়ার্ড ৪০ | ৩,৬২,১৩,৪২০ | ১৫,৩৪,১৪,৯৩৯ | ৫,৪৫,৬৪,৪৮২ | ৩৬% | ৯,৮৮,৫০,৪৫৭ |
| ওয়ার্ড ৪১ | ১,৬৪,৮৬,৭৯৮ | ১১,৪২,৪৮,৭৪১ | ১,৬৪,৪৩,০৭৫ | ১৪% | ৯,৭৮,০৫,৬৬৬ |
| মোট | **১৮৬,৯৩,৪৬,৫৭৪** | **৩৮৪,৭৫,৪৫,৬৫৪** | **২০৮,৮০,১১,৮০৫** | **৫৪%** | **১,৭৫,৯৫,৩৩,৮৪০** |

**(৩) সময়মতো হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ**

| | |
|---|---|
| ১. | হোল্ডিং মালিকদের গৃহকর পরিশোধের সুবিধার্থে পত্রিকার বিজ্ঞপ্তি প্রকাশ করে সারচার্জ মওকুফ করে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয়। |
| ২. | বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি প্রতিষ্ঠান,ব্যক্তিমালিকানাধীন হোল্ডিংসমূহের যথাসময়ে বিল জারী/ব্যক্তিগত যোগাযোগ/সভা/কর মেলা আয়োজন করা হয়। |
| ৩. | মোবাইল কোর্ট পরিচালনা করে রাজস্ব আদায় বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করা হয়। |
| ৪. | অনলাইনে কর প্রদানের সুবিধার্থে ই-রেভিনিউ সিস্টেম চালু করা হয়। |

**(৪) নিজস্ব রাজস্ব আয়ের অন্যান্য উৎস**

(ইউনিট: টাকা হাজারে)

| খাত | অর্থবছর ২০২২/২৩ | অর্থবছর ২০২২/২৩ | | |
|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট (চাহিদা) | প্রকৃত | পার্থক্য |
| ট্রেড লাইসেন্স | ২৪৪৩৫৮৩৫৯ | ৩৩৪০০৩৪৬০ | ২৪৬৫৯২৭০৩ | ৭৪% |
| ভূমি হস্তান্তর | ৯৫২৮৮০৮৫৮ | ৯০০০০০০০০ | ৮৫০০৬৬৭৮২ | ৯৪% |
| বিজ্ঞাপন কর<br><br>(স্টীকার, ব্যানার, ফেস্টুন, গেইট ইত্যাদি) | ২৫৪৩৫৪৮ | ২৭০০০০০ | ৪৪৪৮৫৬০ | ১৬৫% |
| সপসাইন | ৫২১১২১১৭০ | ৭৫০০০০০০ | ৫১৭৬০১১৪ | ৬৯% |
| চলচিত্র ও বিনোদনকর (প্রমোদ কর) | ১৯৩১৩৮ | ৪০০০০০ | ৫৭৮৬৬৪ | ১৪৫% |
| যান্ত্রিক যানবাহন | ৮৭৪৩০০ | ১৪০০০০০ | ৫৬০৪০০ | ৪০% |
| রিক্সা লাইসেন্স ফি | ০ | ২৮০০০০০০ | ২৪৫৮১৭৯৪ | ৮৮% |
| বিবিধ (কে/ও ফরম, মা ও শিশু স্ট্যাম্প ইত্যাদি) | ৪৭৩৬১৫১ | ৪৫০০০০০ | ৫২০৮৩৩৩ | ১১৬% |

| | | | | |
|---|---|---|---|---|
| **মোট** | **১২৫৭৬৯৮৫৩৪** | **১৩৪৬০০৩৪৬০** | **১১৮৩৭৯৭৩৩৫০** | **৮৮%** |

**(৫)নিজস্ব রাজস্ব আয় বৃদ্ধি করার জন্য অন্যান্য উল্লেখযোগ্য পদক্ষেপ**

| | |
|---|---|
| ১. | নিজস্ব রাজস্ব আদায় বৃদ্ধি সিটি কর্পোরেশন আইন, ২০০৯ এর ৪র্থ তফসিলে সিটি কর্পোরেশন যে খাতসমূহ হতে কর/ ফি আদায় করছে না তার মধ্যে গুরুত্বপূর্ণ কিছু খাতে কর বা ফি আদায়ের চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যবস্থা গ্রহণ করছে। |
| ল্যান্ডফিল ব্যবস্থাপনা | বর্তমানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে কোন আধুনিক ল্যান্ড ফিল্ড নাই। পূর্ব হতে ব্যবহৃত দুটি আবর্জনাগার হতে সংগৃহীত বর্জ্য ডাম্পিং করা হয়ে থাকে। |

**(২) অর্জনের সূচক**

| সেবাসমূহ | সূচক এবং অর্জন | | |
|---|---|---|---|
| | সূচক | অর্থবছর২০২২ /২০২৩ | অর্থবছর২০২৩ /২০২৪ |
| বর্জ্য ব্যবস্থাপনা | সংগ্রহীত বর্জ্যের পরিমাণ<br><br>(আনুমানিক) | = ৯,১৩,৫০০ টন (প্রায়) | = ৯,১৩,৭০০ টন (প্রায়) |
| হাসপাতাল বর্জ্য | সংগ্রহীত বর্জ্যের পরিমাণ<br><br>(আনুমানিক) | **=**৩০০টন **(**প্রায়**)**। **(**বেসরকারি সংস্থা দ্বারা সকল প্রকার মেডিকেল বর্জ্য সংগ্রহ ও অপসারণ করা হয়ে থাকে**)**। | বেসরকারি সংস্থা দ্বারা সকল প্রকার মেডিকেল বর্জ্য সংগ্রহ ও অপসারণ করা হয়ে থাকে। তথ্যমতে জানা যায় **=**৩৫০ টন **(**প্রায়**)** মেডিকেল বর্জ্য সংগ্রহ হয়ে থাকে। |

| | | | |
|---|---|---|---|
| রাস্তা ও নর্দমা পরিচ্ছন্ন রাখা | নিয়মিত পরিচ্ছন্ন করে এমন রাস্তার পরিমান (আনুমানিক দূরত্ব) নিয়মিত পরিচ্ছন্ন করে এমন নর্দমার পরিমান (আনুমানিক দূরত্ব) | নগরীর ৪১টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে নির্ধারিত ব্লক অনুযায়ী সকল রাস্তা, ফুটপাত, আই ল্যান্ড ইত্যাদি পরিচ্ছন্ন রাখার কাজ সম্পাদন করা হয়। নগরীর ৪১টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে নির্ধারিত ব্লক অনুযায়ী ধারাবাহিকভাবে নালা-নর্দমার পরিস্কার করার কাজ সম্পাদন করা হয়। | নগরীর ৪১ টি ওয়ার্ডকে ০৭টি জোনে বিভক্ত করে সার্বক্ষনিক তদারকির মাধ্যমে সকল রাস্তা, ফুটপাত, আই ল্যান্ড, অলি-গলি ইত্যাদি পরিচ্ছন্ন রাখার কাজ সম্পাদন করা হয়। নগরীর ৪১ টি ওয়ার্ডকে ০৭টি জোনে বিভক্ত করে সার্বক্ষনিক তদারকির মাধ্যমে সকল নালা-নর্দমার পরিস্কার করার কাজ সম্পাদন করা হয়। |
| গণশৌচাগার | নিয়মিত পরিচ্ছন্ন কার্যক্রম চলে এমন গণশৌচাগারের সংখ্যা | সিটি কর্পোরেশনের পরিচালনাধীন ২৪টি গণশৌচাগার ইজারার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। পরিচ্ছন্নতা কাজের দায়িত্ব ইজারাদারগণের। | সিটি কর্পোরেশনের পরিচালনাধীন ২৫টি গণশৌচাগার ইজারার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। পরিচ্ছন্নতা কাজের দায়িত্ব ইজারাদারগণের। |

**(৩) পুর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা**

| | |
|---|---|
| ১. | সম্মানিত জনসাধারণের দূষণমুক্ত পরিবেশে ও নির্বিঘ্নে চলাচলের সুবিধার্থে ডোর টু ডোর হতে সংগৃহীত বর্জ্যাদি প্রত্যহ বেলা ০২:০০ ঘটিকা হতে রাত ১০:০০ ঘটিকা এবং স্বাভাবিক বর্জ্যাদি প্রত্যহ সকাল ৬:০০ ঘটিকা হতে রাত ১০:০০ ঘটিকা পর্যন্ত অপসারণের কাজ চালু রয়েছে। |
| ২. | সম্মানিত জনসাধারণের নির্বিঘ্নে চলাচলের সুবিধার্থে ও যানজট এড়াতে সড়ক, ফুটপাত, গলি, উপ-গলির ঝাড়ুর কাজ এবং নালা-নর্দমা হতে মাটি-বালি ইত্যাদি উত্তোলনের কাজ প্রত্যহ সকাল ৬:০০ ঘটিকা হতে রাত ১০:০০ ঘটিকা পর্যন্ত চলে। যে কারণে বর্জ্যাদি দৃশ্যমান হয় না। |
| ৩. | সঠিক তদারকির মাধ্যমে পরিচ্ছন্নতা কাজের মান বৃদ্ধির ফলে পরিচ্ছন্নতা কাজের গতিও বৃদ্ধি পেয়েছে অনেক গুণ এবং সেইসাথে রাস্তা, ফুটপাত, অবৈধ স্থাপনা উচ্ছেদ এর কাজও অব্যাহত আছে। |

## ৭.৫ স্বাস্থ্য বিভাগ

**(১) উল্লেখযোগ্য সেবাসমূহ**

| উল্লেখযোগ্য সেবাসমূহ | বর্ণনা |
|---|---|

| | |
|---|---|
| ইপিআই টিকা | শিশু ও মাতৃমৃত্যুর হার এবং শিশুর পঙ্গুত্বের হার কমানো বাংলাদেশের টিকাদান কর্মসূচীর উদ্দেশ্য।<br><br>উদ্দিষ্ট জনগোষ্ঠী হলো-<br><br>* ০-১১ মাস বয়সী সকল শিশু<br><br>* ১৫ মাস বয়সী সকল শিশু<br><br>* ১৫ বছর বয়সী সকল কিশোরী<br><br>* ১৫-৪৯ বছর বয়সের সন্তান ধারণ ক্ষমতা সম্পন্ন মহিলা |
| জন্ম মৃত্যু নিবন্ধন | জন্মনিবন্ধন - ৯২৯৯৯ টি, মৃত্যুনিবন্ধন - ৩৮০৫ টি |
| খাদ্য নিরাপত্তা | |
| শিক্ষার্থীদের জন্য মেডিক্যাল চেকআপ | চসিক এলাকায় ক্ষুদে ডাক্তার কর্তৃক বিদ্যালয় সমূহে শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম। |
| অস্বাস্থ্যকর ভবন নিয়ন্ত্রণ | স্বাস্থ্য বিভাগের সকল ভবনসমূহ ইতিমধ্যে পরিদর্শন পূর্বক এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়কে অবহিত করা হয়েছে। |

**(২) অর্জনের সূচক**

| সেবাসমূহ | সূচক এবং অর্জন | | |
|---|---|---|---|
| | **সূচক** | **অর্থবছর ২০২২/২০২৩** | **অর্থবছর২০২৩/২৪** |
| ইপিআই টিকা | টিকা দেওয়া হয়েছে এমন শিশুদের সংখ্যা | শিশুরসংখ্যা = ৩,৯০,২৩১<br><br>মহিলারসংখ্যা = ১,৯০,১৯৭ | শিশুরসংখ্যা = ৩,৯৮,১৭১<br><br>মহিলারসংখ্যা = ১,৭৯,১৩১ |
| জন্ম মৃত্যু নিবন্ধন | নিবন্ধনের সংখ্যা | ২৮,৫৬০ | ৩৬,৬৪২৫ |
| খাদ্যে ভেজাল নিয়ন্ত্রণ | পরিবীক্ষণ করা হয়েছে এমন সরবরাহকারীদের মোট সংখ্যা | | ফুডল্যাবের কার্যক্রম চলমান নেই। |
| | পরিদর্শন করা হয়েছে এমন সরবরাহকারীদের মোট সংখ্যা | | |
| মেডিক্যাল চেকআপ | মেডিক্যাল চেকআপ করা হয়েছে এমন শিক্ষার্থীর সংখ্যা | | ৯,৫০,৭২৭ জন ছাত্রছাত্রীদেরকে হেলথ চেকআপ করা হয়েছে। |
| মশকনিয়ন্ত্রণ | মোট এলাকা (বর্গকি:মি:) যা স্প্রে | ৬৫৭ বর্গকি:মি: | ৭৪৯ বর্গকি:মি: |

| | | | |
|---|---|---|---|
| | করা হয়েছে | | |
| কসাইখানা | মোট কসাইখানা পরিদর্শনের সংখ্যা | ৩টি | ৫টি |

**৭.৬ সমাজকল্যাণ, শিক্ষা ও সংস্কৃতি**

**(১) প্রধান সেবাসমূহ**

| প্রধান সেবাসমূহ | বিবরণ |
|---|---|
| দুঃস্থদের জন্য জনকল্যাণ কেন্দ্র, আশ্রয়কেন্দ্র, এতিমখানা, বিধবা নিবাস ও অন্যান্য প্রতিষ্ঠান পরিচালনা | |
| কর্পোরেশনের নিজ খরচে নগরীতে দু:স্থ এবং পরিচয়হীন মৃত ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহের ব্যবস্থা করা; | • দাফন - আরেফিণনগর কেন্দ্রীয় কবরস্থান (জালালাবাদ)<br>• দাহ - অভয়মিত্রশ্মশান |
| ভিক্ষাবৃত্তি, পতিতাবৃত্তি, জুয়া, মাদকদ্রব্য সেবন, মদ্যপান, কিশোর অপরাধ এবং অন্যান্য সামাজিক অনাচার প্রতিরোধের ব্যবস্থা করা; | স্থানীয় কাউন্সিলরদের মাধ্যমে তালিকা করা, মাদক মদ্যপান ইত্যাদির ব্যাপারে মাননীয় মেয়র এর উপস্থিতি ও প্রশাসনের অন্যান্য সংস্থার প্রতিনিধিদের উপস্থিতিতে ৪১টি ওয়ার্ডে বছরব্যাপী ও লালাদিঘী মাঠে কেন্দ্রীয় সভা-সমাবেশ করা হয়। |

**(২) অর্জনের সূচকসমূহ**

| সেবা | সূচক ও অর্জনসমূহ | | |
|---|---|---|---|
| | সূচক | অর্থবছর **২০২২/২০২৩** | অর্থবছর **২০২৩/২০২৪** |
| দরিদ্র ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহের ব্যবস্থা করা | নি:স্ব ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহ করার সংখ্যা | ১৫০ | ৯৫ |
| পাঠাগার | ব্যবহারকারীর সংখ্যা | ৭৫০০০ | ৯০০০০ |

| | | | |
|---|---|---|---|
| সাংস্কৃতি ও খেলাধুলা | অনুষ্ঠিত সাংস্কৃতিক কর্মসূচির সংখ্যা | ১৬ | ২৫ |
| | অনুষ্ঠিত স্পন্সরকৃত সাংস্কৃতিক কর্মসূচি সংখ্যা | ৪ | ৭ |

**(৩)** পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা

| | |
|---|---|
| ১. | **২০২২-২০২৩ বছরের তুলনায় ২০২৩-২০২৪ অর্থবছরে** নি:স্ব ব্যক্তিদের মৃতদেহ দাফন ও দাহ করার সংখ্যা বৃদ্ধি। |
| ২. | দৈনিক ২৫০ জনপ্রায় ৪৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮০ হাজারের বেশি ছাত্র/ছাত্রী ভ্রাম্যমান পাঠাগার ব্যবহার করে থাকে,যা পূর্ববর্তী অর্থ বছরের তুলনায় ব্যাপক বৃদ্ধি পায়। |

**অর্জনের সূচক**

| **সেবাসমূহ** | **সূচক ও অর্জন** | | | | |
|---|---|---|---|---|---|
| | **সূচক** | **অর্থবছর ২০২২-২৩** | | **অর্থবছর ২০২৩-২৪** | |
| গনশৌচাগার | খালি জায়গার পরিমাণ | নাই | | নাই | |
| | নতুন চুক্তির আওতায় গনশৌচাগার সংখ্যা | ২৫টি | শতকরা হার ৭৮% | ২৪টি | শতকরা হার ৭৫% |
| | নবায়নকৃত ইজারা চুক্তির মাধ্যমে পরিচালিত গনশৌচাগার সংখ্যা | ০৭টি | ২২% | ০৮টি | ২৫% |

<u>পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখা</u>

- চসিক মালিকানাধীন বিভিন্ন হাট-বাজার এবং গনশৌচাগার সমূহে ২০২২-২৩ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছরে ইজারামূল্য বাবদ দর বৃদ্ধি পাওয়ায় রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে।

## অধ্যায় ৮: প্রশাসনিক উন্নতিকরণ

### ৮.১ লক্ষিত কার্যাবলী, উদ্দেশ্য ও ফলাফলসমূহ

**(১) কার্যপ্রক্রিয়া উন্নতিকরণ**

| **লক্ষিত কাজ: প্রশাসনিক কার্যক্ষমতা বৃদ্ধি** | | |
|---|---|---|
| **উদ্দেশ্য: সুশাসন নিশ্চিতকরণ** | | |
| **সূচক** | **লক্ষ্যমাত্রা** | **অর্জন** |
| ১. অংশীদারিত্বমূলক উন্নয়ন পরিকল্পনা গ্রহন। | জনগনের অংশগ্রহন নিশ্চিত করা।<br><br>টেকশই উন্নয়ন ও সম্পদের সুষম বন্টন। | সমাজের সকল স্তরের উন্নয়ন ও সমতা বৃদ্ধি।<br><br>অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থান বৃদ্ধি। |
| ২. স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা। | দুর্নীতি দূরীকরণ ও প্রশাসনিক সচ্ছতা।<br><br>জনগনের আস্থা বৃদ্ধি ও সুশাসনের প্রতিষ্ঠা। | সিটি কর্পোরেশনের প্রতি জনগনের আস্থা ও বিশ্বাস বৃদ্ধি।<br><br>প্রশাসনিক কার্যক্রমে কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহীতা বৃদ্ধি। |

**(২) কর ব্যবস্থাপনা**

| লক্ষিত কাজ: রাজস্ব আদায় বৃদ্ধির উন্নতিকরণ | | |
|---|---|---|
| উদ্দেশ্য: ওয়ার্ড ভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায়, নিজস্ব রাজস্ব আয় বৃদ্ধির মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আর্থিকভাবে স্বাবলম্বী করা। | | |
| সূচক | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১. কর আদায়ের হার | কর আদায়ের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি করা। | কর আদায়ের হার বৃদ্ধি পেয়েছে এবং রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে। |
| ২. কর ফাঁকি রোধ ও করদাতার সংখ্যা বৃদ্ধি। | কর প্রশাসনের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি করা। | কর ফাঁকি কমেছে এবং কর আদায়ের স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে। |

**(৩) বাজেট ব্যবস্থাপনা**

| লক্ষিত কাজ: নগরবাসীর সেবা সুনিশ্চিত করতে যাবতীয় পদক্ষেপ গ্রহণ। |
|---|
| উদ্দেশ্য: অধিকতর কার্যকরী সেবা প্রদান করা |

| সূচক | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| ১. বাজেট বাস্তবায়নের হার | বাজেট সময়মতো বাস্তবায়ন করা। | বাজেট বাস্তবায়নের হার বৃদ্ধি পেয়েছে। |
| ২. ব্যয়ের দক্ষতা | অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা। | সরকারি ব্যায়ের দক্ষতা বৃদ্ধি পেয়েছে। |

**(৪) নাগরিক সম্পৃক্তকরণ**

| লক্ষিত কাজ: নাগরিকদের সকল সুযোগ-সুবিধা পর্যোলচনা করে কার্যকরী উদ্দ্যোগ গ্রহণ | | |
|---|---|---|
| উদ্দেশ্য: চট্টগ্রাম সিটি কর্পোরেশন সাথে নাগরিক সম্পৃক্তকরণের উদ্দেশ্য ওয়ার্ড ভিত্তিক সভা পরিচালনা। | | |
| সূচক | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১. নাগরিক অংশগ্রহনের হার | নাগরিকদের সচেতনতা বৃদ্ধি করা। | বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কার্যক্রমে নাগরিকদের অংশগ্রহন বৃদ্ধি পেয়েছে। |
| ২. জনমত জরিপ | বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক বিষয় সম্পর্কে জনগণকে সচেতন করা। | বিভিন্ন নীতি ও প্রকল্প সম্পর্কে নাগরিকদের মতামত সংগ্রহ করা হয়েছে। |

## ৮.২ সক্ষমতা উন্নয়ন (প্রশিক্ষণ)

| ক্রম | **বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা** | **প্রশিক্ষণ অর্জন** | | | |
|---|---|---|---|---|---|
| | প্রশিক্ষণ শিরোনাম (প্রশিক্ষণ প্রদানকারী) | শুরুর তারিখ (দিন/ মাস/ বছর) | মোট দিন | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | | | কর্মকর্তা/ কর্মচারী | নির্বাচিত প্রতিনিধি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | অর্থ মন্ত্রণালয় অধিদপ্তর | ২১-০৭-২০২৩ | ২ | ১ | |
| ২ | আরপিইসি | ০৫-০৭-২০২৩ | ৪ | ৪ | |
| ৩ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | ১০-০৯-২০২৩ | ৬ | ১ | |
| ৪ | পরিবেশ অধিদপ্তর | ০৬-১১-২০২৩ | ১ | ১ | |
| ৫ | স্থানীয় সরকার ইনিস্টিটিউট | ০৮-০৮-২০২৩ | ১ | ২ | ২ |
| ৬ | | ১৮-০৮-২০২৩ | ১ | ২ | ২ |
| ৭ | | ১৯-০৮-২০২৩ | ১ | ২ | ১ |
| ৮ | বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় | ১৯-১০-২০২৩ | ১ | ১ | |
| ৯ | পরিকল্পনা কমিশন | ১৪-০২-২০২৪ | ২ | ১ | |
| ১০ | বাণিজ্যিক মন্ত্রণালয় | ২৭-০৩-২০২৪ | ১ | ১ | |
| ১১ | স্থানীয় সরকার বিভাগ | ১২-০৫-২০২৪ | ১ | ২ | |

## অধ্যায় ৯. কর্পোরেশন এবং কমিটির সভা

### ৯.১ সিটি কর্পোরেশনের সাধারণ সভা

**সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সিদ্ধান্তসমূহ**

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সিদ্ধান্তসমূহ |
|---|---|---|
| জুলাই '২০২৩ | ক) গত ২১ জুন ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৯তম সাধারণ সভার | ক) চসিকের প্রধান কার্যালয়ের সড়কে বৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও লালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিস্কাশনের অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ) ব্যাটারি চালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান |

| | | |
|---|---|---|
| | কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) অনুমতিবিহীন সড়ক কর্তনকারী ঠিকাদার ও গ্রাহকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঘ)নালার ভিতর দিয়ে ওয়াসার পাইপ লাইন স্থাপনের কারণে পানি নিষ্কাষণে বিঘ্ন ঘটছে বিধায় পাইপ গুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঙ)ব্যাটারি চালিত রিক্সার কারনে বিদ্যুৎ অপচয়, সড়কে যানজট ও প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে বিধায় এ বিষয়ে স্ব স্ব থানাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চ) যত্রতত্র অবৈধ পার্কিংয়ের কারনে রাস্তায় যানজট সৃষ্টি হচ্ছে বিধায় জিইসি, পিসি রোড সহ উপযুক্ত স্থান সমুহে পে পার্কিংয়ের মাধ্যমে এ সমস্যা নিরসনকল্পে চসিকের প্রকৌশল বিভাগ ও ট্রাফিক বিভাগকে কোথায় কোথায় পে পার্কিং করা যায় তার একটি প্রতিবেদন পেশ করতে হবে।<br><br>ছ) চলমান বর্ষা মৌসুমে জলাবদ্ধতা রোধে নগরীর চাক্তাই খাল, হিজরা খাল, মির্জা খালসহ বিভিন্ন খালের পর্যাপ্ত মাটি উত্তোলন না করায় এবার ভয়াবহ জলাবদ্ধতা ও জনঅসন্তোষের সৃষ্টি হওয়ায় সমস্যা সমাধানে সিডিএ’র তড়িৎ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>জ) অতি বৃষ্টির ফলে সৃষ্ট জলাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত সড়কগুলো আগামী ১৫ দিনের মধ্যে সংস্কার করে জনদূর্ভোগ লাঘব করতে হবে। এ সংক্রান্ত সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঝ) চসিকের প্রকৌশল বিভাগ ও ট্রাফিক বিভাগকে কোথায় কোথায় পে-পার্কিং করা যায় তার একটি প্রতিবেদন পেশ করতে হবে।<br><br>ঞ) হিন্দু সম্প্রদায়ের অন্ত্যেষ্টিক্রিয়া ও দাহকার্যের নিমিত্তে চসিকমপরিচালিত অভয়মিত্র মহাশ্মশানের গ্যাস চালিত বৈদ্যুতিক চুল্লী, লাকরী চুল্লী ও মন্দির প্রাঙ্গন সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ট) ২৫০০ কোটি টাকার প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী নিয়মিত টেন্ডার আহ্বান করতে হবে এবং টেন্ডারকৃত ৬৯৬ কোটি টাকার প্রকল্পগুলো গুণগত মান অক্ষুন্ন রেখে দ্রুত বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঠ) চসিকের  মার্কেট সমূহের প্রিপ্রেইড মিটার স্থাপনের ক্ষেত্রে মাকের্টের বকেয়া বিলসমূহ দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহন করত প্রিপ্রেইড মিটার স্থাপনে বিউবোর সাথে সমন্বয় পূবর্ক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ড) নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ নিশ্চিত করতে হবে এবং সকল সড়কের আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে।<br><br>ঢ) চসিকের  মার্কেট সমূহের প্রিপ্রেইড মিটার স্থাপনের ক্ষেত্রে মাকের্টের বকেয়া বিলসমূহ দ্রুত প্রদানের ব্যবস্থা গ্রহনকরত প্রিপ্রেইড মিটার স্থাপনে বিউবোর সাথে সমন্বয় পূবর্ক  কার্যকর |

| | | |
|---|---|---|
| | | পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ণ) নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ নিশ্চিত করতে হবে এবং সকল সড়কের আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে।<br><br>ত) গণপূর্ত বিভাগের সহয়োগিতা দিয়ে টেক্সটাইল থেকে বায়েজিদ থানার দিকে যাওয়ার রাস্তাটি প্রশস্ত করনের জন্য চসিকের সার্ভেয়ার ও স্থানীয় কাউন্সিলর সমন্বয়ে রাস্তা ডির্মাকেশন করে প্রশস্ত করনের ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>থ) দীর্ঘদিন ধরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০২২ সালের ১৯ এপ্রিল একনেক সভায় প্রদত্ত বক্তব্যের আলোকে, মহামান্য সুপ্রীম কোর্টের রিভিউ রায়ের পর্যবেক্ষন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের স্থায়ী করার পক্ষে প্রদত্ত রায়, অত্র কর্পোরেশনের অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের স্থায়ী করনে গঠিত কমিটির সুপারিশ মালার ৩নং আইটেমের আলোকে তাদেরকে মহামান্য হাইকোর্টের রায় অনুযায়ী স্থায়ী করার সুপারিশ এবং কাউন্সিলরগণ কর্তৃক সাধারণ সভায় স্থায়ী করার বিষয়ে একাত্মতা পোষণ করায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবা মান বৃদ্ধি করার জন্য অবিলম্বে অস্থায়ীভাবে কর্মরত কর্মচারীদের স্থায়ী করণের সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রশাসনিক পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| আগষ্ট'২০২৩ | ক) গত ২৭ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩০ তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা। | ক) ব্যাটারি চালিত রিক্সার কারণে বিদ্যুৎ অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান চালানোর মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।<br><br>খ) অনুমতি বিহীন সড়ক কর্তনকারী ঠিকাদার ও গ্রাহকদের বিরুদ্ধে আইনানুগত ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।<br><br>গ) যত্রতত্র অবৈধ পার্কিংয়ের কারণে রাস্তায় যানজট সৃষ্টি হচ্ছে বিধায় উপযুক্ত স্থান সমূহে পে-পার্কিংচালুকরণে চসিকের প্রকৌশল বিভাগ কর্তৃক পরবর্তী সাধারণ সভার পূর্বে সিএমপির সাথে নির্ধারিত সভা করে নীতি মালা প্রস্তুত করণে চসিক কে সহযোগিতা করার সুপারিশ করা হয়।<br><br>ঘ) সিডিএ জলাবদ্ধতা নিরসন প্রকল্পের আওতায় কোতোয়ালি ওয়েলফুড এর মুখ থেকে কবি নজরুল ইসলাম সড়ক পর্যন্ত নালার ওপর স্ল্যাবের মাধ্যমে সৃষ্ট রাস্তাটি অন্ধকারাচ্ছন্ন থাকায় উক্ত জায়গায় মাদক ব্যবসা ও বখাটেদের উপদ্রব বৃদ্ধি পেয়েছে বিধায় এ সড়কটিকে আলোকায়িত করার জন্য সিডিএ কর্তৃপক্ষের কাছে সুপারিশ করা হয়।<br><br>ঙ) সিডিএ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে চাক্তাই খাল, হিজড়াখাল, মির্জাখাল, মহেশখাল সহ বিভিন্ন খালের মাটি পরিপূর্ণ উত্তোলনের কাজ চলমান শুষ্ক মৌসুমের মাধ্যমে সম্পন্ন করে জলাবদ্ধতা নিরসনে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গত বছর অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম যথার্থভাবে সম্পন্নের জন্য স্থানীয় কাউন্সিলরদের সাথে নিয়মিত সমন্বয়ে সাধন করার সুপারিশ করা হয়। |

| | | |
|---|---|---|
| | ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | চ) অতি বৃষ্টির ফলে সৃষ্ট জলাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত সড়কগুলো আগামী ১৫ দিনের মধ্যে সংস্কার করে জনদুর্ভোগ লাঘব করার সুপারিশ করা হয়।<br><br>ছ) চলমান বর্ষায় যাতে জনগণের চলাচলের সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ খালের গাইড ওয়াল নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধক সহ সকল সড়কের নির্মাণ ও মেরামত কাজ শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল নালার উপর স্ল্যাব সম্ভব নয় সেস্থানে সতর্কীকরণ/ নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করার সুপারিশ করা হয়। প্রকৌশল বিভাগ জরুরি ভিত্তিতে জোনওয়ারি এ কার্যক্রম সম্পন্ন করে সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>জ) নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তার সহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ করার মাধ্যমে আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঝ) বন্দরের পণ্য আমদানি রপ্তানির ওপর এবং বন্দর ব্যবহারকারী ট্রাক গুলোর থেকে ফি আদায়ের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের বিষয়ে যোগাযোগ করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ঞ) ই-রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের ক্ষেত্রে ১০ (দশ) টি ওয়ার্ডকে মডেল হিসেবে নিয়ে ওই ওয়ার্ড সমূহে শতভাগ এ পদ্ধতি বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ট) ওয়ার্ডে পরিচ্ছন্নতা কাজ যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছেনা বিধায় সড়কে যত্রতত্র আবর্জনা দৃশ্যমান হওয়ায় সেসব সুপারভাইজার দায়িত্ব পালনে গাফিলতি করছে বলে ওয়ার্ডের কাউন্সিলরদের প্রতিবেদনের ভিত্তিতে তাদের বিরুদ্ধে অবস্থান গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঠ) ডেঙ্গুর সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি স্থানীয় ক্যাবল টিভিতে প্রচারণা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।এছাড়া ও মসজিদের ইমাম, মন্দিরের পুরোহিতদের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির ওপর যোগ দিতে হবে।<br><br>ড) মশার প্রজননক্ষেত্র ধ্বংস, খাদ্যের ভেজাল রোধে, স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্ত করণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সেপ্টেম্বর '২০২৩ | ক) গত ২৮ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩১তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার | ক) চসিকের প্রধান কার্যালয়ের সড়কেবৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও লালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিস্কাশনের অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ) ব্যাটারি চালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) ফিরিঙ্গিবাজারসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে । |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | ঘ) ১২নং ওয়ার্ডে সুপেয় পানি পাওয়ার জন্য দ্রুত পাইপ লাইন পরিবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ঙ) অনুমতিবিহীন সড়ক কর্তনকারী ঠিকাদার ও গ্রাহকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চ) আন্দরকিল্লা,আকবর শাহমাজার রোড, খুলশী ও ফয়েজ লেকের মতো পর্যটন এলাকায় রাস্তায় যততত্র যেন হকার বসতে না পারে সেজন্য দায়িত্ব পালনকারী সংস্থা হিসেবে ট্রাফিক বিভাগকে ও স্থানীয়থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ছ) আকবর শাহ এলাকায়মাদক বিক্রেতাদের উৎপাত অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় সাধারন জনগণের নিরাপত্তা রক্ষার্থে এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>জ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন প্রকল্পেরআওতায় বাস্তবায়নাধীনপ্রতিটিওয়ার্ডে রাস্তা, ব্রীজ, কালভার্ট, ফুটপাত,ওভারব্রীজসহ চলমান উন্নয়নকাজকার্যাদেশ অনুযায়ী যথার্থভাবে বাস্তবায়নহচ্ছেকিনা তা নিয়মিত স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক জনগনকে সম্পৃক্ত করে তদারকি নিশ্চিতকরতেহবে।প্রকৌশল বিভাগকে প্রকল্পের কার্যাদেশ সংশ্লিষ্ট কাউন্সিলরদেরপ্রদর্শনকরতে হবে।<br><br>ঝ) চসিকের যেসব উন্নয়ন প্রকল্প চলমান আছে প্রত্যেকটিতে সাইন বোর্ডলাগিয়ে রাখতে হবে।<br><br>ঞ) বায়েজীদ থেকে অক্সিজেন রোড, বহদ্দারহাট থেকে চাঁন মিয়া সওদাগর রোড,দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের সড়কসহ যেসবখানাখন্দে ভর্তি সড়কে চলাচলের উপযোগিতা নেইতা জরুরিভিত্তিতে সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ট) যান্ত্রিকের প্রয়োজনীয় ডাম্প ট্রাক, লং বোম, চেইন ডুজারসহপ্রয়োজনীয় ইকুপমেন্ট ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারেরমাধ্যমে দ্রুত ক্রয়ের ব্যবস্থা করতেহবে।চসিকের বিভিন্ন সড়কসমূহের নষ্ট সড়কবাতিগুলো প্রতিস্থাপনেরব্যবস্থা করতে হবে।<br><br>ঠ) নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে।<br><br>ড) ডেঙ্গুঁ প্রতিরোধে সকলকে সচেতনতাবৃদ্ধি করতে হবে এবং এডিসমশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধনকার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>ঢ) ডেঙ্গুঁ দমনে স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদের সাথে চসিকেরমশক নিধন কর্মকর্তানিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপন্থা নির্ধারন করবেন। |
| অক্টোবর '২০২৩ | ক) গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩২তম | ক) চসিকের প্রধান কার্যালয়ের সড়কে বৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও লালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিষ্কাশনের অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ) ব্যাটারিচালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান |

| | | |
|---|---|---|
| | সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) পশ্চিম মাদারবাড়িসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br><br>ঘ) ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১ নং উপকূলীয় ওয়ার্ড সমূহে সুপেয় পানি সরবরাহের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঙ) শহরের উপযুক্ত স্থানে পে পার্কিং চালু করনের জন্য চসিক ও পুলিশ বিভাগের সভার সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়নের মাধ্যমে পে-পার্কিং চালুর ব্যবস্থা করতে হবে।<br><br>চ) আন্দরকিল্লা, আকবরশাহ মাজার রোড, খুলশী ও ফয়েজ লেকের মতো পর্যটন এলাকায় রাস্তায় যততত্র যেন হকার বসতে না পারে সেজন্য দায়িত্ব পালনকারী সংস্থা হিসেবে ট্রাফিক বিভাগকে ও স্থানীয় থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ছ) আকবর শাহ এলাকায় মাদক বিক্রেতাদের দৌরাত্ম অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় সাধারন জনগণের নিরাপত্তা রক্ষার্থে এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>জ) সিডিএ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে চাক্তাই খাল, হিজরা খাল, মির্জা খাল, মহেশ খালসহ বিভিন্ন খালের মাটি পরিপূর্ণ উত্তোলনের কাজচলমান শুষ্ক মৌসুমের মধ্যে সম্পন্ন করে জলাবদ্ধতা নিরসণে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গত বছর অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্নের জন্য স্থানীয় কাউন্সিলরদের সাথে নিয়মিত সমন্বয় সাধন করতে হবে।<br><br>ঝ) জেলা প্রশাসন ক্রমবর্ধমান ডেঙ্গুর প্রকোপ হ্রাসে এডিস মশার লার্ভা নিধনে ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ঞ) ২নং ওয়ার্ডের সরকারি শেরশাহ কলোনীর শেরশাহ দিঘী ভরাট করে অবৈধভাবে ঘর নির্মাণ করে লোকজন বসবাস করছেন গণপূর্ত বিভাগ এর প্রতিকারে ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ট) চলমান শুষ্ক মৌসুমের মধ্যে ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। যেসব ওয়ার্ডে লেইন, রাস্তা সংস্কার প্রয়োজন তা দ্রুত টেন্ডার টেন্ডার আহবান করে সংস্কারের ব্যবস্থা করতে হবে।<br><br>ঠ) বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হচ্ছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি চার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ড) সোলারে রূপান্তকারী এজেন্সির মাধ্যমে ব্যাটারি চালিত রিক্সাসমূহ সোলারে রূপান্তরিত করে লাইসেন্স প্রদানের মাধ্যমে গাড়িগুলো সংখ্যা নিয়ন্ত্রণ করতে হবে। দূর্ঘটনারোধে সেন্সর স্থাপনের মাধ্যমে গতি নিয়ন্ত্রণ করতে হবে এবং গাড়িগুলো যত্রতত্র চলাচল নিয়ন্ত্রণ করতে হবে ওয়ার্ড ওয়ারী আলাদা আলাদারঙের ড্রেসের ব্যবস্থা করতে হবে।<br><br>ঢ) হকারদের পূর্ণবাসনে প্রয়োজনে হলিডে মার্কেট এর বিষয়টি বিবেচনা করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | ণ) ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের প্রক্রিয়া বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু কতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ত) ডেঙ্গুঁ দমনে স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদের সাথে চসিকের মশক নিধন কর্মকর্তা নিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপস্থা নির্ধারণ করবেন ।<br><br>থ) প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে আউটসোর্সিং এর মাধ্যমে প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী নিয়োগের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>দ) মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, খাদ্যের ভেজাল রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিষ্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br><br>ধ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডে মাদক, সন্ত্রাস, ইভটিজিং প্রতিরোধে আইন শৃঙ্খলা বিষয়ে নগরবাসীকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি ওয়ার্ডে কাউন্সিলরের নেতৃত্বে ও সংরিক্ষত কাউন্সিলরসহ বিভিন্ন শ্রেণী পেশার ব্যক্তিবর্গের সমন্বয়ে ওয়ার্ড কমিটি গঠন পূর্বক মাননীয় মেয়র এর উপস্থিতিতে পর্যায়ক্রমে প্রতিটি ওয়ার্ডে সভা করার ব্যব¯থা করতে হবে।<br><br>ন) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডে অধীনে জন্মমৃত্যু নিবন্ধন সনদসহ বিভিন্ন সনদ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মালামাল যেমন- কম্পিউটার, মেরামত প্রিন্টার, টোনার, কাগজ, কলম, পেন্সিল,যাবতীয় সরঞ্জামাদি ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ জন্ম মৃত্যু নিবন্ধন খাত থেকে খরচ করা যাবে কিনা এ বিষয়ে নির্দেশনার জন্য মাননীয় মেয়র কর্তৃক একটি ডিও লেটার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রেরণের ব্যবস্থা করতে হবে। |
| নভেম্বর '২০২৩ | ক) গত ২৯ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩৩তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে | ক) স্টীলমীল বাজারসহ যত্রতত্র পরে থাকা বৈদ্যুতিক পোলসমূহ সরানোর ব্যবস্থা করতে হবে।<br><br>খ) পশ্চিম মাদারবাড়ি শিশু কবরস্থান, ফিরিঙ্গিবাজার নজরুল ইসলাম সড়ক, এয়ারপোর্ট ড্রাই ডকের সন্মুখসহ বিভিন্ন এলাকায় ওয়াসারপাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br><br>গ) চান্দগাঁও থানার কাজীর হাট এলাকায় রাস্তা দখল করে হকার এবং অবৈধ সিএনজির দৌরাত্ম্য মারাত্মকভাবে হারে বৃদ্ধি পাওয়ায় সড়কে তীব্র যানজট সৃষ্টি হচ্ছে বিধায় এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>ঘ) কোতোয়ালী মোড় থেকে ব্রীজঘাট পর্যন্ত গাড়ীগুলো অতিরিক্ত গতিতে চলার কারনে দূর্ঘটনা ঘটছে বিধায় গাড়িগুলো বৈধ কিনা তা যাচাই করার জন্য সিএমপি প্রতিনিধিকে অনুরোধ জানান।<br><br>ঙ) কর্মাশিয়াল কাম রেসিডেন্সিয়াল ভবনের অনুমোদনের ক্ষেত্রে পার্কিংয়ের নকশা অনুমোদন এবং তা যথাযথ মনিটরিংয়ের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিডিএ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চ) সাধারণ নাগরিকদেরযাতে কোনরূপ দুর্ভোগ পোহাতে না হয় সেজন্য জলাবদ্ধতা প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট কাউন্সিলরদের নিজ উদ্যোগে অবলোকন করে কাজের ক্রটি বিচ্যুতি সম্পর্কে |

| | | |
|---|---|---|
| | আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | বাস্তবায়নকারী সংস্থাকে অবহিত করতে হবে।<br><br>ছ) আন্দরকিল্লাস্থ চসিক প্রধান কার্যালয়ের নির্মাণ কাজ শুরু করার জন্য পুরাতন ভবনটি ভাঙ্গার কাজ দ্রুত শেষ করতে হবে।<br><br>জ) সোলারে রূপান্তকারী এজেন্সির মাধ্যমে ব্যাটারি চালিত রিক্সাসমূহ সোলারে রূপান্তরিত করে লাইসেন্সপ্রদানের মাধ্যমে গাড়িগুলো সংখ্যা নিয়ন্ত্রণ করতে হবে। দুর্ঘটনারোধে সেন্সর স্থাপনের মাধ্যমে গতি নিয়ন্ত্রণ করতে হবে এবং গাড়িগুলো যত্রতত্র চলাচল নিয়ন্ত্রণ করতে হবে ওয়ার্ড ওয়ারী আলাদা আলাদা রঙের ড্রেসের ব্যবস্থা করতে হবে।<br><br>ঝ) যাতে বর্ষাকালে জলাবদ্ধতা সৃষ্টি না হয় সেজন্য চলমান শুষ্ক মৌসুমের মধ্যে নগরীর সকল নালা নর্দমা খালের মাটি আর্বজনা পরিপূর্ণভাবে উত্তোলন করে পানি চলাচলের সুবন্দোবস্ত করতে হবে।<br><br>ঞ) নগরীর বড় ওয়ার্ডগুলোর মশার নিধন কর্মী বৃদ্ধি করে মশক নিধন কার্যক্রম জোরদার ভাবে পরিচালনার জন্য মশক নিধন কর্মকর্তাকে আরো তৎপরতা সাথে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ট) ডেঙ্গুঁ প্রতিরোধে সকলকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>ঠ) আসন্ন শীত মৌসুমের জন্য আরও মশক নিধনের ওষুধ মজুদ করে রাখতে হবে। স্প্রেম্যানদের নিয়মিত স্প্রে ও ফগিং কার্যক্রম কাউন্সিলরদের তদারকি করতে হবে।<br><br>ড) চসিকের পরিচ্ছন্ন বিভাগ, চসিক পরিচালিত স্কুল কলেজসমূহের শিক্ষক, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীসহ অন্যান্য পদে চাকরিরতদের ধারাবাহিকভাবে চাকরী স্থায়ীকরনের জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঢ) কার/ মোটরসাইকেল ঋণ প্রদানের ক্ষেত্রে সরকারি/ বেসরকারী বিভিন্ন সংস্থার নীতিমালা পর্যালোচনা করে যুগোপযোগী নীতিমালা প্রণয়নে কমিটি গঠন করতে হবে।<br><br>ণ) আকবরশাহ্, ফয়েজলেক এলাকায় হকার উচ্ছেদের ক্ষেত্রে অদ্যাবধি কোন ব্যবস্থা নেয়া হয়নি বিধায় সিএমপি কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে।<br><br>ত) দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় বিগত সময়ে যেরূপ শান্তি ও সৌহার্দপূর্ণ পরিবেশ বজায় ছিল সেটি অক্ষুন্ন রাখার লক্ষ্যে অত্র সিটি কর্পোরেশনের কাউন্সিলরগনসহ সংশ্লিস্ট সকলে দায়িত্বশীল ভূমিকা রাখার জন্য এবং কোন অপতৎপরতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিক মাননীয় মেয়র এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ডিসেম্বর '২০২৩ | ক) গত ২৮ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩৪তম সাধারণ | ক) বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দুর্ঘটনা সর্ম্পকে ক্যাবল মালিকদের অবহিত করে পৃথক খুঁটির মাধ্যমে বক্স স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্তরে বিউবো কর্তৃক সহযোগিতা প্রদান করতে হবে। |

| | | |
|---|---|---|
| | সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | খ) পশ্চিম মাদারবাড়ি শিশু কবরস্থান, ফিরিঙ্গিবাজার নজরুল ইসলাম সড়ক, এয়ারপোর্ট ড্রাই ডকের সম্মুখসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br><br>গ) ২৫০০ কোটি টাকার প্রকল্পের অধীনে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে ১০টি গোলচত্বর নির্মাণে ফোকাল পয়েন্টের মাধ্যমে সিএমপি ট্রাফিক বিভাগ কর্তৃক চসিককে সহযোগিতা প্রদান করতে হবে।<br><br>ঘ) নির্বাচন উপলক্ষে বিভিন্ন কেন্দ্রের পার্শ্ববর্তী সড়কসমুহে হকার উচ্ছেদ করতে হবে।<br><br>ঙ) যান চলাচলের সুবিধার্থে মুরাদপুর হতে বড় দিঘীর পাড় পর্যন্ত সড়ক ব্যবসায়ীদের দখলমুক্ত করতে হবে।<br><br>চ) এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প গুলো কোথায় কিভাবে হবে তার একটি প্রজেন্টেশন মাননীয় মেয়র বরাবর উপস্থাপন করতে হবে।<br><br>ছ) পতেঙ্গা রিং রোডের আলোকায়নে কবে নাগাদ সড়কবাতি স্থাপন করা হবে তা অত্র অফিসকে অবহিত করতে হবে।<br><br>জ) কর্ণফুলি নদীর পাশ দিয়ে নির্মিত রিং রোডের কারণে কালুরঘাট কৈবত্য পাড়ার আনুমানিক ১০ হাজার জনগণের বসতি নদীগর্ভে বিলীন হওয়া থেকে রক্ষার্থে অরক্ষিত ৪০০ মিটার নদী তীরে আরসিসি ফ্লাডওয়াল নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঝ) শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে এবং দুর্ঘটনারোধে মিড অ্যাইল্যান্ড ও গোল চত্বরসমুহে রেক্টো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br><br>ঞ) সিটি ডেভেলাপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br><br>ট) কাষ্টমস এর বিল অব এন্ট্রি থেকে নিদিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ঠ) বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দুর্ঘটনারোধে পৃথক খুঁটির মাধ্যমে বক্স স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্ততে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ড) নির্বাচন উপলক্ষে বিভিন্ন কেন্দ্রের পার্শ্ববর্তী সড়কসমুহে হকার উচ্ছেদ করতে হবে।<br><br>ঢ) যান চলাচলের সুবিধার্থে মুরাদপুর হতে বড় দিঘীর পাড় পর্যন্ত সড়ক ব্যবসায়ীদের দখলমুক্ত করতে হবে।<br><br>ণ) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় যাতে কোনো অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব ও সম্প্রীতি বিনষ্ঠ না হয় সে বিষয়ে মাননীয় মেয়র মহোদয় নেতৃত্বে সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডের কাউন্সিলর ও ১৪ জন সংরক্ষিত |

| | | |
|---|---|---|
| | | কাউন্সিলরসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে।<br><br>ত) চলতি শীত মৌসুমে মহানগরীর অতিদরিদ্র জনগোষ্টির মাঝে সিটি কর্পোরেশন কর্তৃক বরাদ্ধকৃত কম্বল চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ৪১টি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর কর্তৃক ১৫০ পিচ্ এবং সংরক্ষিত মহিলা কাউন্সিলর কর্তৃক ১০০ পিচ্ সংশ্লিষ্ট ওয়ার্ডে বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| জানুয়ারী '২০২৪ | ক) গত ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩৫তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | ক) বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলগুলো ব্যবহারে নগরের সৌন্দর্যহানিসহ সৃষ্ট সমস্যা ও দুর্ঘটনা সর্ম্পকে ক্যাবল মালিকদের অবহিত করে পৃথক খুঁটির মাধ্যমে বক্স স্থাপন করে বা মাটির নিচ দিয়ে বা ড্রেইনের পাশ দিয়ে পাইপলাইনের মধ্য দিয়ে ক্যাবল স্থাপন করে নগরকে স্মার্ট সিটিতে রূপান্তরে বিউবো কর্তৃক সহযোগিতা প্রদান করতে হবে।<br><br>খ) কুঞ্জছায়া আবাসিক এলাকায় প্রায় লক্ষাধিক জনগণের জন্য সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করনে বুষ্টার পাম্প ষ্টেশন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) দীর্ঘদিন ধরে ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১ নং উপকূলীয় ওয়ার্ডসমূহে লবনাক্ততার কারণে পানীয় জলের তীব্র অভাবে থাকায় জনগনের স্বাস্থ্য ঝুঁকি তৈরী হচ্ছে বিধায় উক্ত এলাকা সমূহে অবিলম্বে সুপেয় পানি সরবরাহের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ঘ) অগ্নি নির্বাপনে পানির প্রাপ্যতা নিশ্চিতে ওয়াসা কর্তৃক নগরীর গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনকৃত শতাধিক ফায়ার হাইড্রেন্ট গুলোতে জরুরী মূর্হূতে ফায়ার সার্ভিসের পানি পাওয়া নিশ্চিতকরনে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঙ) চট্টগ্রাম শহরকে তিলোত্তমা নগরীতে পরিণত করার নিমিত্ত সুষম উন্নয়নের বিকল্প নেই। এ লক্ষ্যে নগরীর সকল সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোকে তাদের জনসম্পৃক্ত যে কোন উন্নয়ন কর্মকান্ড গ্রহণের ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অবহিতকরণসহ/ অন্যান্য সকল সংস্থা সমন্বিতভাবে সংস্থা আলোচনার মাধ্যমে গ্রহন করতে হবে।<br><br>চ) কোভিড প্রকল্পের আওতায় বিভিন্ন ওয়ার্ডে ৬৬ কিঃ মিঃ সড়ক পথে নতুনভাবে বৈদ্যুতিক পোল স্থাপন পূর্বক লাইটিং কাজের কার্যাদেশ প্রদান করতে হবে।<br><br>ছ) কাউন্সিলরদের সাথে সমন্বয় করে পরিচ্ছন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। প্রয়োজনে স্ট্রাইটিং ফোর্সের জনবল বৃদ্ধি করে সড়ক, ফুটপাতের পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>জ) সুয়্যারেজ প্রকল্পে পাইপ লাইন স্থাপনে সড়কে বোরিং করে মাটি খননের শর্ত থাকা সত্বেও ওয়াসার নিযুক্ত ঠিকাদার কর্তৃক ২৭ নং আগ্রাবাদ ওয়ার্ডে সরাসরি রাস্তা কেটে পাইপ লাইন বসানোর কাজ করার ফলে চসিকের রাস্তা মেরামতের জন্য অতিরিক্ত অর্থ ব্যয় করতে হবে, সর্বোপরি সাধারণ জনগনের চলাচলে ভোগান্তি পোহাতে হবে বিধায় এইবিষয়ে শর্তানুযায়ী মাটি খননের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ঝ) সুয়্যারেজ সেবা প্রদানের ক্ষেত্রে জনগনের কি পরিমান সেবামূল্য পরিশোধ করতে হবে তা সুস্পষ্টভাবে গেজেটসহ উপস্থাপন করতে হবে।<br><br>ঞ) এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভূক্ত সড়কসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হস্তান্তরের ক্ষেত্রে সড়কগুলো পরিপূর্ণভাবে প্রস্তুতপূর্বক জেব্রাক্রসিং ও লেইন মার্কিং এর কাজ |

| | | |
|---|---|---|
| | | সম্পন্ন করতে হবে।<br><br>ট) প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক, ফুটপাত, সড়কদ্বীপ সমূহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে। অন্যথায় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>ঠ) রাস্তা ঢালাই ও কাজের সময় সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, সুপারভাইজারগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br><br>ড) ১লা মার্চ থেকে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় স্মার্ট পে পার্কিংয়ের পাইলট প্রকল্প বাস্তাবায়ন করতে হবে।<br><br>ঢ) শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ ফেব্রুয়ারির মধ্যে শেষ করতে হবে এবং দুর্ঘটনা রোধে মিড অ্যাইল্যান্ড ও গোল চত্বরসমুহে রেক্টো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br><br>ণ) কোভিড প্রকল্পের আওতায় প্রতি ওয়ার্ডে আনুমানিক ২ কিঃ মিঃ নতুন পোল ও লাইটিং এর ব্যবস্থা করতে হবে।<br><br>ত) কোভিড প্রকল্পের আওতায় নগরীর বিভিন্ন পার্ক বিশেষতঃ লালদিঘী পার্ক, এম.এ মান্নান ফ্লাইওভার, কবরস্থান ও শ্মশানে নতুনভাবে পোল নির্মাণ ও লাইটিং, লাইটিং ফোয়ারা-এর প্রকল্প গ্রহণ করতে হবে। এছাড়া ২টি শ্মশানে অত্যাধুনিক চুল্লি নির্মাণ করতে হবে।<br><br>থ) চট্টগ্রাম মহানগরীতে স্মার্ট পে-পার্কিং চালুর বিষয়ে মাননীয় মেয়র এর সভাপতিত্বে অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), পরিচালক (ইঞ্জি:) বিআরটিএ এবং চসিকের প্রকৌশল বিভাগের মতবিনিময় সভার সিদ্ধান্ত মতে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকাতে স্মার্ট পে-পার্কিং পাইলটিং পর্যায়ে চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>দ) নগরীর মূলসড়কসহ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বলতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজার ও কর্মকর্তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ধ) ১লা মার্চ থেকে আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায় স্মার্ট পে পার্কিংয়ের পাইলট প্রকল্প বাস্তবায়ন করতে হবে। |
| ফেব্রুয়ারী '২০২৪ | ক) গত ৩০ জানুয়ারি২০২৪ তারিখে অনুষ্ঠিত ৩৬তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার | ক) রোড কাটিং বাবদ প্রাপ্য রাজস্ব যাতে গ্রাহক কোনভাবে ফাঁকি দিতে না পারে সেজন্য ওয়াসাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) পবিত্র রমজান মাসে নগরীর সর্বত্র সুপেয় পানি সরবরাহ নিশ্চিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদরে জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে আগামী সাধারণ সভায় মতামত প্রদান করতে হবে।<br><br>ঘ) নগরীতে ফুটপাতে অবৈধ দোকানে যাতে কোনভাবে বিদ্যুৎ সংযোগ দেয়া না হয় সে বিষয়ে |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে বিভিন্ন স্থানে প্রদত্ত অনুরূপ সংযোগসমূহ বিচ্ছিন্ন করে ফুটপাত অবৈধ দখলদারমুক্ত করতে চসিককে সহায়তা করতে হবে।<br><br>ঙ) পিডিবির বৈদ্যুতিক পোলে যাতে ইন্টারনেট ও ডিশএন্টেনা ক্যাবলের জঞ্জালে পরিণত না হয় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>চ) দক্ষিণ বাকলিয়া কাঠের পুল এলাকায়, মাদারবাড়িতে হোটেল আল হাসেমীর পাশে, ফিরিঙ্গিবাজারের ঝুকিঁপূর্ণ বৈদ্যুতিক পোল এবং ৩৭ নং ওয়ার্ডসহ অন্যান্য ওর্য়াডে রাস্তার অভ্যন্তরে স্থিত পোলসমূহ স্থানান্তরে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ছ) চসিক সড়ক, ফুটপাতসহ যেকোন জায়গা উদ্ধার করলে সংশ্লিষ্ট থানাগুলো নিয়মিত মনিটরিং এর মাধ্যমে ফুটপাত ও সড়কগুলো উন্মুক্ত রেখে গুরুত্বপূর্ণ স্থানগুলো যানজট মুক্ত রাখতে হবে এবং সাধারণ জনগণের নির্বিঘ্ন চলাচলের ব্যবস্থা করতে হবে।<br><br>জ) নিউমার্কেট, স্টেশন রোড এলাকায় অবৈধভাবে সড়ক দখলকারীদের উচ্ছেদকালে পুলিশি, সরকারি কর্মকর্তা ও চসিকের কর্মীদের উপর হামলাকারীদের দ্রুত গ্রেপ্তারপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঝ) আসন্ন রমজানে নগরীতে যানজট হ্রাস ও আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির মাধ্যমে জনগণের ভোগান্তি লাঘবে জোরদারভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ঞ) এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভূক্ত সড়কসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে হস্তান্তরের ক্ষেত্রে সড়কগুলো পরিপূর্ণভাবে প্রস্তুতপূর্বক জেব্রাক্রসিং ও লেইন মার্কিং এর কাজ সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ট) পূর্ব ষোলশহরের জলাবদ্ধতা নিরসনের এক কিলোমিটার এলাকায় কালভার্টের মাধ্যমে বারইপাড়া খালের সাথে বাকলিয়া খালের সংযোগ করে বাকলিয়া খালের পানি বারইপাড়া খালের মাধ্যমে কর্ণফুলীতে নিষ্কাশনে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঠ) উন্নয়ন কাজ চলাকালে কাজের স্বচ্ছতার বিষয়ে জবাবদিহিতা নিশ্চিত করতে এলাকায় সাইনবোর্ডে কাজের বিবরণ থাকতে হবে এবং ১ মাসের মধ্যে ২৫০০ কোটি টাকার বাস্তবায়িত সকল প্রকল্পে নামফলক স্থাপন করতে হবে।<br><br>ড) বৈদ্যুতিক পোল স্থাপনে পিডিবি থেকে সড়ক কর্তন ফি আদায়ের বিষয়ে মন্ত্রনালয়ে ডিও প্রেরণ করতে হবে।<br><br>ঢ) পবিত্র রমজান মাসে সকল মসজিদ, কবরস্থানের পোলসমূহে বাতি প্রজ্জ্বালন নিশ্চিত করতে হবে।<br><br>ণ) নগরীর মূলসড়কসহ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি প্রজ্জ্বালন নিশ্চিত করতে হবে।<br><br>ত) এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | থ) সিটি ডেভেলাপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br><br>দ) নগরীর সকল নালা, নর্দমা, সড়ক, বাজার ও বিপণীকেন্দ্রগুলোতে পরিচ্ছন্ন কার্যক্রম সুচারুরূপে বাস্তবায়ন করতে হবে।<br><br>ধ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি মডেল প্রবিধান খসড়া সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>ন) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্গ্রানোগ্রাম দ্রুত অনুমোদনের জন্য ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>প) বিভিন্ন বিভাগের অর্গ্রানোগ্রাম ভুক্ত শূণ্য পদে বিধি অনুযায়ী নিয়োগের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>ফ) সুষ্টু আর্থিক পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিটি বিভাগে নিয়মিত অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং তা সাধারণ সভায় পেশ করতে হবে।<br><br>ব) ২০৪১ সালের মধ্যে স্মার্ট বংলাদেশ বির্নিমাণে কর্মমুখী শিক্ষার উপর গুরুত্বারোপ করে সে অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিভিন্ন ট্রেড কোর্স চালুকরণে কার্য়কর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ভ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগকৃত স্থায়ী শিক্ষকদের এমপিও ভূক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| মার্চ '২০২৪ | ক) গত ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৩৭তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে | ক) ৩৭ - ৪১ নং উপকূলীয় ওয়ার্ডসমূহে সুপেয় পানি সরবরাহের নিমিত্তে ওয়াসাকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) ঈদুল ফিতর ও বাংলা নববর্ষ আনন্দঘন পরিবেশে উৎযাপনে জন্য আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির মাধ্যমে জনগণের ভোগান্তি লাঘবে জোরদারভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>গ) আন্দরকিল্লায় নির্মাণাধীন নগর ভবনের কাজ দ্রুততার সাথে সম্পন্নের জন্য প্রকৌশল বিভাগ কর্তৃক নিয়মিত নজরদারি করতে হবে।<br><br>ঘ) চসিকের ভবনগুলোকে উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে আয়বর্ধন করতে হবে।<br><br>ঙ) এপ্রিল মাসের মধ্যে আগ্রাবাদসহ নগরের গুরুত্বপূর্ণ এলাকায় স্মার্ট পে পার্কিং প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br><br>চ) শহরের সকল সড়কে জেব্রা ক্রসিং ও লেইন মার্কিংয়ের কাজ এপ্রিল মাসের মধ্যে শেষ করতে হবে এবং দুর্ঘটনারোধে মিড অ্যাইল্যান্ড ও গোল চত্বরসমুহে রেক্টো রিফ্লেকটিভ স্টিকার ব্যবহার করতে হবে।<br><br>ছ) চাঁনমিয়া সওদাগর রোডের অসমান অংশ কেটে প্যাচওয়ার্ক করে জরুরি ভিত্তিতে যানবাহন |

| | | |
|---|---|---|
| | আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | চলাচলের উপযোগী করে দিতে হবে।<br><br>জ) ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজের গুনগতমান বজায় রাখার জন্য নির্মাণ সামগ্রী চসিকের ল্যাবে পরীক্ষা করতে হবে।<br><br>ঝ) প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও সুপারভাইজারদের সড়ক, ফুটপাত, সড়কদ্বীপ সমুহের জরুরি ভিত্তিতে সংস্কারের নিমিত্তে নিয়মিত সরেজমিনে পরিদর্শন নিশ্চিত করতে হবে।<br><br>ঞ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে আয়বর্ধক প্রকল্প গ্রহণের মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করতে হবে।<br><br>ট) অননুমোদিত স্ল্যাবসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঠ) সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিউনিটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ড) আসন্ন ঈদুল ফিতর মসজিদ, কবরস্থানসহ ধর্মীয় প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের আশপাশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং মশক নিধন কার্যক্রম চালাতে হবে।<br><br>ঢ) কবরস্থান আশপাশে, মসজিদের ভিতরে চারপাশে, প্রতিদিন তারাবি নামাজের পূর্বে মশক নিধনের ফগিং কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>ণ) নাগরিক ও কমিউনিটির জন্য তথ্য প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে হিসাব নিরীক্ষা ও রক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ, সুপারিশ ও তদারকির জন্য কর্পোরেশনের সকল আয় ব্যয়ের হিসাব নিয়মিত হিসাব নিরীক্ষা ও রক্ষণ কমিটিতে উপস্থাপন করতে হবে।<br><br>ত) সুষ্টু আর্থিক পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিটি বিভাগে নিয়মিত অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং তা সাধারণ সভায় পেশ করতে হবে।<br><br>থ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ পরিচালিত হাসপাতাল, নগর স্বাস্থ্য কেন্দ্রসমূহ নিয়মিত মনিটরিং করে সেবার মান বৃদ্ধি করতে হবে। |
| এপ্রিল ’২০২৪ | ক) গত ২৮ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৩৮তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও | ক) রুবি সিমেন্ট থেকে ড্রাইডক এলাকা পর্যন্ত সড়কে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক চার লেনে উন্নীতকরনের কাজ চলমান থাকায় উক্ত এলাকায় ওয়াসার আশু পাইপ লাইন স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা চসিককে অবহিত করতে হবে।<br><br>খ) পলিটেকনিক রোড, খুলশি রোডসহ গুরুত্বপূণর্ সড়কে ব্যাটারিচালিত রিক্সার চলাচল অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় যানজট ও দুর্ঘটনা রোধে এ বিষয়ে জরুরি ব্যবস্থা গ্রহণ জন্য করতে হবে।<br><br>গ) সিডিএ ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে রাস্তা থেকে কমপক্ষে ৫ ফিট ছাড়কৃত ভুমি |

| | | |
|---|---|---|
| | অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | সিডিএ কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে দলিলের মাধ্যমে হস্তান্তরের বিষয়টি সিডিএ বোর্ড সভায় অনুমোদিত হয়েছে যা এখনো কার্যকর হয়নি। এ বিষয়ে জনস্বার্থে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ঘ) এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের আওতাভূক্ত সড়কসমূহে লেইন মার্কিং ও জেব্রা ক্রসিংয়ের জন্য ২ কোটি ৮৯ লক্ষ টাকা সিডিএ কর্তৃক চসিককে প্রদান করা হয়। কিন্তু খানা খন্দক মেরামত ও মিড আইল্যান্ড প্রস্তুত না হওয়ায় সড়কটিতে যান চলাচল বিঘ্ন ঘটছে। তাই অবিলম্বে সড়কটি সংস্কার কাজ সম্পন্ন করে চসিককে হস্তান্তর করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঙ) বৈদ্যুতিক সুপারভাইজার ও বাতি পরিদর্শকেরা রাতের বেলায় নিয়মিত পরিদর্শন করছে কিনা তা কাউন্সিলররা তদারকি করে দায়িত্ব কাজে কোন অবহেলা পরিলক্ষিত হলে তা অফিসকে অবহিত করতে হবে এবং কাউন্সিলরদের অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চ) নগরীর প্রতিটি ওয়ার্ডের ঝুঁকিপূর্ণ ও রাস্তার অভ্যন্তরে স্থিত বৈদ্যুতিক পোলসমূহের কাউন্সিলরদের সাথে সমন্বয় করে তালিকা প্রস্তুতপূর্বক সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ছ) বৈদ্যুতিক পোল স্থাপনে পিডিবি থেকে সড়ক কর্তন ফি আদায়ের বিষয়ে মন্ত্রনালয়ে ডিও প্রেরণ করতে হবে।<br><br>জ) পবিত্র রমজান মাসে সকল মসজিদ, কবরস্থানের পোলসমূহে বাতি প্রজ্জ্বালন নিশ্চিত করতে হবে।<br><br>ঝ) নগরীর মূল সড়কসহ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি প্রজ্জ্বালন নিশ্চিত করতে হবে।<br><br>ঞ) যান্ত্রিক শাখার যানবাহন, জ্বালানী তেল, গ্যাসের সুষ্টু ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।<br><br>ট) ডেঙ্গুঁ প্রতিরোধে সকলকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এসব স্থানসমূহে আরো অধিক পরিমানে মশক নিধন কার্যক্রম জোরদারভাবে বাস্তবায়ন করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে কাউন্সিলরদের মাঠে থেকে এ কার্যক্রম তদারকি করতে হবে।<br><br>ঠ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগকৃত স্থায়ী শিক্ষকদের এমপিও ভূক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| মে ’২০২৪ | ক) গত ১৮ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৩৯তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও | ক) নগরীর ৪০-৪১ নং উপকূলীয় ওয়ার্ডের জনগণ দীর্ঘদিন ধরে সুপেয় পানির অভাবে কষ্ট পাচ্ছে।গত ২০১৫ সাল থেকে সম্মানিত সাধারণ সভার মাধ্যমে এ বিষয়ে নিয়মিত ওয়াসার দৃষ্টি আকর্ষণ করলেও অদ্যবধি ওয়াসা কর্তৃপক্ষের কোনরূপ কার্যকর পদক্ষেপ দৃশ্যমান হচ্ছে না। এমতাবস্থায় সাধারণ জনগণের বিশুদ্ধ পানীয় জলের দীর্ঘদিনের হাহাকার দূরীকরণে ৪০, ৪১নং উপকূলীয় ওয়ার্ডে সুপেয় পানি সরবরাহের জন্য গৃহীত পদক্ষেপের অগ্রগতি সাধারণ সভার মাধ্যমে সুস্পষ্টভাবে উপস্থাপন করতে হবে।<br><br>খ)চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারের জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে মন্ত্রণালয়ে পত্রের অগ্রগতি |

| | | |
|---|---|---|
| | অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | সাধারণ সভায়ে উপস্থাপন করার সিদ্ধান্ত ছিল কিন্তু প্রতিনিধি না থাকায় এ বিষয়ে আলোচনা হয়নি। গণপূর্ত অধিদপ্তরে প্রতিনিধির অনুপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তরে অবহিতকরণ এবং প্রতিনিধি প্রেরনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) আসন্ন ঈদুল আযাহার সময় পুলিশ বিভাগকে নগরীর সর্বত্র আইন শৃঙ্খলা রক্ষার্থে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।<br><br>ঘ) ঈদে যেহেতু পশুর হাট গুলোতে শত শত কোটি টাকার লেনদেন হবে, মানুষ যাতায়াত করবে তাই নিরাপত্তার বিষয়ে পুলিশের সজাগ থাকতে হবে।<br><br>ঙ) নগরীর বায়েজিদে চন্দ্রনগরে একসময় বিশাল নাগ-নাগিন পাহাড় ছিল। ভূমিদস্যুরা কাটতে কাটতে এটাকে অস্তিত্বহীন করে ফেলেছে। ওখানে নির্মাণাধীন একটি ভবনের দেয়াল চাপা পড়ে একজন মারা গেছেন। এই ভবনের সিডিএ অনুমোদন আছে কী না বা থাকলে কি নীতিতে এ ভবন নির্মাণের অনুমোদন দেয়া হয়েছে তা সাধারণ সভায় অবহিত করতে হবে।<br><br>চ) আখতারুজ্জামান ফ্লাইওভার ও মহিউদ্দিন চৌধুরী এক্সপ্রেসওয়ের ল্যান্ডিং পয়েন্ট লালখান বাজার মোড়ে সিডিএ কর্তৃক প্রস্তাবিত গুরুত্বপূর্ণ ওভারব্রিজটি কবে নাগাদ নির্মাণ কাজ শুরু হবে তা সুনির্দিষ্টভাবে জানাতে হবে।<br><br>ছ) পিডিবির বৈদ্যুতিক পোলে ইন্টারনেট ও ডিসএন্টেনা ক্যাবলের কারণে সম্ভাব্য অগ্নিকান্ড ও তারের জঞ্জালমুক্ত করে স্মার্ট নগরী বিনির্মাণে গৃহীত পদক্ষেপ সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>জ) ১ নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ডে প্রতিনিয়ত পাহাড় কেটে আবাসন প্রকল্প তৈরি করা হচ্ছে। বিভিন্ন শিল্প কারখানা হচ্ছে। পরিবেশ অধিদপ্তরকে জানানো হলেও কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। সাধারণ সভায় এ বিষয়ে গৃহীত পদক্ষেপ উপস্থাপন করতে হবে। এ বিষয়েপরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের দায়িত্বে অবহেলার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দপ্তর সংস্থাকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।<br><br>ঝ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক নগরীকে সবুজায়নের নিমিত্তে এ বছর পাঁচ লক্ষ বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সিটি করপোরেশনকে বন বিভাগ থেকে গাছ দিয়ে সহায়তা করার আহ্বান জানানো হয়। তাই বন বিভাগ কি পরিমান গাছের চারা সিটি কর্পোরেশনকে প্রদান করবে তা সাধারণ সভায় উপস্থাপনের অনুরোধ করা হয়।<br><br>ঞ) নগরের রাস্তা, অবকাঠামো নির্মাণে কোন ঠিকাদারেরা নিম্নমানের কাজ করলে বা কাজ নিয়ে ফেলে রাখলে তাকে জরিমানা করতে হবে, প্রয়োজনে কার্যাদেশ বাতিল করে কালো তালিকাভুক্ত করতে হবে।<br><br>ট) নগরীতে চলমান উন্নয়ন কাজগুলো কাউন্সিলরদের নিয়মিত তদারকি করতে হবে। এক্ষেত্রে কোনরূপ অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে তা কর্তৃপক্ষকে অবগতপূর্বক সংশ্লিষ্টদের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণের সহযোগিতা করতে হবে।<br><br>ঠ) বৈদ্যুতিক সুপারভাইজার ও বাতি পরিদর্শকেরা রাতের বেলায় নিয়মিত পরিদর্শন করছেন কিনা তা কাউন্সিলররা তদারকি করে দায়িত্বেঅবহেলা পরিলক্ষিত হলে তা অফিসকে অবহিত করতে হবে এবং কাউন্সিলরদের অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা |

| | | |
|---|---|---|
| | | গ্রহণ করতে হবে।<br><br>ড)এলওসির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ঢ) যান্ত্রিক শাখার যানবাহন,জ্বালানি তেল, গ্যাসের সফটওয়্যারের মাধ্যমে সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ণ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ কাজগুলো যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ত) স্থানীয় সরকার আইন ২০০৯ অনুযায়ী অভিধান প্রণয়ন করে রাজস্ব আদায়ের সম্ভাব্য খাত গুলো রাজস্বের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>থ)ই-রেভিনিউ পদ্ধতিতে রাজস্ব আদায়ের প্রক্রিয়া শতভাগ বাস্তবায়ন করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>দ) প্রতিবারের মতো ঈদুল আযহার কোরবানি পশু জবাইয়ের ৮ ঘন্টার মধ্যেই পশুর বর্জ্য অপসারণ প্রক্রিয়া সম্পূর্ণ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ধ) কোরবানির পশুর চামড়া সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ন) নগরীকে পরিচ্ছন্ন রাখার বিষয়ে কাউন্সিলরদের কঠোর ভূমিকা পালন করতে হবে।<br><br>প) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এলাকা বর্ধিতকরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। কমিটি প্রয়োজনে আরো সদস্যকে কো-অপ্ট করতে পারবে।<br><br>কমিটি নিম্নরূপঃ<br><br>ক)সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন - আহবায়ক<br><br>খ) প্রধান রাজস্ব কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন - সদস্য<br><br>গ)আইন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন - সদস্য<br><br>ঘ) প্রধান প্রকৌশলী,চট্টগ্রাম সিটি কর্পোরেশন - সদস্য<br><br>ঙ) ভূ-সম্পত্তি কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন - সদস্য সচিব<br><br>ফ) নগরীর গুরুত্বপূর্ণ স্টেশন রোড, নিউমার্কেট এলাকাসহ সকল রাস্তা,ফুটপাত দখল মুক্ত রাখা, ডেঙ্গু প্রতিরোধ, খাদ্যে ভেজাল রোধ ও বাজার মূল্য নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ দমনে জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br><br>ব) সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল,কলেজ, মাদ্রাসা, প্রশিক্ষণ কেন্দ্রসমূহ নিয়মিত |

| | | |
|---|---|---|
| | | পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ভ) সুষ্ঠু আর্থিক পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিটি বিভাগে নিয়মিত অভ্যন্তরীণ অডিট কার্যক্রম সম্পূর্ণ করতে হবে এবং তা সাধারন সভায় পেশ করতে হবে।<br><br>ম) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ পরিচালিত হাসপাতাল, নগর স্বাস্থ্য কেন্দ্রসমূহ নিয়মিত মনিটরিং করে সেবার মান বৃদ্ধি করতে হবে।<br><br>ম) বীর মুক্তিযোদ্ধা সৈয়দ ওমর ফারুকের নামে ২১ নং জামাল খান ওয়ার্ডের আসকার দিঘির চত্বরের নামকরণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হওয়ায় তা চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। |
| জুন '২০২৪ | ক) গত ২৮ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৪০তম সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।<br><br>খ) গত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।<br><br>গ) স্থায়ী কমিটি কর্তৃক প্রেরিত বিষয়াদি নিয়ে আলোচনা।<br><br>ঘ) জলাবদ্ধতা নিয়ন্ত্রণ ও ডেঙ্গুর প্রকোপ কমাতে করণীয়।<br><br>ঙ) বিবিধ আলোচনা। | ক) নগরীর ৪০, ৪১ নং উপকূলীয় ওয়ার্ডের জনগণ দীর্ঘদিন ধরে সুপেয় পানির অভাবে কষ্ট পাচ্ছে। গত ২০১৫ সাল থেকে সম্মানিত কাউন্সিলরগণ সাধারণ সভার মাধ্যমে এ বিষয়ে নিয়মিত ওয়াসার দৃষ্টি আকর্ষণ করলেও অদ্যবধি ওয়াসা কর্তৃপক্ষের কোনরূপ কার্যকর পদক্ষেপ দৃশ্যমান হচ্ছে না। এমতাবস্থায় সাধারণ জনগনের বিশুদ্ধ পানীয় জলের দীর্ঘদিনের হাহাকার নাগরিক সমস্যা দূরীকরনে ৪০, ৪১ নং উপকূলীয় ওয়ার্ডে সুপেয় পানি সরবরাহের জন্য গৃহীত পদক্ষেপের অগ্রগতি সাধারণ সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন করতে হবে।<br><br>খ) নগরীর নালা নর্দমার ভিতর বিভিন্ন সংস্থার সার্ভিস পাইপ লাইন, গ্রাহক লাইন স্থাপন করার ফলে নালার ভিতর দিয়ে পানি নিষ্কাশনে প্রতিবদ্ধকতা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় লালখানবাজার ওয়ার্ডসহ বিভিন্ন ওয়ার্ডে নালার ভিতর দিয়ে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী ওয়াসার বড় পাইপ লাইন ও গ্রাহক সংযোগ দেয়া ওয়াসার পুরোনো পাইপ লাইনগুলো দ্রুত সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় বায়েজীদ এলাকায় গণপূর্ত অধিদপ্তরের উদ্ধারকৃত জায়গায় হকারদরে জন্য হলিডে মার্কেট স্থাপনের বিষয়ে মন্ত্রনালয়ে প্রেরিত পত্রের অগ্রগতি সাধারণ সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত ছিল কিন্তু প্রতিনিধি না থাকায় এ বিষয়ে আলাচনা হয়নি। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধির অনুপস্থিতির বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রনালয় ও অধিদপ্তরে অবহিত করন এবং প্রতিনিধি প্রেরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহনের বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) আসন্ন ঈদুল আযহার সময় পুলিশ বিভাগকে নগরীর সর্বত্র আইন শৃঙ্খলা রক্ষার্থে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।<br><br>ঙ) ঈদে যেহেতু পশুর হাটগুলোতে শত-শত কোটি টাকার লেন-দেন হবে, মানুষ যাতায়াত করবে তাই জনগণের নিরাপত্তার বিষয়ে পুলিশকে সজাগ থাকতে হবে।<br><br>চ) বায়েজীদ থানায় একটি সংঘবদ্ধ চক্র নারীদের টোপ হিসেবে ব্যবহার করে, কিছু ক্ষেত্রে ফেইসবুক, সামাজিক যোগাযোগ মাধ্যমের সাহায্য নিয়েও সাধারণ মানুষদের হেনস্তা করা হচ্ছে। এহেন অপকর্মের মূলহোতাদের গ্রেপ্তারপূর্বক আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি সাধন করতে হবে।<br><br>ছ) শুকটিপট্টী ডাইভারশন খালের মাটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে পরিষ্কার করা |

| | | |
|---|---|---|
| | | হয়েছে। কিন্তু খালে রিটেইনিং ওয়াল করা হয়নি। নিরাপত্তার স্বার্থে উক্ত খালে রিটেইনিং ওয়াল নির্মাণের ব্যবস্থা করতে হবে।<br><br>জ) পাথরঘাটা এলাকাকে পরিচ্ছন্ন রাখতে নির্ধারণকৃত স্থানে এসটিএস নির্মাণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঝ) বিভিন্ন খাল নালার ভিতর ওয়াসায় যেসব পাইপ রয়েছে তার তালিকা ওয়াসাকে প্রেরণ করতে হবে।<br><br>ঞ) আন্দরকিল্লায় নির্মাণাধীন নগর ভবনের কাজ দ্রুততার সাথে সম্পন্নের জন্য প্রকৌশল বিভাগ কর্তৃক নিয়মিত নজরদারি করতে হবে।<br><br>ট) যান্ত্রিক শাখার যানবাহন, জ্বালানী তেল, গ্যাসের সফটওয়্যারের মাধ্যমে সুষ্টু ব্যবস্থাপনা নিশ্চিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে ।<br><br>ঠ) কোভিড-১৯ প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন কাজ এবং কাজের অগ্রগতি প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br><br>ড) বৈদ্যুতিক সুপারভাইজার ও বাতি পরিদর্শকেরা রাতের বেলায় নিয়মিত পরিদর্শন করছে কিনা তা কাউন্সিলররা তদারকি করে দায়িত্ব কাজে কোন অবহেলা পরিলক্ষিত হলে তা অফিসকে অবহিত করতে হবে এবং কাউন্সিলরদের অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঢ) বৈদ্যুতিক পোল স্থাপনে পিডিবি থেকে সড়ক কর্তন ফি আদায়ের বিষয়ে মন্ত্রনালয়ে ডিও প্রেরণ করতে হবে।<br><br>ণ) রাজস্ব আদায় বৃদ্ধিতে রাজস্ব সার্কেলগুলোতে নিয়মিত পরিদর্শন, পারফরম্যান্স অনুযায়ী কর্মীদের প্রনোদনা, টার্গেট অর্জনে ব্যর্থদের বদলী (প্রয়োজনে অন্য বিভাগে), করদাতাদের সাথে উদ্বুদ্ধকরণ সভা, গৃহকরদাতার আওতা বৃদ্ধি, লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানকে লাইসেন্সভুক্তি ও লাইসেন্সধারী প্রতিষ্ঠানগুলোর শতভাগ লাইসেন্স নবায়ন নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>ত) নগরীর গুরুত্বপূর্ণ স্টেশন রোড, নিউ মার্কেট এলাকাসহ সকল রাস্তা, ফুটপাত দখলমুক্ত রাখা, ডেঙ্গু প্রতিরোধ, খাদ্যে ভেজাল রোধ ও বাজার মূল্য নিয়ন্ত্রণ, আইন শৃঙ্খলা রক্ষা ও অপরাধ দমনে জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। |

## ৯.২ স্থায়ী কমিটির সভা

### (১) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি

**অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সদস্যবৃন্দ**

| ক্রমিক | পদবী | নাম |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ০১ | পদাধিকারবলে সদস্য (মেয়র) | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী |
| ০২ | সভাপতি | জনাব মোহাম্মদ ইসমাইল |
| ০৩ | সদস্য | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন |
| ০৪ | সদস্য | জনাব আবদুস সালাম মাসুম |
| ০৫ | সদস্য | জনাব গাজী মোঃ শফিউল আজিম |
| ০৬ | সদস্য | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী |
| ০৭ | সদস্য | জনাব এম আশরাফুল আলম |
| ০৮ | সদস্য | জনাব জেসমিন পারভীন জেসী (সংরক্ষিত - ৩) |
| ০৯ | সদস্য | |
| ১০ | পদাধিকারবলে সদস্য সচিব | জনাব মোহাম্মদ আশরাফুল আমিন, সচিব |

**<u>অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ</u>**

<u>অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ</u>

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| আগস্ট ২০২৩ | ক) কর্মকর্তা সমন্বয়ে একটি কমিটি গঠিন করতে হবে। যার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ওয়ার্ড/ এলাকার নির্বাহী প্রকৌশলী, সমন্বয়ে একটি কমিটি গঠন করে তার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করতে হবে। বিষয়টি সাধারণ সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | খ) রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে মাননীয় মেয়র মহোদয় ও প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অনুমোদনক্রমে রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা কর্মচারীদের নিয়ে আগামী ১০-০৯-২০২৩খ্রিঃ তারিখে মতবিনিময় সভা | রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষে মাননীয় মেয়র মহোদয় ও প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অনুমোদনক্রমে রাজস্ব বিভাগের সকল কর্মকর্তা কর্মচারীদের নিয়ে আগামী ১০-০৯-২০২৩খ্রিঃ তারিখে একটি মতবিনিময় সভা আয়োজন করবেন এবং উক্ত সভায় সকল কর আদায়কারীকে স্ব-স্ব এলাকার সম্মানিত করদাতাদের নিকট প্রেরিত বছরের |

| | | |
|---|---|---|
| | আয়োজন এবং উক্ত সভায় সকল কর আদায়কারীকে স্ব-স্ব এলাকার সম্মানিত করদাতাদের নিকট প্রেরিত বছরের প্রথম তিন মাসের ডিমান্ড নোটিশ জারির রেজিষ্টার, ডিমান্ডের বিপরীতে আদায় এর প্রমাণক উপস্থাপনসহ বকেয়া আদয়ের ক্ষেত্রে সরকারি/ বেসরকারি প্রতিষ্ঠানকে কয়টি সাদা, হলুদ, লাল নোটিশ জারি করা হয় তার প্রতিবেদন প্রতি মাসে ছক আকারে দাখিল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রথম তিন মাসের ডিমান্ড নোটিশ জারির রেজিষ্টার, ডিমান্ডের বিপরীতে আদায় এর প্রমাণক উপস্থাপনসহ বকেয়া আদয়ের ক্ষেত্রে সরকারি/ বেসরকারি কয়টি প্রতিষ্ঠানকে সাদা, হলুদ, লাল নোটিশ জারি করা হয় তার প্রতিবেদন প্রতি মাসে স্ব-স্ব এলাকার সম্মানিত কাউন্সিলর বরাবর ছক আকারে দাখিল করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | গ) চলমান গৃহকর আপিল রিভিউ বোর্ডে অত্র কমিটির একজনকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | চলমান গৃহকর আপিল রিভিউ বোর্ডে অত্র কমিটির একজনকে সদস্য হিসাবে অর্ন্তভুক্ত করার বিষয়টি সাধারণ সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | ঘ) রাজস্ব আদায়ের ক্ষেত্রে স্ব-স্ব অনুমতি পত্র পরিদর্শক, কর আদায়কারী তাদের উপর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়ে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে বদলী অথবা স্ব-স্ব বিভাগে বদলী/ বিভাগীয় ব্যবস্থা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | রাজস্ব আদায়ের ক্ষেত্রে স্ব-স্ব অনুমতি পত্র পরিদর্শক, কর আদায়কারী তাদের উপর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়ে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে বদলী অথবা স্ব-স্ব বিভাগে বদলী/ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিষয়টি সাধারণ সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | চ) নগর পরিকল্পনা শাখা হইতে সৌন্দর্য্য বর্ধন প্রকল্পের অধীনে ডিএসকে প্রতিষ্টান কর্তৃক এ পর্যন্ত কয়টি গনশৌচাগার তৈরী করা হয় উক্ত প্রতিষ্ঠানের চুক্তিপত্রের মেয়াদ এবং কত টাকা অত্র অফিসে জমা প্রদান | নগর পরিকল্পনা শাখা হইতে সৌন্দর্য্য বর্ধন প্রকল্পের অধীনে ডিএসকে প্রতিষ্টান কর্তৃক এ পর্যন্ত কয়টি গনশৌচাগার তৈরী করা হয় উক্ত প্রতিষ্ঠানের চুক্তি পত্রের মেয়াদ এবং কত টাকা অত্র অফিসে জমা প্রদান করেন তার খাতওয়ারি বিস্তারিত তালিকা প্রস্তুত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন আকারে অত্র কমিটির সদস্য সচিব |

| | | |
|---|---|---|
| | করেন তার খাতওয়ারি বিস্তারিত তালিকা প্রস্তুত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন আকারে অত্র কমিটির সদস্য সচিব বরাবরে দাখিলের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বরাবরে দাখিলের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে নগর পরিকল্পনাবিদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | ছ) শহরের যেসব স্থানে চুক্তিপত্র সম্পাদন ব্যাতিত অনুমতিবিহীন এলইডি টেলিভিশন স্থাপন করে ব্যবসা পরিচালনা করায় চসিক রাজস্ব বঞ্চিত হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | শহরের যেসব স্থানে চুক্তিপত্র সম্পাদন ব্যতিত অনুমতিবিহীন এলইডি টেলিভিশন স্থাপন করে ব্যবসা পরিচালনা করছে সে সব প্রতিষ্ঠান গুলো কত টাকা অত্র অফিসে জমা প্রদান করেন তার খাতওয়ারি বিস্তারিত তালিকা প্রস্তুত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন কগমা দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। |
| | জ) চসিক এর মালিকানাধীন ফ্ল্যাট/ মার্কেট এর দোকান/ হাটবাজার ইজারা/ ফেরীঘাট ইজারা/ খাস আদায় এবং অন্যান্য খাত হতে হালসাল পর্যন্ত প্রাপ্য রাজস্ব/ আদায়কৃত রাজস্ব/ বকেয়া রাজস্বের পরিমান উল্লেখ পূর্বক প্রতি মাসে ছক আকারে প্রতিবেদন অত্র কমিটির সদস্য সচিব বরাবরে দাখিল করা এবং বিবির হাট গরু বাজারের খাস আদায় এর লক্ষ্যে অত্র কমিটি হতে সরেজমিনে তদন্ত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে অত্র কমিটির সদস্য সচিব বরাবরে এ বিষয়ে সহকারী ভু-সম্পত্তি কর্মকর্তা কর্তৃক প্রতিবেদন দাখিলের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | চসিক এর মালিকানাধীন ফ্ল্যাট/ মার্কেট এর দোকান/ হাটবাজার ইজারা/ ফেরীঘাট ইজারা/ খাস আদায় এবং অন্যান্য খাত হতে হালসাল পর্যন্ত প্রাপ্য রাজস্ব/ আদায়কৃত রাজস্ব/ বকেয়া রাজস্বের পরিমাণ উল্লেখ পূর্বক প্রতি মাসে ছক আকারে প্রতিবেদন অত্র কমিটির সদস্য সচিব বরাবরে দাখিল করা এবং বিবিরহাট গরু বাজারের খাস আদায় এর লক্ষ্যে অত্র কমিটি হতে সরেজমিনে তদন্ত করে আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে অত্র কমিটির সদস্য সচিব বরাবরে এ বিষয়ে সহকারী ভু-সম্পত্তি কর্মকর্তা কর্তৃক প্রতিবেদন দাখিলের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| অক্টোবর ২০২৩ | ক) দেওয়ানহাট মহল্লার হোল্ডিং নং ১৪১/১৫২ পৌরকর স্থগিত প্রসঙ্গো। | সম্মানিত সংশ্লিষ্ট কাউন্সিলর এবং রাজস্ব বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্ত পূর্বক এর সত্যতা নিরুপন করে আলোচ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এ স্থাপনা পুনঃ নির্মান না হওয়া পর্যন্ত পৌরকর স্থগিত করা এবং পুনঃ নির্মাণের পর পৌরকর নির্ধারন করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | খ) জামালখান মহল্লার হোল্ডিং নং নতুন ৯৪৪ এর ব্যাংক ঋণ সমন্বয় করে পৌরকর পুনঃ মুল্যায়ন প্রসঙ্গো। | রাজস্ব বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্ত পূর্বক এর সত্যতা নিরুপন করে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরের এ বিষয়ে প্রত্যয়ন/ মতামত গ্রহণ পূর্বক আলোচ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এর ঋণ সমন্বয় করণ পূর্বক পৌরকর নির্ধারণ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | গ) নাসিরাবাদ মহল্লার হোল্ডিং নং নতুন/৪৮১৩/১৫ পৌরকর স্থগিত প্রসঙ্গো।(মুক্তিযোদ্বা) | আলোচ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী এ বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | ঘ) রাজস্ব সার্কেল ০৭ ফাইল নং ০৭ ট্রেড লাইসেন্স নং এ্জঅউ/ঈঐঞএ/০০১৪৪১/ ২০২৩ ব্যবসার ধরন বিয়োজন প্রসঙ্গো। | রাজস্ব বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্ত পূর্বক এর সত্যতা নিরুপন করে সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত ট্রেড লাইসেন্সে ব্যবসার ধরন বিয়োজন করে আমদানীকারক, সরবরাহকারী এবং রপ্তানীকারক হিসেবে ট্রেড লাইসেন্স নবায়ন করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| | ঙ) রাজস্ব সার্কেল ০৪ ফাইল নং ১২ ট্রেড লাইসেন্স নং ১৫৭৯৯১ বাতিল করন প্রসঙ্গো। | সম্মানিত সংশ্লিষ্ট কাউন্সিলর এবং রাজস্ব বিভাগ কর্তৃক সরেজমিনে তদন্ত পূর্বক এর সত্যতা নিরুপন করে আলোচ্য বিষয়ের সাথে সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত ট্রেড লাইসেন্সটি বাতিলের বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ডিসেম্বর ২০২৩ | ক) দেওয়ানহাট মহল্লার হোল্ডিং নং | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এ |

| | | |
|---|---|---|
| | ১৪১/১৫২ পৌরকর স্থগিত প্রসঙ্গো। | স্থাপনা পুনঃ নির্মাণ না হওয়া পর্যন্ত পৌরকর স্থগিত করা এবং পুনঃ নির্মাণের পর পৌরকর নির্ধারণ করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। পরবর্তীতে এ ধরনের প্রস্তাবনা উপস্থাপনের সময় সংশ্লিষ্ট স্থাপনার কাউন্সিলর সত্যায়িত ছবি সহ উপস্থাপন করতে হবে। |
| | খ) জামালখান মহল্লার হোল্ডিং নং নতুন ৯৪৪ এর ব্যাংক ঋণ সমন্বয় করে পৌরকর পুনঃ মূল্যায়ন প্রসঙ্গো। | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এর ঋণ সমন্বয়ে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রতিবেদন সংগ্রহ করণ পূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | গ) রহমতগঞ্জ মহল্লার হোল্ডিং নং৬০৬/১১৬২ পৌরকর স্থগিত প্রসঙ্গো। | সম্মানিত সংশ্লিষ্ট কাউন্সিলরের প্রত্যয়ন পত্র নেই বিধায় রহমতগঞ্জ মহল্লার হোল্ডিং নং৬০৬/১১৬২ পৌরকর স্থগিত করণের প্রস্তাব না মঞ্জুর করা হলো। |
| | ঘ) রাজস্ব সার্কেল ০৪ ফাইল নং ৪৮ ট্রেড লাইসেন্স নং ১২৮৬১১ বাতিল করণ প্রসংঙ্গো। | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত ট্রেড লাইসেন্সটি বাতিলের বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| এপ্রিল ২০২৪ | ক) বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) পৌরকর পুনঃনির্ধারন প্রসঙ্গো। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন ওয়ার্ডে অবস্থিত বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) এর স্থাপনার ২৩টি হোল্ডিং-এর পৌরকর মূল্যায়নের সাথে সমন্বয় পূর্বক ২০২০-২০২১ অর্থ বছরের ২য় কোয়ার্টার হতে বার্ষিক পৌরকর ২০,০০,০০,০০০/-(বিশ কোটি) টাকা মাত্র। পুনঃনির্ধারন পূর্বক প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয়। |
| | খ) রাজস্ব সার্কেল-৪ ফাইল নং -১৬ এ ট্রেড লাইসেন্স নং-১৬১৪১০ বাতিল করণ প্রসঙ্গো। | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত ট্রেড লাইসেন্স বাতিল করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| | গ) রাজস্ব সার্কেল-৩ ফাইল নং-৫৪ এ রক্ষিত ট্রেড লাইসেন্স নং ঞজঅউ/ঈঐওঞঞএ/০০১৬১৭/২০২২ ব্যবসার ধরন বিয়োজন ও অতিরিক্ত | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত ট্রেড লাইসেন্সে ব্যবসার ধরন সংশোধন করে সরবরাহকারী হিসেবে ট্রেড লাইসেন্স নবায়ন করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | |
|---|---|---|
| | সাইন বোর্ড ফি বাতিল প্রসঙ্গো। | |
| | ঘ) ষোলকবহর মহল্লার হোল্ডিং নং ৯/ই/১৪ এর পৌরকর স্থগিত প্রসঙ্গো (মুক্তিযোদ্ধা)। | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এর পৌরকর নির্ধারণ করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| | ঙ) ষোলকবহর মহল্লার হোল্ডিং নং ৭৩০/৫০৭ এর ২০০৯-১০ অর্থবছরের ৩য় কোয়াটার হতে ২০১৬-১৭ অর্থবছরের ৪র্থ কোয়াটার পৌরকর মওকুফ প্রসঙ্গো। | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এর ঋণ সমন্বয়ে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রতিবেদন সংগ্রহ করণ পূর্বক পৌরকর নির্ধারণ করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়। |
| | চ) জামালখান মহল্লার হোল্ডিং নং- ৯৭৩/১৯ এর ঋণ সমন্বয় প্রসঙ্গো। | সংশ্লিষ্ট আইন/ বিধি/ নীতিমালা অনুযায়ী উক্ত হোল্ডিং এর ঋণ সমন্বয়ে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রতিবেদন সংগ্রহ করণ পূর্বক পৌরকর নির্ধারণ করার বিষয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| জুন ২০২৪ | ক) চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২৪-২০২৫ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রসংঙ্গো। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্য কর্তৃক বাজেটের খাত ভিত্তিক আয় ও ব্যয় বিবরণী খাত ওযারী পর্যালোচনা পূর্বক কর্পোরেশনের উন্নয়ন কাজ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাস করার পরামর্শ প্রদান করেন এবং সর্বসম্মতিক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের ১০০১,৩৬, ৪৫,০০০ (এক হাজার এক কোটি ছয়ত্রিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকার সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থবছরের ২৪৬৩,৯৬,০০,০০০ (দুই হাজার চার শত তেষট্টি কোটি ছিয়ানব্বই লক্ষ) টাকার প্রস্তাবিত বাজেট অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। |
| | খ) গত সভার কার্যবিবরণী অবহিত করণ প্রসঙ্গো। | গত ০৬-০৬-২০২১ইং তারিখে অনুষ্ঠিত অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী অবহিত করা হয়। |

**(২) বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি**

**বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সদস্যবৃন্দ**

| ক্রমিক | পদবী | নাম |
|---|---|---|
| ০১ | পদাধিকারবলে সদস্য (মেয়র) | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী |
| ০২ | সভাপতি | জনাব মোঃ মোবারক আলী |
| ০৩ | সদস্য | জনাব বাবু শৈবাল দাশ সুমন |
| ০৪ | সদস্য | জনাব হাজী নুরুল হক |
| ০৫ | সদস্য | জনাব মোঃ মোরশেদ আলম |
| ০৬ | সদস্য | জনাব আবদুল বারেক |
| ০৭ | সদস্য | জনাব মোহাম্মদ কাজী নুরুল আমিন |
| ০৮ | সদস্য | জনাব মোঃ এসরারুল হক |
| ০৯ | সদস্য | জনাব শাহানুর বেগম (সংরক্ষিত - ১৪) |
| ১০ | পদাধিকারবলে সদস্য সচিব | জনাব কমান্ডার লতিফুল হক কাজমী, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা |

<u>বর্জ্য ব্যবস্থাপনাস্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ</u>

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| আগস্ট ২০২৩ | ক) সাম্প্রতিক অতিবর্ষণে সৃষ্ট মারাত্মক জলাবদ্ধতা নিরসনকল্পে জরুরি ভিত্তিতে নগরীর ভরাটকৃত নালা-নর্দমাসমূহে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে দ্রুত মাটি ও আবর্জনা উত্তোলন প্রসঙ্গে। | সাম্প্রতিক অতিবর্ষণে সৃষ্ট মারাত্মক জলাবদ্ধতা নিরসনকল্পে বর্ষা মৌসুমে জরুরি ভিত্তিতে নগরীর ভরাটকৃত নালা-নর্দমাসমূহের আবর্জনা ও মাটি উত্তোলনের জন্য নিজস্ব শ্রমিক ও দৈনিক ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক নিয়োগ করে ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৭, ১৮, ১৯, ২৪, ২৬, ২৭, ৩৪, ৩৫, ৩৮নং ওয়ার্ডসমূহে তিন ধাপে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে দ্রুত মাটি ও আবর্জনা উত্তোলন করার জন্য জোর সুপারিশ করা হয়। |

| | | |
|---|---|---|
| | খ) ডেঙ্গু সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে প্রচার প্রচারণার ব্যাপারে আলোচনা করা হয়। | ডেঙ্গু সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি, স্থানীয় ক্যাবল টিভিতে প্রচারণা করার সুপারিশ করা হয়। এছাড়াও মসজিদের ইমাম, মন্দিরের পুরোহিতদের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির উপর জোর দেয়া হয়। |
| | গ) মোবাইল কোর্টের মাধ্যমে ডেঙ্গু বিরোধী অভিযান পরিচালনা নিয়ে আলোচনা করা হয়। | মোবাইল কোর্টের মাধ্যমে ডেঙ্গু বিরোধী অভিযান পরিচালনা, নির্মাণাধীন ভবন ও ছাদবাগানের মালিকদের বাধ্যতামূলক স্প্রে/ফগিং করার জন্য নির্দেশনা এবং নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে জরিমানা করার সুপারিশ করা হয়। |
| সেপ্টেম্বর ২০২৩ | ক) নালা-নর্দমা হতে মাটি/ আবর্জনা উত্তোলন সংক্রান্ত তথ্য ভিডিও ও স্থিরচিত্রসহ প্রতিবেদন প্রসঙ্গে। | প্রকৌশল বিভাগ এর মাধ্যমে নালা-নর্দমা হতে মাটি/ আবর্জনা উত্তোলন সংক্রান্ত তথ্য ভিডিও ও স্থিরচিত্রসহ প্রতিবেদন আগামী ৭ দিনের মধ্যে পরিচ্ছন্নতা বিভাগে প্রেরণের সুপারিশ করা হয়। |
| | খ) জিইসি মোড় এলাকার আকস্মিক জলজট সৃষ্টি সংক্রান্ত আলোচনা হয়। | উক্ত ঘটনায় জন-মনে ক্ষোভ সৃষ্টি হয়েছিল এর কারণ হিসেবে বক্স-কালভার্টটির নিচে মিড আইল্যান্ড বরাবর সেবা সংস্থার পাইপ লাইনে বর্জ্য আটকে যাওয়াই দায়ী বলে প্রতীয়মান হয়। উপর থেকে বর্জ্য না আসার ব্যাপারে সংশ্লিষ্ট ওয়ার্ড এর দায়িত্বপ্রাপ্ত জোন কর্মকর্তা ও সুপারভাইজারকে সতর্ক করার সিদ্ধান্ত হয়। দায়ী পাইপ লাইন স্থাপনকারী সংস্থাকে পত্র মারফত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয় । |
| | গ) খাল হতে মাটি উত্তোলনের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর বরাবরে চিঠি প্রেরণ প্রসঙ্গে আলোচনা হয়। | জলাবদ্ধতা নিরসন প্রকল্পের অধীন খাল হতে মাটি উত্তোলনের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর বরাবরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রকৌশল বিভাগে হতে পত্র প্রেরণের সুপারিশ করা হয়। |
| | ঘ) STSস্থাপন করা নিয়ে আলোচনা হয়। | মাননীয় মেয়র মহোদয়ের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৬ মাসের মধ্যে মূল ও শাখা সড়ক এর পাশে স্থাপিত খোলা আবর্জনাগার তুলে নিয়ে সুবিধামত জায়গা বাছাই করে প্রাপ্ত জায়গার আকারভিত্তিক STSস্থাপন করার জন্য প্রকৌশল বিভাগকে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। |
| ডিসেম্বর ২০২৩ | ক) রাত্রিকালীন বর্জ্য অপসারণ কাজ নিয়ে বিশদ আলোচনা হয়। | রাত্রিকালীন বর্জ্য অপসারণ কাজের জন্য পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে বিশেষ করে ডাম্পিং পয়েন্টগুলোতে ফ্লাডলাইটের ব্যবস্থা রাখতে হবে। প্রয়োজনে সেবকদের জন্য লাইটযুক্ত হেলমেটের ব্যবস্থা করতে এবং রাত্রিকালীন সময়ে কর্মরত শ্রমিকদের জন্য রেডিয়ামযুক্ত ইউনিফর্মের ব্যবস্থা করতে হবে। রাতে ভাসমান দোকানপাটগুলো যাতে গভীর রাত পর্যন্ত অবস্থান করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা |

| | | |
|---|---|---|
| | | বাহিনীর সাথে সমন্বয় করে পদক্ষেপ নিতে হবে। পূর্বের ন্যায় সারাদিন বর্জ্য ফেলার সংস্কৃতি বন্ধ করতে হবে। যেসকল স্থানে ময়লা-আবর্জনা বেশি পড়ে থাকে সেসকল স্থানে বর্জ্য অপসারণ কাজে নিয়োজিত কম্পেক্টরগুলো প্রয়োজন স্বাপেক্ষে দিনের বেলায়ও ব্যবহার করতে হবে। জোন কর্মকর্তাদের অধীনে যে টমটম গাড়িগুলো দেয়া হবে তা যেখানে ময়লা-আবর্জনা বেশি হবে সেখানেই ব্যবহার করতে হবে। ওয়ার্ডে স্থাপিত কনটেইনারগুলো মেরামত করতে হবে, যেখানের কনটেইনারগুলো ব্যবহার অযোগ্য হয়ে পড়েছে সেখানে নতুন কনটেইনার বসাতে হবে। সুইপিং কাজে নিয়োজিত যেসকল মহিলা সেবকদের সমস্যা হবে তাদেরকে রাত্রিকালীন সময়ের পরিবর্তে দিনের বেলায় নিয়োজিত করা হবে এবং সেবকদের উপস্থিতি বাড়ানোর জন্য শিফটিং ডিউটি রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। |
| | খ) মশক নিধন কার্যক্রম | শীতকালে মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকায় চলমান মশক নিধন কার্যক্রম অব্যাহত রাখতে প্রতিটি ওয়ার্ডের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত পরিমাণ কীটনাশক দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | গ) নালা হতে মাটি উত্তোলন প্রসঙ্গে আলোচনা | ৪১টি ওয়ার্ডে শুষ্ককালীন মৌসুমে নালা হতে মাটি উত্তোলনের জন্য যে বরাদ্দ রাখা হয়েছে তা পর্যাপ্ত না হলেও সে বরাদ্দ দিয়ে সমীক্ষার মাধ্যমে যে সকল ওয়ার্ডগুলো নিম্নাঞ্চলে অবস্থান করছে এবং জলাবদ্ধতাপ্রবণ সেখানের খাল নালা হতে মাটি উত্তোলনের ব্যাপারে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সাথে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| মার্চ ২০২৪ | মশক নিধন স্প্রে-ম্যান ও নর্দমা শ্রমিক ও অন্যান্য শূন্য পদে নিয়োগ প্রসংগে। | ১। ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ শাখায় ১৯৮৮ সালের সাংগঠনিক কাঠামো অনুযায়ী কীট সংগ্রহকারী, মশক নিধন ও নর্দমা কর্মীর শূন্যপদ রয়েছে সেগুলো নিয়োগের উদ্যোগ গ্রহণ করা;<br><br>মশক নিয়ন্ত্রণ অধিদপ্তরকে বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে অতিরিক্ত মশক কর্মীর চাহিদা জানিয়ে চিঠি প্রেরণ করা, প্রয়োজনে আউটসোর্সিং কোম্পানীর সাথে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে মশক নিধন ও নর্দমা শ্রমিক নিয়োগ করার উদ্যোগ গ্রহণ করা। |
| | মশক নিধনের ঔষধ ক্রয় এবং ছিটানোর পরিকল্পনা সংক্রান্ত। | Riçwiভাবে মশার ঔষধ এডালটিসাইড, লার্ভিসাইড, কালোতেল, মসকুবান ও ন্যাপথা ক্রয়পূর্বক ছিটানোর জন্য ৪১টি ওয়ার্ডে বরাদ্দ দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে ব্যাপক মশার উৎপাত বৃদ্ধি পেয়েছে। সামনে এডিস মশার প্রকোপ দেখা দিতে পারে। তাই জরুরী ভিত্তিতে মশার ঔষধ এডালটিসাইড, লার্ভিসাইড, কালোতেল, মসকুবান ও ন্যাপথা ক্রয়পূর্বক ছিটানোর সুপারিশ করা হয়।এছাড়াও নগরীর ডোবা জলাশয়ে জন্মানো আগাছা ও কচুরীপানা ধ্বংসের লক্ষ্যে ''উইডিসাইড'' ক্রয়ের সুপারিশ করা হয়। |

| | | |
|---|---|---|
| | আসন্ন পবিত্র শবে-কদর ও ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষে সরকারী বন্ধের সময়ে স্ব-স্ব ওয়ার্ডে কেন্দ্রীয় ঈদ জামাত এলাকাসহ অন্যান্য সকল ঈদ জামাত/ মসজিদ/ মাদ্রাসা/ মাজারসহ এর আশ-পাশের এলাকা যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন, মশার ঔষধ স্প্রেসহ দূষণমুক্ত পরিবেশ বজায় রাখা প্রসঙ্গে। | আসন্ন পবিত্র শবে-কদর ও ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষে সরকারী বন্ধের সময়ে স্ব-স্ব ওয়ার্ডে কেন্দ্রীয় ঈদ জামাত এলাকাসহ অন্যান্য সকল ঈদ জামাত/ মসজিদ/ মাদ্রাসা/ মাজারসহ এর আশপাশের এলাকা যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন ও দূষণমুক্ত পরিবেশ বজায় রাখার লক্ষ্যে পরিচ্ছন্নতা বিভাগের সকল তদারককারী কর্মকর্তা-কর্মচারীকে নির্দেশ দেয়া, এ উপলক্ষে ওয়ার্ডের সকল অস্থায়ী শ্রমিক ছাড়াও প্রয়োজনে স্থায়ী শ্রমিকদ্বারা কাজ সম্পাদন করতে হবে এবং ঐ সকল স্থায়ী শ্রমিকদেরকে পরবর্তীতে পর্যায়ক্রমে দৈনিক অনধিক ০১ জন করে ছুটি দেয়া, ডোর টু ডোর বর্জ্য সংগ্রহ কার্যক্রম যথানিয়মে অব্যাহত রাখা এবং স্ব-স্ব ওয়ার্ডে মশক নিধন কার্যক্রম অবশ্যই অব্যাহত রাখার সুপারিশ করা হয়। |
| | নতুন STSনির্মাণের স্থান নির্ধারণ করা প্রসঙ্গে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল ওয়ার্ডে ন্যূনতম একটি করে STS (Secondary Transfer Station) নির্মাণ করার লক্ষ্যে বর্তমানে নগরীর যে সকল ওয়ার্ডে STSনাই সে সকল ওয়ার্ডে একটি করে STSনির্মাণ করা হবে। তারই ধারাবাহিকতায় স্ব স্ব জোনের পরিচ্ছন্ন কর্মকর্তাগণ জোনের অধিনে ওয়ার্ডসমূহে STSনির্মাণের জন্য সংশ্লিষ্ট কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর এর সাথে পরামর্শক্রমে ওয়ার্ডের সুবিধাজনক স্থান নির্ধারণ করে তালিকা প্রেরণের সুপারিশ করা হয়। |
| মে ২০২৪ | ক) বর্জ্য অপসারণ প্রসঙ্গে | ওয়ার্ডের অলি-গলি হতে টমটম গাড়িগুলোর মাধ্যমে কোরবানিপশু জবাই পূর্ববর্তী সৃষ্ট খড়খুটো ও অন্যান্য বর্জ্য এবং বর্তমানে মধুমাসের বাড়তি বর্জ্য কোরবানির আগেই দ্রুত অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। |
| | খ) পশুর হাটে বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হয়। | পশুর হাটে মাইকদ্বারা ঘোষনাপূর্বক কোরবানির বর্জ্যসমূহ অপসারণ ও নির্দিষ্টস্থানে ফেলার জন্য এবং আরবান ভলেন্টিয়ার, রেড ক্রিসেন্ট সদস্যদেরদ্বারা সচেতনতামূলক ঘোষণা, PVCব্যানার বিতরণ ও টাঙ্গানো, লিফলেট বিতরণ, তথ্যচিত্র ধারণসহ বাজার ইজারাদারদেরকে এ বিষয়ে নিদের্শনা প্রদানের সুপারিশ করা হয়। |
| | গ) কোরবানির বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় গাড়ি | কোরবানির বর্জ্য অপসারণের জন্য ২০৫টি গাড়ি প্রস্তুত রাখা হবে, তন্মধ্যে সিটি কর্পোরেশনের নিজস্ব গাড়ি৯৫টি অবশিষ্ট ১১০টি গাড়ি ভাড়ায় নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। নষ্ট বা পুরাতন টমটমগুলো দ্রুত মেরামতপূর্বক ব্যবহার উপযোগী করতে হবে। কোরবানের সময় গাড়ি ও যন্ত্রপাতি সরবরাহের সার্বিক বিষয় তত্ত্বাবধান করার জন্য ২১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব শৈবাল দাশ সুমনকে অনুরোধ করা হয়। |

| | | |
|---|---|---|
| | ঘ) জলাবদ্ধতা নিরসন প্রসঙ্গে আলোজনা | বৃষ্টির সময় যেসকল পয়েন্টগুলোতে পানি আটকে জলাবদ্ধতার সৃষ্টি হয় সেসকল পয়েন্টগুলোকে চিহ্নিত করে দ্রুত পানি অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট পরিচ্ছন্ন কর্মকর্তা/তত্ত্বাবধায়ক/সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করা হয়। |
| | ঙ) কোরবানির ঈদে অতিরিক্ত দায়িত্ব পালনের পারিশ্রমিক নিয়ে আলোচনা হয়। | (ক) গতবছরের ন্যায় এবছরও পরিচ্ছন্নতা বিভাগে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদেরকে কাজে উৎসাহিত করতে ভাতা হিসেবে প্রতিজন কর্মকর্তা যথাক্রমে; দৈনিক ২,০০০/-টাকা হিসাবে ৯জন কর্মকর্তার ২দিনে (৯ X২ X২,০০০)= ৩৬,০০০/-টাকা, দৈনিক ১,৮০০/-টাকা হিসাবে ১০জন পরিচ্ছন্ন তত্ত্বাবধায়কের ২দিনে (১০ X২X ১,৮০০) = ৩৬,০০০/-টাকা এবং দৈনিক ১,৬০০/-টাকা হিসাবে ১০৩ জন কর্মচারীর ২দিনের (১০৩ X২ X১,৬০০) = ৩,২৯,৬০০/-টাকাসহ মোট (৩৬,০০০ + ৩৬,০০০ + ৩,২৯,৬০০) = ৪,০১,৬০০/-টাকা,<br><br>(খ) ওয়ার্ডে স্থায়ী, অস্থায়ী ও ডোর টু ডোর (দীর্ঘদিন অনুপস্থিত শ্রমিক বাদে) মোট ৩,৩২২ জন শ্রমিককে অতিরিক্ত জনপ্রতি ৪৫২/-টাকা হিসাবে মোট ০২ (দুই) দিনের (৩,৩২২ X২ X ৪৫২) = ৩০,০৩,০৮৮/-টাকা,<br><br>(গ) প্রতি ট্রিপ ৪০০/-টাকা হিসাবে আবর্জনাবাহী গাড়ির অতিরিক্ত ৩০০ (তিনশত) ট্রিপ বাবদ (৪০০ X ৩০০) = ১,২০,০০০/- টাকাসহ সর্বমোট (৪,০১,৬০০ + ৩০,০৩,০৮৮ + ১,২০,০০০) = ৩৫,২৪,৬৮৮/-) [পঁয়ত্রিশ লক্ষ চব্বিশ হাজার ছয়শত আটাশি] টাকা অগ্রিম প্রদানের সুপারিশ করা হয়।<br><br>(খ) এছাড়াও কোরবানির সময় শহরের অধিকাংশ হোটেল-রেঁস্তোরা বন্ধ থাকে বিধায় ঈদের দিন ৪,৭০০ জন ও পরের দিন ৪,৫০০ জন কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের (প্রতিটি আবর্জনাবাহী গাড়ির চালক হেলপার ও আউসসোর্সিং শ্রমিক সহ) মধ্যাহ্ন ভোজের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জনপ্রতি একদিন একবেলা (আনুমানিক) ১৮০/-টাকা (পানিসহ) হিসেবে ২ দিনের ২ বেলা দুপুরের খানা খরচ বাবদ (৪,৭০০ + ৪,৫০০ X১৮০) = ১৬,৫৬,০০০/- (ষোল লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা পরবর্তীতে সমন্বয় সাপেক্ষে অগ্রিম প্রদানের জন্য সভায় সুপারিশ করা হয়। রান্নাকৃত খাবার সরবরাহের ব্যবস্থাপনার জন্য ০৮নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোরশেদ আলমকে দায়িত্ব প্রদান করা হয়। |
| | চ) ডেঙ্গু ও চিকনগুনিয়া প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি নিয়ে আলোচনা হয়। | আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গু ও চিকনগুনিয়া প্রতিরোধে পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা, মাইকিং ও লিফলেট বিতরণ করা ও জনসচেতনতার জন্য ক্যাম্পেইন করা। |

**(৩) শিক্ষা স্থায়ী কমিটি**

**শিক্ষাস্থায়ী কমিটির সদস্যবৃন্দ**

| **ক্রমিক** | **পদবী** | **নাম** |
|---|---|---|
| ০১ | পদাধিকারবলে সদস্য (মেয়র) | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী |
| ০২ | সভাপতি | জনাব নিছার উদ্দিন আহমেদ মঞ্জু |
| ০৩ | সদস্য | জনাব নাজমুল হক (ডিউক) |
| ০৪ | সদস্য | জনাব মোহাম্মদ শহিদুল আলম |
| ০৫ | সদস্য | জনাব জিয়াউল হক সুমন |
| ০৬ | সদস্য | জনাব মোহাম্মদ আবদুল মান্নান |
| ০৭ | সদস্য | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল |
| ০৮ | সদস্য | জনাব হুরে আরা বেগম (সংরক্ষিত-১০) |
| ০৯ | সদস্য | জনাব লুৎফুন্নেছা দোভাষ বেবী (সংরক্ষিত - ১৩) |
| ১০ | পদাধিকারবলে সদস্য সচিব | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা |

শিক্ষাস্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ডিসেম্বর ২০২৩ | **২০২৪ শিক্ষাবর্ষে বই বিতরণ উৎসব সংক্রান্ত আলোচনাঃ-**<br><br>আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিগত বৎসরের ন্যায় আগামী ০১/০১/২০২৪ খ্রি. তারিখ সোমবার চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজের মাঠে উৎসব মুখর পরিবেশে কর্পোরেশন পরিচালিত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতিতে ২০২৪ | কমপক্ষে ৮০০ ছাত্র-ছাত্রীর উপস্থিতি নিশ্চিত করে আড়ম্বরপূর্ণভাবে বই উৎসব উদযাপনের প্রস্তাব করা হয়। |

| | | |
|---|---|---|
| | শিক্ষাবর্ষের বই বিতরণ উৎসব উদযাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| | **চসিক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান এবং নিয়ন্ত্রণহীন ভাবে শিক্ষার্থী ভর্তি নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনাঃ-**<br><br>আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অত্র কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষার মান বৃদ্ধির বিষয়ে বিভিন্ন প্রকার পদক্ষেপ তথা নিয়মিত পরিদর্শন, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ শিক্ষকদের মধ্যে জবাবদিহিতা নিশ্চিতকরণ, শিক্ষার্থীদের পাঠদানসহ নৈতিক শিক্ষায় উন্নতির বিষয়ে অগ্রগতির ঘাটতি নির্ধারণ, পড়ালেখার পাশাপাশি সৃজনশীল মনোভাব বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকদের মধ্যে আন্তরিকতা অনুধাবন সর্বোপরি শিক্ষকদের পাঠদানে অধিকতর উন্নতি সাধনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির বিষয়ে গুরুত্বারোপের মাধ্যমে কার্যক্রম গ্রহণ নিয়ে আলোচনা করা হয়। | শিক্ষকদের প্রশিক্ষণ ও মানসম্পন্ন শিক্ষক নিয়োগে কর্মপরিকল্পনা গ্রহণের প্রস্তাব করা হয়। |
| | **বিবিধঃ-**অত্র কর্পোরেশন পরিচালিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন রবীন্দ্র নজরুল কিন্ডারগার্টেন ২০১০ সালে চালু করা হয় এবং কবির আহম্মদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়টি ২০১৫ সালে চালু করা হয়। কিন্তু উক্ত শিক্ষা প্রতিষ্ঠানদ্বয়ের শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার পরও শিক্ষার্থী ভর্তিতে তেমন অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় রবীন্দ্র নজরুল কিন্ডারগার্টেন প্রতিষ্ঠানটি একই ভবনে অবস্থিত পাথরঘাটা সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়ের সাথে সংযোজিত করে আগামীতে ৪র্থ ও ৫ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করার ও কবির আহম্মদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ না করে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান খোলার ব্যবস্থা গ্রহণে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদেরকে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে বদলী/ পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। | রবীন্দ্র নজরুল কিন্ডারগার্টেন এবং কবির আহমদ সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা আশঙ্কাজনকভাবে কমে যাওয়ায় সন্নিকটস্থ স্কুলগুলোতে ছাত্র ছাত্রীদের ভর্তি করিয়ে নিকটস্থ বিদ্যালয়ে শিক্ষকদের শূণ্য পদে বদলীর প্রস্তাব করা হয়। |
| জানুয়ারি ২০২৪ | **চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষক ও কর্মচারী নিয়োগ সংক্রান্ত আলোচনাঃ-**<br><br>আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি এবং শ্রেণি শাখা খোলার প্রয়োজনীয়তায় বিষয় ভিত্তিক শিক্ষক স্বল্পতার কারণে পাঠদানে জটিলতা নিরসনের লক্ষ্যে কর্পোরেশনের অর্থায়নে সর্বসাকুল্য বেতনে সহকারী শিক্ষক নিয়োগদানের বিজ্ঞপ্তি প্রকাশের ও এমপিও প্রাপ্তির আলোকে বেসরকারি শিক্ষা নীতিমালা ২০২৪ এর জনবল কাঠামোর ভিত্তিতে প্রাপ্যতা অনুযায়ী ৩য় | আগামী ফেব্রুয়ারী ২০২৪ মাসের মধ্যে উক্ত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| | ও ৪র্থ শ্রেণিতে কর্মচারী নিয়োগের বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য আলোচনা করা হয়। | |
| | **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও অমর একুশে বইমেলা-২০২৪ উদ্যাপন সংক্রান্ত আলোচনাঃ-**<br><br>আলোচ্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আগামী ০৯/০২/২০২৪ খ্রি. তারিখ হতে অমর একুশে বইমেলা-২০২৪ উদযাপনের লক্ষ্যে সিআরবি শিরিষ তলার স্থানটিকে গুরুত্ব দিয়ে অপরাগতায় সার্কিট হাউজ সংলগ্ন শিশু পার্কের উন্মুক্ত স্থানকে ভেন্যু হিসেবে ব্যবহারের আলোচনা করা হয়। | বইমেলার ভেন্যু নির্ধারণের বিষয়ে সিআরবি শিরিষ তলার স্থানটিকেগুরুত্ব দিয়ে সম্ভাব্য অপর ভেন্যুটি মাথায় রেখে আগানোর সিদ্ধান্ত হয়। ঐ সময়ে দায়িত্বরত তথ্য/সংস্কৃতি মন্ত্রী’র উপস্থিতিতে বইমেলার উদ্বোধন অনুষ্ঠান করার জন্য প্রস্তাব গৃহীত হয়। |

**(৪) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি**

**স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থাস্থায়ী কমিটির সদস্যবৃন্দ**

| ক্রমিক | পদবী | নাম |
|---|---|---|
| ০১ | পদাধিকারবলে সদস্য (মেয়র) | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী |
| ০২ | সভাপতি | জনাব জহুর লাল হাজারী |
| ০৩ | সদস্য | জনাব আবদুস সালাম মাসুম |
| ০৪ | সদস্য | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী |
| ০৫ | সদস্য | জনাব মোঃ নূরুল আলম |
| ০৬ | সদস্য | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন চৌধুরী |
| ০৭ | সদস্য | জনাব ছালেহ আহম্মদ চৌধূরী |
| ০৮ | সদস্য | জনাব মোঃ নুরুল আমিন |
| ০৯ | সদস্য | জনাব তছলিমা বেগম (নুরজাহান) (সংরক্ষিত - ৪) |

| | | |
|---|---|---|
| ১০ | পদাধিকারবলে সদস্য সচিব | জনাব ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) |

<u>স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থাস্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ</u>

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ডিসেম্বর ২০২৩ | ক) বিপিএ এর যৌথ উদ্যোগে চসিক জেনারেল হাসপাতালকে বিশেষায়িত শিশু স্বাস্থ্য হাসপাতালে রুপান্তর প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শেখ জহুরুল হায়দার চৌধুরী চসিক জেনারেল হাসপাতালকে বিপিএ এর যৌথ উদ্যোগে বিশেষায়িত শিশু স্বাস্থ্য হাসপাতালে রুপান্তর করলে নগরবাসী উপকৃত হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | খ) ডা: জাকির হোসেন সি/ক হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে বি এইচ এম এস কোর্স চালুকরণ প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে ডা: জাকির হোসেন সি/ক হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালে বি.এইচ.এম.এস কোর্স চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | গ) ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটস-এ বিএসসি ইন নার্সিং ডিগ্রী কোর্স চালুকরণ প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি এন্ড ম্যাটস এ বিএসসি ইন নার্সিং ডিগ্রী কোর্স চালুকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ফেব্রুয়ারি ২০২৪ | ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ঔষধ সরবরাহ প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে চসিক স্বাস্থ্য বিভাগের বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্র সমূহের চিকিৎসাসেবার জন্য ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য ঔষধ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | স্বাস্থ্য বিভাগের মাতৃসদন হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন পদে লোকবল নিয়োগ প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে স্বাস্থ্য বিভাগের মাতৃসদন হাসপাতাল ও অন্যান্য প্রতিষ্ঠানের জন্য বিশেষজ্ঞ চিকিৎসক, মেডিকেল অফিসার ও অন্যান্য পদে চাহিদার ভিত্তিতে লোকবল নিয়োগের সুপারিশ গৃহীত হয়। |
| | চসিক জেনারেল হাসপাতাল হস্তান্তর না করে মেয়র মহোদয়ের নির্দেশনায় চিকিৎসাসেবা কার্যক্রম গতিশীল করা প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে চসিক জেনারেল হাসপাতাল হস্তান্তর না করে মেয়র মহোদয়ের নির্দেশনায় চিকিৎসাসেবা কার্যক্রম গতিশীল করার বিষয়ে প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | এলজিইডি কর্তৃক স্বাস্থ্য বিভাগের জন্য বরাদ্দকৃত ৯৪ লক্ষ টাকার কর্মসূচী | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, এলজিইডি কর্তৃক স্বাস্থ্য বিভাগের জন্য বরাদ্দকৃত ৯৪ লক্ষ টাকা কোন কোন স্থাপনায় |

| | | |
|---|---|---|
| | প্রতিবেদন প্রসঙ্গে। | বরাদ্দ দেওয়া হয়েছে তার প্রতিবেদন পাওয়ার বিষয়ে আলোচনা হয়। |
| মে ২০২৪ | দাতব্য চিকিৎসালয়/ স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক বিশেষ করে মহিলা চিকিৎসকদের ০৬ মাস পর পর মাতৃসদন হাসপাতালে দায়িত্ব পালন প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে ০৬ মাস পর পর রোস্টার অনুযায়ী মহিলা চিকিৎসকগণ বিভিন্ন মাতৃসদন হাসপাতালে দায়িত্ব পালনের বিষয়ে সুপারিশ গৃহীত হয়। |
| | চসিক জেনারেল হাসপাতালকে ২৫ শয্যা বিশিষ্ট বিশেষায়িত শিশু হাসপাতালে রূপান্তর প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে স্বাস্থ্য বিভাগ পরিচালিত চসিক জেনারেল হাসপাতালকে ২৫ শয্যা বিশিষ্ট বিশেষায়িত শিশু হাসপাতালে রূপান্তরের জন্য কনসালটেন্ট (শিশু) ও অন্যান্য জনবল নিয়োগ, একটি ডিপ টিউবওয়েল স্থাপনের সুপারিশ গৃহীত হয়। |
| | স্বাস্থ্য বিভাগের ঝুঁকিপূর্ণ স্থাপনা সমুহ কোভিড-১৯ বাজেট হতে সংস্কার প্রসঙ্গে। | এতদ্বিষয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে স্বাস্থ্য বিভাগের ঝুঁকিপূর্ণ স্থাপনা সমুহ কোভিড-১৯ বাজেট হতে সংস্কারের বিষয়ে সুপারিশ গৃহীত হয়। |

**(৫) ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি**

**ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির সদস্যবৃন্দ**

| **ক্রমিক** | **পদবী** | **নাম** |
|---|---|---|
| ০১ | পদাধিকারবলে সদস্য (মেয়র) | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী |
| ০২ | সভাপতি | জনাব আতাউল্লা চৌধুরী |
| ০৩ | সদস্য | জনাব নুর মোস্তফা টিনু |
| ০৪ | সদস্য | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন |
| ০৫ | সদস্য | জনাব মোহাম্মদ জাবেদ |
| ০৬ | সদস্য | জনাব মোঃ জহুরুল আলম জসিম |
| ০৭ | সদস্য | জনাব গোলাম মোহাম্মদ চৌধুরী |
| ০৮ | সদস্য | জনাব পুলক খাস্তগীর |

| | | |
|---|---|---|
| ০৯ | সদস্য | জনাব আনজুমান আরা (সংরক্ষিত - ৫) |
| ১০ | পদাধিকারবলে সদস্য সচিব | জনাব মোহাম্মদ আশরাফুল আমিন, সচিব |

<u>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ</u>

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| আগস্ট ২০২৩ | সিজেকেএস ও সিডিএফ আয়োজিত প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগ ২০২৩-২৪ এর খেলায় চসিক একাদশ অংশগ্রহণের বিষয়ে আলোচনা। | সিজেকেএস ও সিডিএফ আয়োজিত প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগ ২০২৩-২৪ এর খেলায় চসিক একাদশ অংশগ্রহণের বিষয়ে সুপারিশ করা হয়। |
| | সিজেকেএস ও সিডিএফ আয়োজিত প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগ ২০২৩-২৪ এর খেলায় সিটি কর্পোরেশন একাদশ অংশ গ্রহনার্থে বাজেট বরাদ্দ দেওয়ার বিষয়ে আলোচনা। | সিজেকেএস ও সিডিএফ আয়োজিত প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগ ২০২৩-২৪ এর খেলায় সিটি কর্পোরেশন একাদশ অংশ গ্রহনার্থে বাজেট ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা কর্পোরেশন হতে বরাদ্দ পাওয়ার বিষয়ে সুপারিশ করা হয় এবং স্পন্সর খোঁজার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
